কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

www.ekarmakshetra.com

বর্ষ ৪০ সংখ্যা ১৪ কলকাতা বুধবার, ৩০ অক্টোবর ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ১২ কার্তিক ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80


পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারে ক্লার্ক
পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
১০ পাতায়

### কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারে

# কয়েকশো অফিসার, অ্যাসিস্ট্যান্ট ও ক্লার্ক

### কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১) নেওয়া হবে ২ থেকে ১১ মার্চ

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কয়েকশো গ্র্যাজুয়েট তরুণ-তরুণী নেওয়া হবে। অফিসার, অ্যাসিস্ট্যান্ট, আপার ডিভিশন ক্লার্ক-সহ বিবিধ পদে নিয়োগ হবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০১৯'-এর মাধ্যমে। চারটি পর্যায়ে প্রার্থী বাছাই পরীক্ষা হবে— কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১ ও টিয়ার-২), খাতায়-কলমে (টিয়ার-৩) এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট/স্কিল টেস্ট (টিয়ার-৪)। কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১) নেওয়া হবে ২ মার্চ থেকে ১১ মার্চ। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'র ২৩ অক্টোবর সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত আগাম তথ্য জানানো হয়েছিল। এবার খুঁটিনাটি তথ্য-সহ বিশদ খবর।

নিয়োগ হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ, অফিস ও ক্যাডারে এইসব গ্রুপ 'বি' ও 'সি' পদে (বন্ধনীতে দপ্তর): গ্রুপ 'বি'— অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (ইন্টেলিজেন্স ব্যুরো), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি

এরপর ষোলোর পাতায়

# ইন্ডিয়ান অয়েলে ৭৮৯

## টেকনিশিয়ান ও ট্রেড অ্যাপ্রেন্টিস

৭৮৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১/১৯৭৩ (সংশোধিত) অনুসারে এক থেকে দু'বছরের ট্রেনিং দেওয়া হবে ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখা এবং আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে সংস্থার হলদিয়া, পারাদীপ, মথুরা-সহ নয়টি রিফাইনারিতে। হলদিয়া রিফাইনারির ক্ষেত্রে পশ্চিমবঙ্গের সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা সংরক্ষণের সুবিধা পেলেও অন্যান্য রাজ্যের রিফাইনারিতে আবেদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট আসনের জন্যই আবেদন জানাতে পারবেন।

সেহেতু এখানে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে শূন্য আসনের বিস্তারিত বিন্যাস এবং অন্যান্য রাজ্যের ক্ষেত্রে কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্য আসনের কথাই জানানো হল। প্রশিক্ষণ

এরপর সাতের পাতায়

# চণ্ডীগড়ে

## নার্সিং অফিসার

৭৮ জন নার্সিং অফিসার নিয়োগ করা হবে চণ্ডীগড় পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ (পি জি আই এম ই আর)-এ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PGI/RC/011/2019/4536.

শূন্যপদের বিন্যাস: পোস্ট কোড NUR/001: সাধারণ ৪৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৮, আর্থিকভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি এসসি (অনার্স) নার্সিং বা বি এসসি নার্সিং বা পোস্ট বেসিক বি এসসি নার্সিং অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা কোর্স করে থাকতে হবে। সেই সঙ্গে স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে অন্তত ৫০ শয্যাবিশিষ্ট কোনও হাসপাতালে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

বয়স: ২২-১১-২০১৯ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

এরপর সাতের পাতায়

# সেন্ট্রাল কোলফিল্ডসে জুনিয়র ওভারম্যান

৭৫ জন জুনিয়র ওভারম্যান নেবে সেন্ট্রাল কোলফিল্ডস। প্রথমে ১ বছরের ট্রেনিং। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ হবে জুনিয়র ওভারম্যান পদে। মহিলা এবং দৈহিক প্রতিবন্ধীরা আবেদন করবেন না। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CCL/Recruitment/Adv-Stat./092019/01.

মোট শূন্যপদ: ৭৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৫৫, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস সেফটি কর্তৃক স্বীকৃত বৈধ ওভারম্যানস কম্পিটেন্সি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট ও ফার্স্ট এইড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। বয়স: ১০-১১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সি-রা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। মূল বেতন: প্রতি মাসে ৩১,৮৫২.৫৬ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগসুবিধা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষার প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। পরীক্ষাকেন্দ্র রাঁচিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.centralcoalfields.in আবেদনের শেষ তারিখ ১০ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শুরুতেই রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো স্ক্যান করে আপলোড করতে হবে। দরখাস্ত সাবমিটের পর একটি অ্যাপ্লিকেশন আই

এরপর সাতের পাতায়

### পশ্চিমবঙ্গ ও ওড়িশা থেকে র‍্যালির মাধ্যমে

# এয়ারফোর্সে এয়ারম্যান

### ভুবনেশ্বরে র‍্যালি ১২ থেকে ১৪ নভেম্বর

র‍্যালির মাধ্যমে পশ্চিমবঙ্গ ও ওড়িশা থেকে বেশ কিছু এয়ারম্যান নিয়োগ করবে ভারতীয় বিমানবাহিনী। র‍্যালি আয়োজিত হবে ভুবনেশ্বরের কলিঙ্গ স্টুডিও চকে। নিয়োগ হবে 'এক্স' গ্রুপের এডুকেশন ইনস্ট্রাক্টর ট্রেডে। র‍্যালি চলবে ১২ থেকে ১৪ নভেম্বর পর্যন্ত।

র‍্যালিতে অংশগ্রহণ করতে হলে প্রার্থীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং এ রাজ্যে অবস্থিত কোনও প্রতিষ্ঠান থেকে যোগ্যতা নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকতে হবে। পশ্চিমবঙ্গ বা ওড়িশায় এয়ারফোর্সে কর্মরত পার্সোনেলদের সন্তান এবং অবসরপ্রাপ্ত পার্সোনেল যাঁরা বর্তমানে পশ্চিমবঙ্গ বা ওড়িশায় বসবাস করছেন তাঁদের সন্তানরাও র‍্যালিতে অংশগ্রহণ করতে পারেন। ট্রেনিং হবে ০২/২০২০ কোর্সে।

শিক্ষাগত যোগ্যতা: বি এ, স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা বি এসসি, স্নাতকে

এরপর সাতের পাতায়

# পাওয়ার গ্রিডে ফিল্ড ইঞ্জিনিয়ার

ইলেক্ট্রিক্যাল ও সিভিল শাখায় ২৮ জন ফিল্ড ইঞ্জিনিয়ার নেবে পাওয়ার গ্রিড কর্পোরেশন অব ইন্ডিয়া। চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NR-I/01/2019/FE.

শাখা অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রিক্যাল: শূন্যপদ ২২টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। সিভিল: শূন্যপদ ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। তফসিলি জাতি প্রার্থীদের পাশ নম্বর থাকলেই চলবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই।

বয়স: ৩১-১০-২০১৯ তারিখে ২৯ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ২০,০০০-১,২০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে ৭৫ নম্বরের

এরপর সাতের পাতায়

# রাজ্য সরকারে ২০০ ফার্মাসিস্ট

২০০ ফার্মাসিস্ট গ্রেড থ্রি/ফার্মাসিস্ট-কাম-সেলসম্যান গ্রেড থ্রি নিয়োগ করবে রাজ্য সরকারের শ্রম দপ্তর। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ২১/২০১৯। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন।

শূন্যপদের বিন্যাস: সাধারণ ৯৭, তফসিলি জাতি ৪৪, তফসিলি উপজাতি ১৩, ও বি সি-এ ১৯, ও বি সি-বি ১৩,

এরপর সাতের পাতায়


ফুরোবার আগেই সংগ্রহ করুন





# আর্মি নেভি এয়ারফোর্সে কয়েকশো অফিসার

আর্মি, নেভি ও এয়ারফোর্সে অফিসার র‍্যাঙ্কে চাকরির জন্য ট্রেনিং দিয়ে কয়েকশো তরুণ-তরুণী নেওয়া হবে। গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। মহিলারা কেবলমাত্র অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য আবেদন করতে পারেন। প্রথমে ট্রেনিং। সফল হলে চাকরি। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (১), ২০২০-এর মাধ্যমে। পরীক্ষা হবে ২ ফেব্রুয়ারি।

এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট ডিগ্রি। ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে থাকা চাই। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। শুধুমাত্র তরুণরা আবেদন করবেন। ২৫ বছরের কমবয়সি প্রার্থীদের অবশ্যই অবিবাহিত হতে হবে।

### কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস পরীক্ষা ২ ফেব্রুয়ারি

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি ও অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমির জন্য কেবলমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে শর্ট সার্ভিস কমিশন কোর্সটির জন্য অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। শর্ট সার্ভিস কমিশন উইমেন (নন-টেকনিক্যাল) কোর্সটির জন্য অবিবাহিত মেয়েরা, বিধবা ও বিবাহবিচ্ছিন্নারা সন্তানহীনা হলে এবং আবার বিবাহ না করে থাকলে আবেদন করতে পারেন।

ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। শুধুমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন।

দৈহিক মাপজোক: ছেলেদের ক্ষেত্রে: আর্মির জন্য উচ্চতা অন্তত ১৫৭.৫ সেমি, নেভির ক্ষেত্রে ১৫৭ সেমি ও এয়ারফোর্সের ক্ষেত্রে ১৬২.৫ সেমি। মহিলাদের ক্ষেত্রে: অন্তত ১৫২ সেমি। উভয় ক্ষেত্রেই গোর্খা ও পার্বত্য এলাকার প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। উচ্চতা ও বয়সের অনুপাতে ওজন থাকতে হবে। এছাড়া সুগঠিত ও অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা-সহ বুকের ছাতি থাকতে হবে (মহিলাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)। এয়ারফোর্সের ক্ষেত্রে পায়ের মাপ দরকার লম্বায় ৯৯-১২০ সেমি, থাই লম্বায় সর্বোচ্চ ৬৪ সেমি ও বসে থাকা অবস্থায় উচ্চতা ৮১.৫-৯৬ সেমি। আর্মি ও নেভির ক্ষেত্রে কোনও কড়াকড়ি নেই।

দৃষ্টিশক্তি: আর্মির ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬, চশমা থাকলে ভালো চোখে ৬/৬, খারাপ

এরপর ষোলোর পাতায়

The Education House

কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ১৪ □ ৩০ অক্টোবর ২০১৯

ই-মেল ঠিকানা
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

SBI / HDFC / YES BANK ও MNC Co.-তে স্মার্ট বাংলাভাষী (18-36) M/F সরাসরি নিয়োগ। বেতন: 11,537/- – 36,850/- (PF + INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

Direct কোম্পানিতে ন্যূনতম H.S পাশ (18-30) 17 জন কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8K-10K, Itech, ডানলপ, Kol-108. M: 83368-25980.

□

SBI/Vodafone কাস্টঃ কেয়ারে বাংলা কথা বলার জন্য M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. 96744-97493.

□

### Teacher চাই

কামাল হোসেনের চাকরির পরীক্ষার কলেজ স্ট্রিট-এর ইনস্টিটিউট-এ পার্ট টাইম পড়ানোর জন্য ইংরেজি, বিজ্ঞান, জেনারেল ইন্টেলিজেন্স, শিক্ষা বিজ্ঞান-এর অভিজ্ঞরা সরাসরি আসুন 4 নভেম্বর 12 টায়। ক্লাসপিছু 700/-, কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

□

### স্টার হোটেলে চাকরি

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

### পুজোয় স্পেশ্যাল ভ্যাকান্সি

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে ও Pvt. ব্যাঙ্ক (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 16,400/- – 47,300/-. যোগাযোগ: D. L. C, S. Rd. Kol-110. M: 95638-41366.

□

### বিনা ডোনেশনে Airport মেট্রো, স্থায়ী জব R/L: 0352

স্ট্যাম্প পেপারে লিখিত-সহ এয়ারপোর্ট ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে 172 জন নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,400/- – 48,300/-. বয়স: 18-35. A. J., G. P. Kol-1. M: 74309-99656.

□

## কর্মখালি

### আর্জেন্ট ভ্যাকান্সি

যোগ্যতানুযায়ী নিজ জেলায় বিভিন্ন MNC, NC, Pvt. Ltd Co.-তে S.V, এছাড়া Bank (DSA) D. E, CCTV Monitoring, Hotel Recp, Hospital Recp, নার্স, ওয়ার্ডবয় ও অন্যান্য অফিসিয়াল পদে ডোনেশন ছাড়া সরাসরি কর্মী চাই। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (13,700/- – 29,500), এজেন্ট স্বাগত। A. E, G. T. Rd, Pin: 712 203. M: 84206-52473.

□

Pvt. ব্যাঙ্কে চাকরি, ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস PF + ESI (MP-MA) হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 বনগাঁ ও বিরাটী: 84208-88113 দমদম ও গড়িয়া: 86976-16060. N. C.

□

Naptol / Amazon কাস্টঃ কেয়ারে বাংলাভাষী M/F নিয়োগ চলছে। যোগ্যতা: MP-HS. বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. 70440-49492.

### সরাসরি জয়েনিং ৭ দিনে Pvt. Bank ও এয়ারপোর্টে

৮ম থেকে স্নাতক মহিলা ও পুরুষ চাই। শূন্যপদ: ১৮৬ জন L. No-X25A49. বেতন: ১৬,২০০/- – ৩৮,৭০০/-, প্রতিটি জেলায় Pvt. Bank ও মেট্রো। Airport-এ কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ। পদ: Peon, ক্লার্ক, Office বয়, ট্রলিবয়, SV, চেকিং, Token বয়। ESI, PF-সহ থাকা খাওয়া ফ্রি। ND, Nimta, Kol-49. 81018-07883.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

সরকারি নিয়ম অনুযায়ী বিনা ডোনেশনে Airport-এ কন্ট্রাক্টরের অধীনে 74 জন M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম / স্নাতক, বেতন: 16,300/- – 45,600/-. S. R. C Pvt. Ltd., G. P. N, Kol-1. M: 75518-35027.

□

### পুজোয় আর্জেন্ট ভ্যাকান্সি M: 7431000622

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও Pvt ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 74 জন M/F কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 14,600/- – 42,300/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রীতে। S. C. Pvt. Ltd., C.I.T Rd, Kol-54.

□

### সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank

বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www.gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

## কর্মখালি

### VODA, JIO 4G ও NAPTOL

বাংলা ও হিন্দি ভাষা কাস্টঃ কেয়ারে MP-Graduate (18-35) অভিজ্ঞ/অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 73658-34373 গড়িয়া: 90020-33880. IIFA, Kol-28.

□

Jio / SBI কাস্টমার কেয়ারে বাংলা কথা বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক – উচ্চমাধ্যমিক। বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. S. Salt Lake, Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ দঃ 24 পরগনা: 70440-49492.

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), থাকা, খাওয়ার ব্যবস্থা আছে। (M): 89728-69872, M.J.S, Kol-9.

□

### মহিলা ও পুরুষ নিয়োগ Airport মেট্রো, BANK (DSA)

তে সরাসরি নামসই থেকে স্নাতক নিয়োগ হবে। GST নং-19AAA543347J কন্ট্রাক্টরের অধীনে L-চেকিং, SV, ট্রলিবয়, Tag বয়, লোডার ও Pvt Bank-এর বিভিন্ন পদে সুযোগ। Ex-Army আবেদনযোগ্য। ESI ও PF-এর সুবিধা। বেতন: 17,200/- – 38,500/-. N. D, টালিগঞ্জ, কলি-৪০। (M): 62959-83084.

□

নামী চাকরির পরীক্ষার কোচিং সেন্টারে মহিলা রিসেপশনিস্ট চাই। বারাসাত অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন, পাইওনীয়ার পার্ক, উঃ ২৪ পরগনা। বায়োডাটা Whatsapp করুন: 94325-44262.

## স্কুল-কলেজ শিক্ষা

Math, G.I, G.K Guide বেলঘরিয়া মধ্যমগ্রাম-এ চাকরির পরীক্ষার সেরা গাইড। PSC, SSC, রেল, ব্যাঙ্ক, CGL. মাসে ৫০০/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

### GNM/ B.Sc নার্সিং এখন কলকাতায়

শেষ 14টি আসন খালি। INC অনুমোদিত কলেজ, ফ্রী নোটস, Job Assistance, IASBM, দমদম: 90733-86337.

□

### ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি

'2 Years BSS প্র্যাক্টিক্যাল নার্সিং ট্রেনিং'-এ (Approved by BSS, Ministry of HRD, Govt. of India) সরাসরি ভর্তি চলছে। যোগ্যতা: মাধ্যমিক / উঃ মাধ্যমিক। ট্রেনিং-এর শেষে চাকরি। Hospital Practice ও Installment-এ ফিস দেওয়ার সুযোগ। স্কলারশিপ প্রদান। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726.

□

DISCLAIMER

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# ম্যাঙ্গালোর রিফাইনারিতে ২১৩

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি, জুনিয়র কেমিস্ট ট্রেনি এবং ট্রেনি অ্যাসিস্ট্যান্ট পদে ২১৩ জনকে নেবে ম্যাঙ্গালোর রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যালস। প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফলভাবে প্রশিক্ষণ সম্পূর্ণ হওয়ার পর সংস্থায় স্থায়ী চাকরির সুযোগ পাওয়া যেতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 78/2019.

শূন্যপদের বিবরণ: **টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনি: কেমিক্যাল:** ১১৩টি (সাধারণ ৪৫, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩১, আর্থিকভাবে অনগ্রসর ১১)। এর মধ্যে ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত ও ১টি শূন্যপদ একটি পা ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল বা পেট্রোকেমিক্যাল বা পলিমার বা রিফাইনারি ইঞ্জিনিয়ারিং/টেকনোলজিতে ডিপ্লোমা।

**মেকানিক্যাল:** ২৭টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**ইলেক্ট্রিক্যাল:** ৩৬টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং একটি পা ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**ইনস্ট্রুমেন্টেশন:** ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্ট টেকনোলজি বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড প্রোসেস কন্ট্রোল বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**ট্রেনি অ্যাসিস্ট্যান্ট:** মেটেরিয়াল্‌স: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: সায়েন্স বা কমার্স বা আর্টসে স্নাতক অথবা বি বি এ বা বি বি এম বা বি সি এ অথবা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় ডিপ্লোমা। কম্পিউটারের জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**জুনিয়র কেমিস্ট ট্রেনি:** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মূল বিষয় হিসেবে অ্যানালিটিক্যাল কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি বা পলিমার কেমিস্ট্রি বা অ্যাপ্লায়েড কেমিস্ট্রি বা কেমিস্ট্রি নিয়ে কেমিস্ট্রিতে বি এসসি।

- সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে পাশ থাকতে হবে। হিন্দি ভাষা জানা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ৯-১১-২০১৯ তারিখে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ৩০,০০০ টাকা। সফলভাবে প্রশিক্ষণ সম্পূর্ণ করে চাকরিতে নিয়োগের পর বেতনক্রম: ১১,৯০০-৩২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্ট ও ফিজিক্যাল টেস্টের মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে কর্ণাটকের বিভিন্ন শহরে। পরীক্ষায় (১২০ নম্বর) মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়ারনেস এবং সংশ্লিষ্ট বিষয় থেকে। নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mrpl.co.in দরখাস্তের শেষ তারিখ ৯ নভেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (২০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, ইনকাম অ্যান্ড অ্যাসেট সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (জে পি জি বা পি ডি এফ ফর্ম্যাটে, প্রতিটি ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইনে ইন্টারনেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ই-চালানের মাধ্যমে। চালানের মাধ্যমে ফি দিলে ফি জমা দেওয়ার পর পুনরায় সংশ্লিষ্ট ওয়েবসাইটে লগ-ইন করে চালানের তথ্য জানাতে হবে।

সাবমিট করা দরখাস্ত এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট (প্রযোজ্য ক্ষেত্রে)-এর এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক বিমল মুখার্জির **দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা। অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা। পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের **ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে। তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর **বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই। দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর **বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে। ২য় সংস্করণ। ₹৭০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর **চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশে ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই **তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০

সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই **বকবকম** ₹১৫

কানাইলাল চক্রবর্তীর খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই **চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০

**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০

পবিত্র সরকারের **কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫

মৈত্রেয়ী নাগের **বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাঁশি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘন্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিভেনরী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৫০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ভোঁড়া** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320, Fax: 2287-6448

কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd. 29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: adv@swarnakshar.in

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৩ নভেম্বর কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৯ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# টিউবলাইটের চোক তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** স্কুল-কলেজ, অফিস-আদালত, দোকান-বাড়ি সর্বত্রই টিউবলাইটের ব্যবহার হয়। ফলে সারাবছরই টিউবলাইটের চোকের চাহিদা থাকে। এই মেশিনের সাহায্যে টিউবলাইটের চোক তৈরি করে যে-কোনও বৈদ্যুতিক সামগ্রী তৈরির দোকানে সরবরাহ করতে পারেন।

**কীভাবে করবেন:** দোকান থেকে প্রথমে অ্যালুমিনিয়াম বা তামার তারের রোল কিনে আনতে হবে। চাঁদনি চক বা ওয়েলিংটন অঞ্চলে এই তারের রোল কিনতে পাওয়া যায়। তারের গেজের তারতম্য অনুযায়ী দামেরও তারতম্য হয়। টিউবলাইটের চোক তৈরি করতে সাধারণত ১৮ থেকে ২০ গেজ পর্যন্ত তারের প্রয়োজন হয়। মেশিনের একটি নির্দিষ্ট ফ্রেমে ববিন থাকে। ববিনের নীচে যে মাপের চোক বানানো হবে সেই মাপের ট্রান্সফর্মার বক্স থাকে। তারটিকে ববিনে জড়িয়ে মেশিন চালু করলে টিউব-লাইটের চোক তৈরি হয়ে যাবে। মেশিনটি চালাতে বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** টিউবলাইটের চোক তৈরির হস্তচালিত মেশিনের দাম ৭,০০০ টাকা। মোটরচালিত মেশিন হলে রেগুলেটর সমেত হাইস্পিড মোটরের দাম বাবদ আরও ২,০০০ টাকা বেশি লাগবে।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *সার্টিফায়েড ক্রেডিট কাউন্সেলরের কাজের বিষয় ও পরিধি সম্পর্কে একটা ধারণা পেতে চাই। কীভাবে সম্ভব? —অজয় শিকদার, শেওড়াফুলি, হুগলি।*

□□ স্মল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার (সিডবি) এই ওয়েবসাইটটি দেখুন: www.sidbi.in ওয়েবসাইটে 'জয়েন আস এস সি সি সি এস' বিভাগ পাবেন। সেখানে ক্লিক করলে 'ই-হ্যান্ডবুক ফর সি সি সি এস' উইন্ডোটি পাবেন। এই হ্যান্ডবুক থেকে সার্টিফায়েড ক্রেডিট কাউন্সেলরের (সি সি সি) কাজকর্ম সম্পর্কে বিশদে জানতে পাবেন।

□ *বেকারি-খাদ্য তৈরির প্রশিক্ষণ নিতে চাই। কোথায় প্রশিক্ষণের ব্যবস্থা আছে জানাবেন। —নিমাই সাহা, পলতা, উত্তর ২৪ পরগনা।*

□□ কলকাতার ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশনে বেকারি ও কনফেকশনারির প্রশিক্ষণ দেওয়া হয়। ভর্তির বিজ্ঞপ্তি বেরোলে প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাবে। যোগাযোগের ঠিকানা: পি-১৬, তারাতলা রোড, কলকাতা-৮৮। ফোন: ২৪০১-৪১২৪। ওয়েবসাইট: www.ihmkolkata.org

□ *পপকর্ন তৈরির মেশিনের দাম কত? কোথায় কিনতে পাওয়া যায়? —সুবীর দাস, চন্দননগর, হুগলি।*

□□ পপকর্ন তৈরির স্বয়ংক্রিয় মেশিনের দাম কমবেশি ১৫ হাজার টাকা। ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) ও গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিনপত্র বিক্রির দোকান-গুলিতে এই মেশিন কিনতে পাওয়া যায়।

□ *পনির তৈরির মেশিন পাওয়া যায় কি? কোথায় পাওয়া যায় জানালে উপকৃত হব। —অসীম সামন্ত, কালনা, বর্ধমান।*

□□ পনির তৈরির হাতে চালানো মেশিন পাওয়া যায়। ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) ও গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিন-পত্র বিক্রির দোকানগুলিতে এই মেশিন কিনতে পাওয়া যাবে। বিভিন্ন মান ও দামের পনির তৈরির মেশিন সম্পর্কে জানতে দেখতে পারেন এই ওয়েব-সাইটটিও: www.dir.indiamart.com

□ *আমাদের রাজ্যে কৃষক উৎপাদন সঙ্ঘ তৈরি হচ্ছে। এ ব্যাপারে সরকারি সহায়তাও পাওয়া যাচ্ছে বলে শুনছি। কী পদ্ধতিতে এই সঙ্ঘের সদস্য হওয়া যায়? সঙ্ঘ গঠনের সুবিধাই বা কী? আমি একজন কৃষক পরিবারের যুবক। তথ্যগুলো জানতে পারলে ভালো হয়। —সারথী দাশ, আরামবাগ, হুগলি।*

□□ পশ্চিমবঙ্গের ব্লকে ব্লকে 'ফার্মার্স প্রোডিউসার কোম্পানি' বা কৃষক উৎপাদন সঙ্ঘ গড়ে তোলার ব্যাপারে উদ্যোগী হয়েছে রাজ্যের কৃষি দপ্তর। কৃষকদের সঙ্ঘবদ্ধ করে কৃষি উৎপাদন বৃদ্ধি এবং ফসলের অভাবি বিক্রি রোখাই এই উদ্যোগের প্রধান লক্ষ্য। কোম্পানি বা সঙ্ঘগুলি নথিবদ্ধ সংস্থার মতোই ব্যবসা করতে পারবে। সংস্থা ব্যাঙ্ক ঋণের ক্ষেত্রেও সুবিধা পাবে। কৃষি দপ্তরের খবর, ইতিমধ্যে রাজ্যে প্রায় ১৬০টি কোম্পানি গঠিত হয়েছে।

কৃষি দপ্তরের সূত্র অনুসারে, যে কৃষকরা কোম্পানিতে নাম নথিভুক্ত করতে চাইবেন, তাঁদের অংশীদারিত্বের মূল্য বাবদ অন্তত ১ হাজার টাকা কোম্পানিতে গচ্ছিত রাখতে হবে। রেজিস্ট্রেশন ফি বাবদ দিতে হবে ৫০ টাকা। ১০ থেকে ১২ জন কৃষক নিয়ে এক-একটি কৃষক দল তৈরি হবে। প্রতিটি কৃষক দলে পরিবারের একজন সদস্যই অংশগ্রহণ করতে পারবেন। একটি গ্রামে একাধিক কৃষকদলও থাকতে পারে। প্রতিটি দলের সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ থাকবেন। দলের নামে ব্যাঙ্কে সেভিংস অ্যাকাউন্ট থাকবে। প্রতিটি কৃষকদল থেকে দু'জন করে সদস্য নিয়ে ব্লক-ভিত্তিক ক্লাস্টার তৈরি হবে। প্রতিটি ক্লাস্টারেও সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ থাকবেন। ক্লাস্টারের ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকবে। এবার প্রতি ক্লাস্টার থেকে ১১ থেকে ১৫ জন সদস্যকে নিয়ে কোম্পানি আইন অনুসারে রেজিস্টার্ড ফার্মার্স প্রোডিউসার কোম্পানি গঠন করা হয়। আরও তথ্যের জন্য নিকটবর্তী বিডিও অফিসে কৃষি আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

□ *আমি একজন হস্তশিল্প সামগ্রীর বিক্রেতা। পশ্চিমবঙ্গের বিভিন্ন হস্তশিল্প সামগ্রীর কারিগরদের নাম-ঠিকানার একটা তালিকার খুবই প্রয়োজন। পাওয়া যেতে পারে কি? —শর্মিষ্ঠা মালাকার, বেলেঘাটা, কলকাতা।*

□□ আপনি এই ওয়েবসাইটটি দেখুন: www.ruralcrafthub.com ওয়েবসাইটের 'হাব ব্রোশিওর' অংশে ক্লিক করলে বিশদ ব্রোশিওরটি পাবেন। ব্রোশিওরের শেষাংশে সামগ্রী অনুসারে হস্তশিল্পীদের নাম ও ফোন নম্বরের তালিকা পাবেন।

□ *পশ্চিম এশিয়া, বিশেষ করে দুবাইয়ে পেঁয়াজ রপ্তানির পরিকল্পনা রয়েছে। কাজটি সফল হবে তো? —মুহিব আলি, বহরমপুর, মুর্শিদাবাদ।*

□□ রপ্তানি করা যেতে পারে। কিন্তু সেক্ষেত্রে কয়েকটি বিষয় নিয়ে আগেভাগেই চিন্তাভাবনা করা ভালো। দুবাই-সহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে পেঁয়াজ রপ্তানি হয় মহারাষ্ট্র থেকে। এ রাজ্যের নাসিক পেঁয়াজের উৎপাদনে ও ব্যবসায় গোটা দেশের মধ্যে প্রথম স্থানে রয়েছে দীর্ঘ সময় ধরেই। মুম্বইয়ের বন্দর থেকে দুবাইয়ে পেঁয়াজ রপ্তানি সহজ, পাঠানোর খরচও তুলনামূলক ভাবে কম। পশ্চিমবঙ্গে যে গুণমানের পেঁয়াজ উৎপাদিত হয় তা প্রতিযোগিতায় এঁটে ওঠার পক্ষে কঠিন। দামেও মহারাষ্ট্রের ব্যবসায়ীদের সঙ্গে পাল্লা দেওয়া কার্যত অসম্ভব। নিশ্চিত করতে হবে নিয়মিত সরবরাহের বিষয়টিও। দুবাই বা মধ্যপ্রাচ্যের অন্য কোনও দেশের ক্রেতা পেলে নাসিক থেকে পেঁয়াজ সংগ্রহ করে দুবাইয়ে পাঠাতে পারেন। অনেকেই এই ব্যবস্থায় ব্যবসা করেন।

# সেনাবাহিনীতে গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

৪০ জন ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট নেওয়া হবে ভারতীয় সেনাবাহিনীতে। ১৩১তম টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে ট্রেনিং হবে। নিয়োগ হবে বিভিন্ন শাখায়। অবিবাহিত তরুণরা শুধু আবেদন করবেন।

১৩১তম টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সের (টি জি সি) ক্ষেত্রে মোট শূন্যপদ ৪০টি। শাখা অনুসারে শূন্যপদ: সিভিল ৮টি, আর্কিটেকচার ১টি, মেকানিক্যাল ৪টি, ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৫টি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/ ইনফর্মেশন টেকনোলজি/ এম এসসি (কম্পিউটার সায়েন্স) ১১টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ টেলি-কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ স্যাটেলাইট কমিউনি-কেশন ৮টি, ইলেক্ট্রনিক্স ১টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ ইনস্ট্রুমেন্টেশন ১টি, অ্যারোনটিক্যাল/ ব্যালিস্টিক্স/ অ্যাভিওনিক্স ১টি।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। ফাইনাল ইয়ারের ছাত্ররাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে আগামী বছরের ১ জুলাইয়ের মধ্যে পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

সমতুল শাখাগুলি হল: সিভিলের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং। মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল (মেকট্রনিক্স) ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/ ইনফর্মেশন টেকনোলজি/এম এসসি (কম্পিউটার সায়েন্স)-এর ক্ষেত্রে ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ টেলি-কমিউনিকেশন/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ স্যাটেলাইট কমিউনি-কেশনের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ড্রাইভস। ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি।

বয়স: ১-৭-২০২০ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৭-১৯৯৩ থেকে ১-৭-২০০০-এর মধ্যে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে ৫৬,১০০ টাকা। ট্রেনিং শেষে বেতনক্রম ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা-সহ অন্যান্য সুযোগ-সুবিধা। চিফ অব দ্য আর্মি স্টাফ র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড, দু'-দফার পরীক্ষার মাধ্যমে। প্রথম দফার পরীক্ষায় সফল হলে তবেই পরের টেস্টগুলির জন্য ডাক পাওয়া যাবে। অন্যথায় সেদিনই ফেরত পাঠানো হবে। সব মিলিয়ে পাঁচ দিনের পরীক্ষা। ইন্টারভিউ হবে এলাহাবাদ বা ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথালায়।

৪৯ সপ্তাহের ট্রেনিং। শুরু হবে ২০২০-র জুলাই মাসে। ট্রেনিং হবে দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে।

সিলেকশন সেন্টারে প্রিন্ট আউটের সঙ্গে নেবেন: ✓প্রত্যয়িত একটি পাসপোর্ট মাপের ফটো। প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় ফটোটি সেঁটে দেবেন। ✓মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রত্যেক সেমেস্টারের মার্কশিট-সহ ডিগ্রি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓ফাইনাল ইয়ারের প্রার্থীদের ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্রধানের তরফ থেকে চূড়ান্ত বর্ষের পরীক্ষা ১ জুলাই, ২০২০-র মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে— এই মর্মে সার্টিফিকেট।

উপরোক্ত নথিপত্রের মূল কপিগুলিও সঙ্গে আনবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। প্রথম রেজিস্ট্রেশন করতে হবে, তার পর অনলাইন আবেদন। অনলাইন আবেদন করা যাবে ১৪ নভেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় সই করবেন। একটি প্রিন্ট আউট নিজের কাছে রাখবেন। অন্যটি সিলেকশন সেন্টারে নিয়ে যেতে হবে।


**Vidyasagar University**
**MIDNAPORE-721102**

**ADMISSION NOTIFICATION**

**Ref. No.: VU/R/Adv/1594/2019** **Dated: 21/10/2019**

Applications are invited for admission to six(6) month certificate courses (UGC approved) :- **1) Beekeeping and Management Certificate; 2) Certificate course for the Dietetics and 3) Entrepreneurship Development Certificate Course under the Community College Centre. NSQF Scheme, UGC for the academic session 2019-2020.**

For details, please visit University website www.vidyasagar.ac.in or contact at 8373063971. There is no age limit and Minimum qualification is class 12 pass.

**The last date of submission form is 8th November, 2019**



পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন বিত্ত নিগম
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)

NSHM Udaan

**তপশিলী জাতি ও আদিবাসী যুবক / যুবতীদের কর্মসংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনা ব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ**

যোগ্যতা - বয়স ১৮ বছর থেকে ৩৫ বছর। শিক্ষাগত যোগ্যতা - অষ্টম শ্রেণী থেকে স্নাতক পাশ। পারিবারিক বার্ষিক আয় অনুর্ধ্ব ৩,০০,০০০ টাকা (গ্রাম এবং শহর - এ বাস করলে)।

| প্রশিক্ষণ কেন্দ্র | প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা | যোগাযোগ | কোর্সের নাম | আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| Durgapur | Arrah, Shibtala Via Muchipara, Durgapur - 713212 | 8538824396 | Life Insurance Agent | 100 |
| | | | Goods & Service Tax- Accounts Assistant, | 25 |
| | | | Domestic Data Entry Operator | 100 |
| Darjeeling | Gurung Niwas, 7 P.T. Lane, Chanmari, Darjeeling - 734001 | 7602521625 | F & B Service Steward, | 250 |
| | | | Front Office Associate | 250 |
| Siliguri | Bidhan Market, Raja Ram Mohan Roy Road, Uttaran Hotel, 3rd Floor, Ward No. 12, Pincode-734001 | 7602521625 | Life Insurance Agent, | 100 |
| | | | Goods & Service Tax- Accounts Assistant | 25 |
| Malbazar | Caltex More, (Near Bank of India), P.O.- Mal, Dist - Jalpaiguri, Pincode-735221 | 9434162114 | Life Insurance Agent | 100 |
| | | | Goods & Service Tax-Accounts Assistant | 25 |
| | | | Domestic Data Entry Operator | 50 |
| Murshidabad (Farakka) | Vill + P.O. -Jafarganj, P.S- Farakka, Dist- Murshidabad, Pincode - 742202 | 9732668028 | Life Insurance Agent | 100 |
| | | | Goods & Service Tax- Accounts Assistant | 25 |
| | | | Domestic Data Entry Operator | 50 |
| Raghabpur (Purulia) | Northlake Road, Raghabpur More, Purulia-723101 | 9064790026, 9679642694 | Life Insurance Agent | 75 |
| | | | Goods & Service Tax-Accounts Assistant | 25 |
| | | | Domestic Data Entry Operator | 50 |
| Bundwan (Purulia) | Vill + P.O. + P.S.- Bundwan, Bundwan Bus Stand, Dist - Purulia, Pincode - 723129 | 9064790026, 9002410501 | Life Insurance Agent | 75 |
| | | | Goods & Service Tax- Accounts Assistant | 25 |
| | | | Domestic Data Entry Operator | 50 |

বিশদ জানতে যোগাযোগ করুন -
www.wbscstcorp.gov.in
Helpline -
8335069123

প্রকল্প রূপায়নে
NSHM Udaan Skills Pvt. Ltd.
In Partnership with NSDC
Corporate Office # 124 (60), B. L. Saha Road, Tollygunge, Kolkata - 700053 | Contact - 9910034270
Website - www.nshmskills.com

# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*একজন ছাত্রের অত্যন্ত গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল যে, সে প্রশ্ন করবে। ওদের প্রশ্ন করতে দেওয়া উচিত।*
*— এ পি জে আব্দুল কালাম*
*(ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি)*

✓ *আমি ভূগোলের গ্র্যাজুয়েট। বি এড করব বলে ঠিক ছিল, কিন্তু অন্তত এখনই সেটা সম্ভব নয়। আমি কোন কোন সরকারি চাকরির পরীক্ষায় বসতে পারব জানতে চাই।*

*পারমিতা সরকার, পণশ্রী, কলকাতা।*

☐ বিভিন্ন সরকারি চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। তবে নিজের পছন্দ ও ক্ষমতা অনুসারে কয়েকটি চাকরি বাছাই করে নিতে পারলে প্রস্তুতি নিতে সুবিধে হবে এবং পরীক্ষায় সাফল্যের সম্ভাবনাও বাড়বে।

*এখনই আবেদন করতে পারেন:* কেন্দ্রীয় সরকারে বিভিন্ন বিভাগ ও অফিসে কয়েকশো অফিসার নিয়োগ করা হবে কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পরীক্ষা ২-১১ মার্চ। 'কর্মক্ষেত্র'-র ২৩ অক্টোবর সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত আগাম খবর জানানো হয়েছিল। এবারের সংখ্যায় 'গ্র্যাজুয়েট যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে কয়েকশো অফিসার, অ্যাসিস্ট্যান্ট ও ক্লার্ক' শীর্ষক সংবাদে সমস্ত খুঁটিনাটি তথ্য বিশদে জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২২ নভেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in আপনি আবেদন করতে পারেন।

> কেন্দ্রীয় সরকারে বিভিন্ন বিভাগ ও অফিসে কয়েকশো অফিসার নিয়োগ করা হবে কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন।

*পরে আবেদন করতে পারবেন:* পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলে ট্র্যাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। ডব্লু বি এস ই ডি সি এল-এর অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার ও ক্লার্ক, রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, পুরসভাগুলিতে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

✓ *ক্লাস নাইন পর্যন্ত পড়াশোনা করেছি। বয়স ২৪ বছর। একটি আবাসনে সিকিউরিটি কর্মীর চাকরি করি। আমি কি সরকারি চাকরি পেতে পারি?*

*শান্তনু কর্মকার, রাজারহাট, উত্তর ২৪ পরগনা।*

☐ আপনি সরকারি গ্রুপ 'ডি' পদের চাকরিগুলির জন্য বিশেষ প্রস্তুতি নিন। চাকরির পরীক্ষায় বসতে হবে। ফলে নিয়মিত পড়াশোনারও দরকার রয়েছে। আপনার বয়স বেশি নয়। কিছুদিন পড়াশোনা করে পরীক্ষায় বসুন। দু'-একটি পরীক্ষায় সফল না হলে হতাশ হবেন না। লেগে থাকলে চাকরি হবেই।

*এখনই আবেদন করতে পারেন:* কিছু মজদুর নেবে ভদ্রেশ্বর পুরসভা। এটি একটি গ্রুপ 'ডি' পদ। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ অক্টোবর সংখ্যায় 'ভদ্রেশ্বর পুরসভায় চাকরি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ৬১৬২। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: http://bhadreswarmunicipality.com নথিপত্র-সহ ১৪ নভেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman, Bhadreswar Municipality, G.T.Road, P.O. & P.S.: Bhadreswar, Dist : Hooghly, PIN : 712 124.

*পরে আবেদন করতে পারবেন:* পশ্চিমবঙ্গ সরকারে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে পশ্চিমবঙ্গের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে গ্রুপ 'ডি'-র বিভিন্ন পদে আবেদন করতে পারবেন। পঞ্চায়েত সমিতি, পুরসভা, জেলা পরিষদে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন।

✓ *আমি একজন মুসলিম তরুণ। ইতিহাসের গ্র্যাজুয়েট। কম্পিউটার অ্যাপ্লিকেশনের কোর্স করেছি। আমি ডব্লু বি সি এসের 'সি' ও 'ডি' গ্রুপের পরীক্ষায় বসার জন্য পড়াশোনা করছি। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে প্রথম শ্রেণির এবং অনার্সে ৫৪ শতাংশ নম্বর আছে। কোচিং নেওয়ার মতো আর্থিক সামর্থ্য নেই। একটা গাইডেন্স পেলে খুবই উপকৃত হব। কিন্তু কীভাবে তা পাব বুঝতে পারছি না। প্রায় বাধ্য হয়েই আপনাদের চিঠি লিখলাম। কোনও একটা পথের সন্ধান দিলে কৃতজ্ঞ থাকব।*

*নাম প্রকাশে অনিচ্ছুক, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ রাজ্যের সংখ্যালঘু তরুণ-তরুণীদের নিখরচায় বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষার প্রশিক্ষণ দেবে ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন। ডব্লু বি সি এস পরীক্ষার প্রশিক্ষণও দেওয়া হবে। প্রশিক্ষণের নাম 'প্রি-রিক্রুটমেন্ট কোচিং ফর মাইনরিটি ইউথ ফর কম্পিটিটিভ এক্সামিনেশনস'। শিক্ষাগত যোগ্যতা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। বয়স হতে হবে ৩০-০৯-২০১৯ তারিখে ২২-৩৪ বছরের মধ্যে। প্রশিক্ষণের মেয়াদ ৭ মাস। ক্লাস হবে শনি, রবি ও অন্যান্য ছুটির দিনগুলিতে। কোর্স শুরু হবে ডিসেম্বর মাসে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন দরখাস্ত করতে হবে ৩১ অক্টোবরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbmdfc.org অনলাইন দরখাস্ত সাবমিট করার পরে অ্যাকনলেজমেন্ট নম্বর-সহ পূরণ করা দরখাস্তের ১ কপি প্রিন্ট আউট নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। ইন্টারভিউয়ের সময়ে সঙ্গে নিয়ে যাবেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ অক্টোবর সংখ্যায় 'নিখরচায় রাজ্যের সংখ্যালঘু তরুণ-তরুণীকে সরকারি চাকরির প্রশিক্ষণ' শীর্ষক সংবাদে এই প্রশিক্ষণ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। তথ্যের প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই টোল-ফ্রি নম্বরে: ১৮০০-১২০-২১৩০।

✓ *আমি বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করার পরে বর্তমানে কেমিস্ট্রি অনার্সের প্রথম বর্ষে পড়ছি। উচ্চমাধ্যমিকে ৭৪ শতাংশ নম্বর আছে। আমার উচ্চতা ১৬০ সেন্টিমিটার। আমি কি সামরিক বাহিনীতে চাকরি পেতে পারি?*

*সায়ন দাশ, সিঁথি, কলকাতা।*

☐ আপনি সামরিক বাহিনীর বিভিন্ন শাখায় চাকরির জন্য আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্যই আবেদন করা যাবে। সামরিক বাহিনীতে চাকরির জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতার সঙ্গে দৈহিক সক্ষমতার বিষয়টিও বিশেষ গুরুত্ব পেয়ে থাকে। তাই লিখিত পরীক্ষার প্রস্তুতি নেওয়ার সঙ্গে সঙ্গে দৈহিক সক্ষমতা বৃদ্ধির চেষ্টাও জারি রাখতে হবে। এক্ষেত্রে নিয়মিত দৌড় এবং অন্যান্য শারীরিক অনুশীলন চালালে পরীক্ষায় আপনার সুবিধা হবে।

*এখনই আবেদন করতে পারেন:* ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ৯০জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। শিক্ষাগত যোগ্যতা ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ট্রেনিং শুরু হবে ২০২০-র জুলাইয়ে। ১৩ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in 'কর্মক্ষেত্র'-র ২৩ অক্টোবর সংখ্যায় 'আর্মিতে উচ্চমাধ্যমিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

বেশকিছু নাবিক (কুক, স্টুয়ার্ড) নিয়োগ করবে উপকূলরক্ষী বাহিনী। শিক্ষাগত যোগ্যতা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। বয়স হতে হবে ১৮-২২ বছরের মধ্যে। মাধ্যমিকে ৫০ শতাংশ নম্বর এবং নির্দিষ্ট দৈহিক উচ্চতা থাকলে আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৬ অক্টোবর সংখ্যায় 'কোস্টগার্ডে নাবিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৮ নভেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

*পরে আবেদন করতে পারবেন:* উচ্চমাধ্যমিক যোগ্যতায় ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমির পরীক্ষার মাধ্যমে সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীতে অফিসার নিয়োগ করা হয়। এক্ষেত্রে উচ্চমাধ্যমিকের নম্বরের কড়াকড়ি নেই। বিজ্ঞানের ছাত্র হিসেবে আপনি তিন বাহিনীর জন্যই বিবেচিত হতে পারেন। পরীক্ষা নেয় ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোলে বিশদে সে-খবর 'কর্মক্ষেত্র'-য় জানানো হয়। আলাদা করেও বিমানবাহিনী ও নৌবাহিনীতে অফিসার নিয়োগ করা হয়। এক্ষেত্রেও বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিকে ৭০ শতাংশ নম্বর চাওয়া হয়। আপনি আবেদন করতে পারবেন। নিয়োগের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হবে।

> ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ৯০জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। শিক্ষাগত যোগ্যতা ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে।

## নিজের গ্রহণযোগ্যতা বাড়িয়ে চাকরির আঙিনায় পা রাখুন



**ডঃ রঞ্জন কুমার গুপ্ত**
অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, কমার্স ও ম্যানেজমেন্ট বিভাগ, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়

আমি কমার্সের শিক্ষক। প্রচুর ছেলেমেয়ে কমার্স পড়েন। তাই এই বিষয়টি নিয়ে কিছু কথা বলতে চাই। কমার্স একটি পেশাদারি কোর্স। কমার্স নিয়ে গ্র্যাজুয়েশন করার পরও চাকরির সুযোগ আছে। বিষয়-ভিত্তিক চাকরির কথাই বলছি। জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্ট্যান্ট পদের চাকরি রয়েছে সরকারি-বেসরকারি সংস্থায়। এখনকার দিনে বি কম পাশ করেই চাকরি করতে হলে কম্পিউটারাইজড অ্যাকাউন্টিংয়ের পদ্ধতিগত দিকগুলো শিখে নিতেই হবে। জি এস টি-র হিসেবনিকেশ জানা থাকলে কাজের বাজারে আপনার চাহিদা বাড়বে।

বি কমের পরে এম কম করলে উচ্চতর পদে চাকরির সুযোগ রয়েছে সরকারি-বেসরকারি, উভয়ক্ষেত্রের বিভিন্ন সংস্থাতেই।

কমার্স শাখার ছাত্রছাত্রীরা চার্টার্ড অ্যাকাউন্টেন্সি, কস্ট অ্যাকাউন্টেন্সি, কোম্পানি সেক্রেটারিশিপের মতো পেশাদারি কোর্সগুলির প্রাথমিক পাঠ (ফাউন্ডেশন কোর্স) শুরু করতে পারেন উচ্চমাধ্যমিকের পরেই। তবে গ্র্যাজুয়েশন সম্পূর্ণ করার পরেই এই পেশাদারি কোর্সগুলির ফলাফল মান্যতা পাবে। ফিনান্সে স্পেশালাইজেশন-সহ এম বি এ ডিগ্রিধারীদেরও যথেষ্ট চাহিদা আছে চাকরির বাজারে।

কমার্সের ছাত্রছাত্রীরা এইসব পেশাদারি কোর্স সম্পর্কে কমবেশি ওয়াকিবহাল, এটা আশা করতেই পারি। সময়ের অগ্রগতির সঙ্গে সঙ্গে কমার্সের মতো একটি গুরুত্বপূর্ণ বিষয়-সংশ্লিষ্ট নানা স্পেশালাইজেশনের বিষয় নিয়ে পড়াশোনার সুযোগ বেড়েছে প্রয়োজনের নিরিখেই। যেমন বিজনেস অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন (ব্যাট) কোর্স। স্বল্পমেয়াদি কোর্স এটি। করা থাকলে চাকরির বাজারে আলাদা মূল্য পাওয়া যাবে। বি কম ডিগ্রির পরে ফিনান্সিয়াল মডেলিংয়ের কোর্স করা যেতে পারে। বিনিয়োগের বিচার-বিশ্লেষণ করে ফিনান্সিয়াল স্টেটমেন্টের একটা মডেল তৈরি করার জন্য এই কোর্সের জ্ঞান কাজে লাগে। এভাবেই কমার্সের ছাত্রছাত্রীরা গ্র্যাজুয়েশনের সঙ্গে ফিনান্সিয়াল রিস্ক ম্যানেজমেন্ট, ডিজিট্যাল মার্কেটিং, ইনভেস্টমেন্ট ব্যাঙ্কিং, সার্টিফায়েড ফিনান্সিয়াল প্ল্যানার, ব্যাঙ্কিং অ্যান্ড সার্ভিসেস, প্রোজেক্ট ফিনান্স ইত্যাদির মতো শর্ট-টার্ম কোর্স করে চাকরির বাজারে নিজেদের গ্রহণযোগ্যতা বাড়িয়ে নিতে পারেন। তদুপরি সি আর আই এস আই এল সার্টিফায়েড অ্যানালিস্ট প্রোগ্রাম, সার্টিফায়েড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট, সার্টিফায়েড পাবলিক অ্যাকাউন্টিংয়ের মতো দীর্ঘমেয়াদি কোর্স করার সুযোগও রয়েছে। ইন্টারনেটে কোর্সগুলি সম্পর্কে একটু খোঁজখবর করলেই অনেক প্রয়োজনীয় তথ্য পাবেন।

আমার বক্তব্য হল, স্কুল-কলেজে অন্তত পনেরো বছর শিক্ষাগ্রহণের পরে যদি আপনার পাঠ্য বিষয়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটা কোর্স করে জোরালোভাবে চাকরির আঙিনায় নিজেকে উপস্থাপিত করা যায়, তবে সেই সুযোগটা নিয়েও ভাবা যেতে পারে।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

The Education House

# রাজ্যের তিন হাজারেরও বেশি তফসিলি জাতি ও উপজাতির তরুণ-তরুণীকে নিখরচায় দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ

## ১৫০০ তরুণ-তরুণীকে প্রশিক্ষণ দেবে এন এস এইচ এম উড়ান স্কিলস



নিখরচায় ১,৫০০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধিমূলক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছে এন এস এইচ এম উড়ান স্কিলস। প্রশিক্ষণ দেওয়া হবে দুর্গাপুর, দার্জিলিং, শিলিগুড়ি, মালবাজার, মুর্শিদাবাদ (ফরাক্কা), রাঘবপুর (পুরুলিয়া) এবং বান্দোয়ান (পুরুলিয়া) প্রশিক্ষণ কেন্দ্রে। কোর্সগুলি পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন বিত্ত নিগমের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে।

**প্রশিক্ষণ দেওয়া হবে এই সব বিষয়ে:** (১) লাইফ ইনশিওরেন্স এজেন্ট, (২) গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স-অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট, (৩) ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর, (৪) ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস স্টুয়ার্ড, (৫) ফ্রন্ট অফিস অ্যাসোসিয়েট। কোর্সগুলি ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন দ্বারা স্বীকৃত।

**আসনসংখ্যার বিন্যাস:** লাইফ ইনশিওরেন্স এজেন্ট: দুর্গাপুর: ১০০টি, শিলিগুড়ি: ১০০টি, মালবাজার: ১০০টি, মুর্শিদাবাদ (ফরাক্কা): ১০০টি, রাঘবপুর (পুরুলিয়া): ৭৫টি, বর্ধমান (পুরুলিয়া): ৭৫টি। গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স-অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট: দুর্গাপুর: ২৫টি, শিলিগুড়ি: ২৫টি, মালবাজার: ২৫টি, মুর্শিদাবাদ (ফরাক্কা): ২৫টি, রাঘবপুর (পুরুলিয়া): ২৫টি, বর্ধমান (পুরুলিয়া): ২৫টি। ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর: দুর্গাপুর: ১০০টি, মালবাজার: ৫০টি, মুর্শিদাবাদ (ফরাক্কা): ৫০টি, রাঘবপুর (পুরুলিয়া): ৫০টি, বর্ধমান (পুরুলিয়া): ৫০টি। ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস স্টুয়ার্ড: দার্জিলিং: ২৫০টি, ফ্রন্ট অফিস অ্যাসোসিয়েট: দার্জিলিং: ২৫০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** কোর্স অনুসারে ক্লাস এইট পাশ থেকে স্নাতক উত্তীর্ণ। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩ লাখের নীচে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbscstcorp.gov.in প্রতিষ্ঠানের তরফে আবেদনের শেষ তারিখ জানানো হয়নি।

প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৩৩৫০-৬৯১২৩।

## ১২০০ তরুণ-তরুণীকে প্রশিক্ষণ দেবে এন আই আই টি যুবজ্যোতি



নিখরচায় ১,২০০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধিমূলক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছে এন আই আই টি যুবজ্যোতি। প্রশিক্ষণ দেওয়া হবে ব্যারাকপুর, বারাসত, বর্ধমান, হলদিয়া, যাদবপুর, দাঁতন, ঘাটাল, রায়পুর এবং সারেঙ্গা প্রশিক্ষণ কেন্দ্রে। কোর্সগুলি পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন বিত্ত নিগমের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে।

**প্রশিক্ষণ দেওয়া হবে এই সব বিষয়ে:** রিটেল ট্রেনি অ্যাসোসিয়েট এবং বিজনেস করেসপন্ডেন্ট (ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স)। কোর্সগুলি ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন দ্বারা স্বীকৃত।

**আসনসংখ্যার বিন্যাস:** ব্যারাকপুর: রিটেল ট্রেনি অ্যাসোসিয়েট: ২০০টি, বিজনেস করেসপন্ডেন্ট (ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স): ১০০টি। বারাসত: রিটেল ট্রেনি অ্যাসোসিয়েট: ১০০টি, বিজনেস করেসপন্ডেন্ট (ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স): ১০০টি। বর্ধমান: রিটেল ট্রেনি অ্যাসোসিয়েট: ১০০টি, বিজনেস করেসপন্ডেন্ট (ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স): ৫০টি। হলদিয়া: রিটেল ট্রেনি অ্যাসোসিয়েট: ১০০টি। যাদবপুর: বিজনেস করেসপন্ডেন্ট (ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স): ১৫০টি। দাঁতন: বিজনেস করেসপন্ডেন্ট (ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স): ৫০টি। ঘাটাল: রিটেল ট্রেনি অ্যাসোসিয়েট: ১০০টি। রায়পুর: বিজনেস করেসপন্ডেন্ট (ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স): ৫০টি। সারেঙ্গা: রিটেল ট্রেনি অ্যাসোসিয়েট: ১০০টি।

বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩ লাখের নীচে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbscstcorp.gov.in আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

## ৫১০ তরুণ-তরুণীকে প্রশিক্ষণ দেবে ফ্রস্টিজ ইন্ডিয়া



৫১০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধিমূলক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছে ফ্রসটিজ ইন্ডিয়া। প্রশিক্ষণ দেওয়া হবে অটোমোটিভ সার্ভিস টেকনিশিয়ান (২/৩/৪ হুইলার) বিষয়ে। কোর্সটি পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন বিত্ত নিগমের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। প্রশিক্ষণ দেওয়া হবে ঝাড়গ্রামের শিলদা ও ঝাড়গ্রাম শহর এবং বাঁকুড়ার রায়পুর প্রশিক্ষণ কেন্দ্রে।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত অষ্টম শ্রেণি পাশ। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩ লাখের নীচে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbscstcorp.gov.in আবেদনের শেষ তারিখ ৩০ অক্টোবর। হেল্প লাইন নম্বর: ৯৮৭৪৮-৩০৭০৭, ৯০৫১৬-১৬৫০৫।

## প্রশিক্ষণ দেবে সিমোকো এডুকেশন



নিখরচায় তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধিমূলক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছে সিমোকো এডুকেশন। প্রশিক্ষণ দেওয়া হবে কলকাতার সল্ট লেক, বাঁকুড়ার মাচানতলা এবং পুরুলিয়ার রামকানালি প্রশিক্ষণ কেন্দ্রে। কোর্সগুলি পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন বিত্ত নিগমের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে।

**প্রশিক্ষণ দেওয়া হবে এই সব বিষয়ে:** এল ই ডি মেকানিক্যাল অ্যাসেম্বলি অপারেটর, সোলার প্যানেল ইনস্টলেশন টেকনিশিয়ান, সি সি টি ভি ইনস্টলেশন টেকনিশিয়ান এবং এল ই ডি লাইট রিপেয়ার টেকনিশিয়ান।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩ লাখের নীচে।

অনলাইন আবেদন করতে হবে এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.wbscstcorp.gov.in, www.simocoeducationtrust.com আবেদনের শেষ তারিখ ৬ নভেম্বর। হেল্প লাইন নম্বর: ৯৮৩৬০-৫০৭৯৬, ৯৮৩৬৭-২৪২২২।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

# অস্ত্র কারখানায় ৪৮০৫

**নন-আই টি আই ও আই টি আই পাশ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ**

কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ অর্ডন্যান্স ফ্যাক্টরি ও অর্ডন্যান্স ইক্যুইপমেন্ট ফ্যাক্টরি ৪,৮০৫ জন তরুণ-তরুণীকে ট্রেড অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে। ৫৬তম ব্যাচে অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ অনুসারে, নন-আই টি আই এবং আই টি আই-পাশ প্রার্থীদের ট্রেনিং দেওয়া হবে। প্রার্থী বাছাই করবে অর্ডন্যান্স ফ্যাক্টরি বোর্ড।

আসনসংখ্যা: আই টি আই ক্যাটেগরির ক্ষেত্রে ৩,২১০টি এবং নন-আই টি আই ক্যাটেগরির ক্ষেত্রে ১,৫৯৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** নন-আই টি আই প্রার্থীদের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। অঙ্ক ও বিজ্ঞান (ফিজিক্যাল সায়েন্স ও লাইফ সায়েন্স) বিষয়ের প্রতিটিতে ৪০ শতাংশ করে নম্বর থাকা বাধ্যতামূলক। আই টি আই প্রার্থীদের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে এন সি ভি টি বা এস সি ভি টি কর্তৃক স্বীকৃত আই টি আই কোর্স পাশ। উভয় ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। **বয়স:** নির্দিষ্ট তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। সরকারি নিয়মানুসারে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা বয়সের ছাড় পাবেন।

এই প্রশিক্ষণের বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হবে ডিসেম্বরের শেষ সপ্তাহে। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে কর্মক্ষেত্র-য় সে খবর জানানো হবে। আগ্রহীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ofb.gov.in

# আর্মিতে উচ্চমাধ্যমিক

ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ৯০ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পার্মানেন্ট কমিশনে। শুধু অবিবাহিত তরুণরা আবেদন করবেন। ১০+২ এন্ট্রি স্কিমের ৪৩তম কোর্সে ট্রেনিং শুরু হবে ২০২০-এর জুলাইয়ে।

মোট শূন্যপদ ৯০টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ। **দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। গোর্খা প্রার্থীরা ৫ সেমি ছাড় পাবেন। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। বুকের ছাতি ৫ সেমি ফুলিয়ে অন্তত ৮১ সেমি হওয়া চাই। **দৃষ্টিশক্তি:** দূরের ক্ষেত্রে চশমা-সহ ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯। মায়োপিয়া (অস্টিগম্যাটিজম-সহ) থাকলে তা যেন -২.৫ডি এবং হাইপারমেট্রোপিয়া (অস্টিগম্যাটিজম-সহ) থাকলে তা যেন +৩.৫ডি-র বেশি না হয়। রং চেনার ক্ষমতা সিপি-থ্রি মানের হতে হবে। **বয়স:** ১-৭-২০২০ তারিখে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯-এর মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-১-২০০৪-এর মধ্যে।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথালা বা এলাহাবাদে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউতে ডাকা হবে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্টও হবে। গোটা প্রক্রিয়া চলবে ৫ দিন ধরে। প্রথম ধাপে ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। সফল প্রার্থীদের ডাকা হবে মেডিক্যাল এক্সামিনেশনের (৩-৫ দিন) জন্য। প্রথমবার এই এন্ট্রিতে ইন্টারভিউ দিতে গেলে যাতায়াতের রেলভাড়া পাওয়া যাবে।

১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৪৩তম কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিংয়ের মেয়াদ ৫ বছর। প্রথমে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে এক বছরের ট্রেনিং, তারপর পুনে বা সেকেন্দ্রাবাদ বা মোহাউ-এ ৩ বছরের প্রি কমিশন ট্রেনিং এবং আরও এক বছরের পোস্ট কমিশন ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ১৩ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর রোল নম্বর পাওয়া যাবে। রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। একটি প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় জমা দিতে হবে। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন।

**ইন্টারভিউয়ে দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে নেবেন:** ✓২০ কপি স্বপ্রত্যয়িত পাসপোর্ট মাপের ফটো। ✓বয়সের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা মার্কশিটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল। ✓উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল। ✓সচিত্র পরিচয়পত্রের দু'কপি স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত মূল সার্টিফিকেটগুলিও সঙ্গে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভদ্রেশ্বর পুরসভায় চাকরি

ড্রাইভার, পাম্প অপারেটর, মজদুর এবং হেল্পার পদে ৩৬ জনকে নেবে ভদ্রেশ্বর পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ৬১৬২।

শূন্যপদের বিবরণ: **ড্রাইভার:** ২টি। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ, সঙ্গে হেভি ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা। **পাম্প অপারেটর:** ২টি। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট, সঙ্গে ইলেক্ট্রিক ওয়ার্কম্যানশিপ (৪৪০ ভোল্ট) সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট কাজে তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **মজদুর:** ৩০টি। **হেল্পার:** ২টি। শিক্ষাগত যোগ্যতা: উভয় ক্ষেত্রেই ক্লাস এইট পাশ, সঙ্গে বাংলায় লিখতে ও পড়তে জানতে হবে। দৈহিক সক্ষমতা থাকলে এবং খেলাধুলায় আগ্রহ থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ড্রাইভারের ক্ষেত্রে ২০ থেকে ৪০ বছর এবং অন্য পদগুলির ক্ষেত্রে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তফসিলি, ও বি সি এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ড্রাইভার ও পাম্প অপারেটর পদের ক্ষেত্রে ৫,৪০০-২৫,২০০ টাকা এবং মজদুর ও হেল্পার পদের ক্ষেত্রে ৪,৯০০-১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে অতিরিক্ত।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। দরখাস্তের সঙ্গে প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও ২৫ টাকার ডাকটিকিট-সাঁটানো একটি খাম পাঠাতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম এবং প্রার্থীর ক্যাটেগরি লিখে দেবেন। দরখাস্ত ১৪ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman, Bhadreswar Municipality, G.T. Road, P.O. & P.S.-Bhadreswar, Dist-Hooghly, Pin-712 124. বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://bhadreswarmunicipality.com

# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## স্টাফ সিলেকশন

☐ *স্টাফ সিলেকশন কমিশনের 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০১৯'-এর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে গ্র্যাজুয়েট নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? —সুস্মিতা দাশ, নবগ্রাম, মুর্শিদাবাদ।*

☐☐ স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০১৯'-এ বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন। এ ছাড়া ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদে মেয়েদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫২ সেমি হতে হবে। ওজন থাকতে হবে ৪৮ কেজি। তফসিলি উপজাতি প্রার্থীরা উচ্চতা এবং ওজনে যথাক্রমে ২.৫ সেমি ও ২ কেজি ছাড় পাবেন। সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর পদে মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি। ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদে মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি। এ ছাড়া দৃষ্টিশক্তি থাকতে হবে সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর এবং ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে চশমা ছাড়া বা চশমা-সহ দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে এক চোখে ০.৬ এবং অন্য চোখে ০.৮। ওয়েবসাইট: www.ssconline.nic.in

## রেল

☐ *ভারতীয় রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —প্রসেনজিৎ চক্রবর্তী, কুলপি, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ ভারতীয় রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নির্দিষ্ট বিভিন্ন শাখার যে-কোনও একটিতে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ডিপ্লোমা। ইঞ্জিনিয়ারিং শাখাগুলি হল: মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ম্যানুফ্যাকচারিং, মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল, মেশিনিং, টুলস অ্যান্ড মেশিনিং, টুলস অ্যান্ড ডাই মেকিং, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি। প্রার্থী বাছাই হবে দুই পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। প্রথম পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল সায়েন্স। সময়সীমা দেড় ঘণ্টা। প্রিলিমিনারি পরীক্ষা একটি স্ক্রিনিং টেস্ট। এই পরীক্ষায় পাশ করলে দ্বিতীয় পর্বের পরীক্ষায় বসার ডাক পাওয়া যাবে। দ্বিতীয় পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষাও অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস ধরনের। এক্ষেত্রে ১৫০টি প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়ারনেস, ফিজিক্স ও কেমিস্ট্রি, কম্পিউটার বেসিকস, এনভায়রনমেন্ট অ্যান্ড পলিউশন কন্ট্রোল এবং সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয় থেকে। সময়সীমা ২ ঘণ্টা। দুই পরীক্ষাতেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.indianrail.gov.in

## নার্সিং

☐ *ভিলাই স্টিল প্ল্যান্টে জুনিয়র স্টাফ নার্স (ট্রেনি) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অঙ্কিতা ভট্টাচার্য, চাকদহ, নদিয়া।*

☐☐ ভিলাই স্টিল প্ল্যান্টে জুনিয়র স্টাফ নার্স (ট্রেনি) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি স্টেট নার্সিং কাউন্সিল বা নার্সিং কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে। এ ছাড়াও সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে মহিলাদের ক্ষেত্রে অন্তত ১৪৩ সেমি এবং ওজন অন্তত ৩৫ কেজি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭০ সেমি ও ৭৩ সেমি। এ ছাড়া দৃষ্টিশক্তি দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/১৮, কাছের ক্ষেত্রে জে-২ মানের হতে হবে। চশমা থাকলে পাওয়ার প্লাস মাইনাস ৪ ডি-র বেশি থাকা চলবে না। ১৫ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in

## উচ্চশিক্ষা

☐ *ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক কোর্সে ভর্তির জন্য 'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন ২০২০'-তে বসতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দীপ্তার্ঘ বিশ্বাস, খলগ্রাম, বাঁকুড়া।*

☐☐ 'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন ২০২০'-র ইঞ্জিনিয়ারিং শাখায় বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা বায়োলজি বা বায়োটেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশন বা টেকনিক্যাল ভোকেশনাল বিষয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৩ নভেম্বর পর্যন্ত এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbjeeb.nic.in

☐ *রাষ্ট্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়গুলিতে লেকচারার/অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষা 'আই সি এ আর-ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট, ২০১৯' কবে হবে? পরীক্ষা সম্পর্কে বিশদে জানাবেন। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —গোবিন্দ প্রামাণিক, প্রাণগঞ্জ, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ এগ্রিকালচারাল সায়েন্টিস্টস রিক্রুটমেন্ট বোর্ড (এ এস আর বি) কর্তৃক আয়োজিত 'আই সি এ আর-ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট' ১৫০ নম্বরের অনলাইন কম্পিউটার ভিত্তিক পরীক্ষা। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। অসংরক্ষিত প্রার্থীরা ৫০ শতাংশ, ও বি সি প্রার্থীরা ৪৫ শতাংশ এবং তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ৪০ শতাংশ নম্বর পেলে উত্তীর্ণ বলে বিবেচিত হবেন। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র ব্যারাকপুর ও কলকাতা (সেন্টার কোড ৫)। ৪ নভেম্বরের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনওটির মাধ্যমে: www.asrb.org.in অথবা www.icar.org.in

## কোর্স, ট্রেনিং

☐ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন কোর্স পড়তে চাই। এই কোর্সে ভর্তির ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —দেবব্রত করগুপ্ত, জগদীশপুর, হাওড়া।*

☐☐ শারীরশিক্ষার ২ বছরের স্নাতক কোর্স পড়িয়ে থাকে যাদবপুর বিশ্ববিদ্যালয়। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ বা ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশন বা স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া দ্বারা স্বীকৃত কোনও আন্তঃকলেজ বা আন্তঃআঞ্চলিক বা জেলা বা স্কুল স্তরের ক্রীড়া-প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। স্নাতক স্তরে প্রার্থীকে আবশ্যিক বা ঐচ্ছিক বিষয় হিসেবে ফিজিক্যাল এডুকেশন পড়ে থাকতে হবে। অন্যথায়, স্বীকৃত কোনও জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় বা আন্তঃরাজ্য ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে অথবা স্বীকৃত কোনও আন্তঃকলেজ বা আন্তঃআঞ্চলিক বা জেলা বা স্কুল স্তরের ক্রীড়া-প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। অথবা যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে স্বীকৃত কোনও জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। অথবা ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৪৫ নম্বর-সহ ফিজিক্যাল এডুকেশনে ব্যাচেলর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। বিশদে জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in

☐ *কলকাতা সাইয়ে স্পোর্টস কোচিংয়ের ডিপ্লোমা কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —শিবাঙ্কিতা আচার্য, বাসন্তিয়া, পূর্ব মেদিনীপুর।*

☐☐ স্পোর্টস কোচিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে পাতিয়ালার নেতাজি সুভাষ ন্যাশনাল ইনস্টিটিউট অব স্পোর্টস। কোর্সটি করানো হবে স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার কলকাতা কেন্দ্রে। কোর্স চলবে ২৪ ডিসেম্বর থেকে ৩১ জানুয়ারি পর্যন্ত। কোর্স করানো হবে এই সব ক্রীড়ায়: তিরন্দাজি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, বক্সিং, ক্রিকেট, সুইমিং এবং জিমন্যাস্টিক্স। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে ব্যক্তিগত বা দলগত ইভেন্টে জেলা স্তরের প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান পেয়ে থাকতে হবে। অথবা স্টেট বা ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করে থাকলেও আবেদন করা যাবে। ফিজিক্যাল এডুকেশনের শিক্ষক-শিক্ষিকা, আন্তর্জাতিক স্তরের খেলোয়াড়, সমাজ সেবক এবং স্পনসর্ড প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে। কোর্স ফি: ১৮,৫৫০ টাকা। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nsnis.org ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে। পূরণ করা দরখাস্ত ১০ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Officer of the Incharge (Academics), Sports Authority of India, Netaji Subhas National Institute of Sports, Old Moti Bagh, Patiala-147001 (Punjab).

## অন্যান্য চাকরি

☐ *দিল্লি পুলিশে হেড কনস্টেবল পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —প্রমিত মণ্ডল, শ্যামসুন্দর, পূর্ব বর্ধমান।*

☐☐ দিল্লি পুলিশে হেড কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ২৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৬৫ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮২ সেমি হতে হবে। তফসিলি উপজাতি প্রার্থীরা সব ক্ষেত্রেই ৫ সেমি ছাড় পাবেন। প্রার্থী বাছাই হবে কম্পিউটার-বেসড এক্সামিনেশন, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও দৈহিক মাপজোক যাচাই, কম্পিউটার টাইপিং টেস্ট এবং কম্পিউটার (ফর্ম্যাটিং) টেস্টের মাধ্যমে। কম্পিউটার-বেসড এক্সামিনেশনে থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস (২০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২০ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স (২৫ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর), কম্পিউটার-বিষয়ক, যথা এম এস এক্সেল, এম এস ওয়ার্ড, কমিউনিকেশন, ইন্টারনেট, ডব্লিউ ডব্লিউ ডব্লিউ, ওয়েব ব্রাউজার ইত্যাদি (১০ নম্বর)। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ৯০ মিনিট। কোনও নেগেটিভ মার্কিং নেই। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১,৬০০ মিটার দৌড়, লং জাম্প ও হাই জাম্প। বয়স অনুসারে দৌড়ের সময়সীমা ও জাম্পের দৈর্ঘ্য নির্ধারিত হবে। কম্পিউটার টাইপিং টেস্ট ১০ মিনিট ধরে নেওয়া হবে। ১৩ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.delhipolice.nic.in

☐ *বর্ডার রোডস অর্গানাইজেশনে মাল্টি স্কিল্ড ওয়ার্কার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দেবাঞ্জন পাল, বাণেশ্বরপুর, হাওড়া।*

☐☐ বর্ডার রোডস অর্গানাইজেশনে মাল্টি স্কিল্ড ওয়ার্কার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। পাশাপাশি, স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক মোটর বা ভেহিক্যল বা ট্র্যাক্টরে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে। অথবা ডিফেন্স সার্ভিস রেগুলেশন্স অনুসারে ড্রাইভার প্ল্যান্ট এবং মেকানিক্যাল ট্রান্সপোর্টে ক্লাস টু কোর্স পাশ করে থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি ৭৫ সেমি, অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন হতে হবে ৫০ কেজি। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া বা চশমা-সহ ভালো চোখে ৬/১২, খারাপ চোখে ৬/৩৬। প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, প্র্যাক্টিক্যাল টেস্ট, লিখিত পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ, জেনারেল ইংলিশ, জেনারেল এরিথমেটিক, অ্যানালিটিক্যাল অ্যান্ড কোয়ান্টিটেটিভ স্কিল বিষয়ে। ২৪ নভেম্বরের মধ্যে রেজিস্টার্ড পোস্টে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Commandant, GREF Centre, Dighi Camp, Pune-411015. ওয়েবসাইট: www.bro.gov.in

☐ *ভিলাই স্টিল প্ল্যান্টে বয়লার অপারেটর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —কমল ঘোষ, হাসনাবাদ, উত্তর ২৪ পরগনা।*

☐☐ ভিলাই স্টিল প্ল্যান্টে বয়লার অপারেটর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বয়লার অপারেটরের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে আই টি আই ট্রেড কোর্স পাশ। এর পাশাপাশি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফার্স্ট ক্লাস বা সেকেন্ড ক্লাস বয়লার অ্যাটেন্ড্যান্ট কম্পিটেন্সি সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক। বাকি ট্রেডগুলির ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। ড্রিল অপারেটরের ক্ষেত্রে যে-কোনও ট্রেডে আই টি আই কোর্স পাশ, সঙ্গে ওপেন কাস্ট মাইনে ড্রিল অপারেশনে ১ বছরের কাজের অভিজ্ঞতা এবং বৈধ হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। হার্থ ম্যানের ক্ষেত্রে যে-কোনও ট্রেডে আই টি আই পাশ করে থাকলেই আবেদন করা যাবে। ১৫ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in

☐ *ম্যাঙ্গালোর রিফাইনারিতে ট্রেনি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —শঙ্খদীপ চক্রবর্তী. বৈদ্যনাথপুর, হাওড়া।*

☐☐ ম্যাঙ্গালোর রিফাইনারিতে ট্রেনি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সায়েন্স বা কমার্স বা আর্টসে স্নাতক অথবা বি বি এ বা বি বি এম বা বি সি এ অথবা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় ডিপ্লোমা। কম্পিউটারের জ্ঞান থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্ট ও ফিজিক্যাল টেস্টের মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে কর্নাটকের বিভিন্ন শহরে। পরীক্ষায় (১২০ নম্বর) মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস এবং সংশ্লিষ্ট বিষয় থেকে। নেগেটিভ মার্কিং নেই। বিশদে জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.mrpl.co.in

☐ *কোস্টগার্ডে নাবিক পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —শশাঙ্ক দেবনাথ, তারকেশ্বর, হুগলি।*

☐☐ কোস্টগার্ডে নাবিক পদের ক্ষেত্রে প্রাথমিকভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচন করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও প্রিলিমিনারি মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে এই সব বিষয়ে: কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ম্যাথমেটিক্স, জেনারেল সায়েন্সেস, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স ও জেনারেল নলেজ) এবং রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২-৩ দিন ধরে। পরীক্ষা হবে নভেম্বরের শেষে। বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindiancoastguard.gov.in

☐ *এয়ার ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শুভজিৎ দাস, বারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

☐☐ এয়ার ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে বা ডেটা এন্ট্রি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া ইঞ্জিনিয়ারিং বা এয়ার ক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স/ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। সে ক্ষেত্রে অ্যাভিয়েশন-সংক্রান্ত সফটওয়্যারের কাজকর্মে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। হিউম্যান রিসোর্স বা ফিনান্স বা মেটেরিয়ালস ম্যানেজমেন্ট বা লাইব্রেরি সায়েন্স বা স্টেনোগ্রাফিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অথবা কোনও শিডিউলড এয়ারলাইন্সে অ্যাভিয়েশন-সংক্রান্ত সফটওয়্যার বা সিস্টেমস অ্যাপ্লিকেশনস প্রোডাক্টস (এস এ পি) সফটওয়্যারের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। ৫ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in

নাম : ..................

ঠিকানা : ..................

..................

..................

আপনি কি [illegible] পড়েন? হ্যাঁ/না

The Education House

# সেন্ট্রাল কোলফিল্ডসে জুনিয়র ওভারম্যান

*প্রথম পাতার পর*

ডি পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পরে কাজে লাগবে। ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। তফসিলিদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইনে অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইট থেকে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

**দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন**

✓প্রার্থীর চার কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোগুলির পিছনে প্রার্থীর নাম লিখে দেবেন।
✓ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট বা চালানের কপি।
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓২৫.৪×১১.৪ সেমি মাপের দু'টি উইন্ডো খাম।
✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্তের প্রিন্ট আউট-ভরা খামের ওপর ইংরেজির বড় হরফে পদের নাম ও অ্যাপ্লিকেশন আই ডি লিখে দেবেন। দরখাস্ত রেজিস্টার্ড পোস্ট বা স্পিড পোস্টের মাধ্যমে ২০ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The General Manager (Recruitment), Recruitment Department, 2nd floor, Damodar Building, Central Coalfields Limited, Darbhanga House, Ranchi-834 001. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# চণ্ডীগড়ে নার্সিং অফিসার

*প্রথম পাতার পর*

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pgimer.edu.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২২ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি ফর্ম্যাটে ৩ থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। যথাযথভাবে অনলাইন রেজিস্ট্রেশনের পর অ্যাপ্লিকেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে।

ফি বাবদ ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা) জমা দিতে হবে। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। চালানের মাধ্যমে ফি জমা দিতে হবে পি জি আই এম ই আর-এর অনুকূলে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কোনও শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে: 35700657347 চালানের প্রিন্ট আউট ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। ২০ নভেম্বর পর্যন্ত চালান ডাউনলোড করা যাবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্য সরকারে ২০০ ফার্মাসিস্ট

*প্রথম পাতার পর*

দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ২, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ৩, চলাচলে অক্ষম বা সেরিব্রাল পালসি ৩, খেলোয়াড় ৬।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in অনলাইন দরখাস্ত করা যাবে ১ থেকে ২১ নভেম্বর পর্যন্ত। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২২ নভেম্বর। বিশদে জানতে নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# পাওয়ার গ্রিডে ফিল্ড ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয় এবং অ্যাপটিটিউড বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ১ ঘণ্টা। কোনও নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষায় সফলদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.powergridindia.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩১ অক্টোবর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (৩০ কেবি সাইজের মধ্যে), পি ডি এফ ফর্ম্যাটে বয়সের প্রমাণপত্র (১ এম বি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র (১০ এম বি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতা বা ডিসচার্জ সার্টিফিকেট (১ এম বি সাইজের মধ্যে), কর্মরতদের ক্ষেত্রে 'নো অবজেকশন সার্টিফিকেট' (১ এম বি সাইজের মধ্যে), এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেজিস্ট্রেশন সার্টিফিকেট (১ এম বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে ৪০০ টাকা জমা দিতে হবে। ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে ফি জমা দিতে হবে। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এয়ারফোর্সে এয়ারম্যান

*প্রথম পাতার পর*

অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স বা সাইকোলজি বা কেমিস্ট্রি বা ম্যাথমেটিক্স বা আই টি বা কম্পিউটার সায়েন্স বা স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে। অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক। অথবা ইংরেজি বা সাইকোলজিতে এম এ বা ম্যাথমেটিক্স বা ফিজিক্স বা স্ট্যাটিস্টিক্স বা কম্পিউটার সায়েন্স বা আই টিতে এম এসসি অথবা এম সি এ। সব ক্ষেত্রেই বি এড ডিগ্রি পেয়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ নম্বর পাওয়া বাধ্যতামূলক।

**জন্মতারিখ:** স্নাতক প্রার্থীদের ক্ষেত্রে ১৯-৭-১৯৯৫ থেকে ১-৭-২০০০-এর মধ্যে হতে হবে। স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ১৯-৭-১৯৯২ থেকে ১-৭-২০০০-এর মধ্যে হতে হবে। বিবাহিত প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট তারিখে ২২ বছরের বেশি বয়স হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫২.৫ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। উচ্চতা ও বয়স অনুসারে ওজন হতে হবে। ভালো শ্রবণশক্তির অধিকারী হতে হবে। ৬ মিটার দূরত্ব থেকে চাপা স্বরের কথা দু'কানে স্পষ্ট শোনার ক্ষমতা থাকতে হবে।

**দৃষ্টিশক্তি:** উভয় চোখে ৬/৩৬ হতে হবে, ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য। দৃষ্টিশক্তির রিফ্র্যাকশনাল এরর $\pm$ ৩.৫ ডি-র (অ্যাস্টিগমাটিজম-সহ) বেশি হওয়া চলবে না। রং চেনার ক্ষমতা সি পি-II মানের হতে হবে।

প্রার্থী বাছাই হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও দু'পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্ট এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

দৈহিক সক্ষমতা যাচাইয়ের পরীক্ষায় থাকবে ১.৬ কিলোমিটার দৌড়। সময়সীমা অনূর্ধ্ব ২৭ বছর বয়সি প্রার্থীদের ক্ষেত্রে ৬ মিনিট ৩০ সেকেন্ড এবং ২৭ বছর বা তার বেশি বয়সি প্রার্থীদের ক্ষেত্রে ৭ মিনিট। সেইসঙ্গে থাকবে ১০টি পুশ আপ, ১০টি সিট আপ ও ২০টি স্কোয়াট।

লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি ভাগে। প্রথমভাগে ইংরেজি এবং জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ক অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। ৪৫ মিনিটের পরীক্ষা। নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয়ভাগে থাকবে এসে রাইটিং ও প্রেসি রাইটিং। পরীক্ষার দিনই ফলাফল প্রকাশ করা হবে।

লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের প্রথম পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্ট হবে। বিভিন্ন ভৌগোলিক পরিবেশের সঙ্গে প্রার্থীর মানিয়ে নেওয়ার ক্ষমতা আছে কি না, তা এই পর্বে খতিয়ে দেখা হবে। এই পরীক্ষায় সফল হলে ইনস্ট্রাকশনাল এবিলিটি টেস্ট হবে।

প্রথম পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্টে সফল হলে দ্বিতীয় পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্ট হবে। কঠোর নিয়মকানুন সংবলিত মিলিটারি ট্রেনিংয়ের সঙ্গে প্রার্থী কতটা মানিয়ে নিতে পারবে, তা এই পর্বে খতিয়ে দেখা হবে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

প্রথমে কর্নাটকের বেলগাঁওয়ের বেসিক ট্রেনিং ইনস্টিটিউটে জয়েন্ট বেসিক ফেজ ট্রেনিং। ট্রেনিং চলাকালীন মাসে ১৪,৬০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ট্রেনিং শেষে মূল বেতন ৪০,৬০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

**র‍্যালির সূচি:** ১২ নভেম্বর: দৈহিক সক্ষমতার পরীক্ষা এবং লিখিত পরীক্ষা নেওয়া হবে। ১৩ নভেম্বর অ্যাডাপ্টেবিলিটি টেস্ট এবং ইনস্ট্রাকশনাল এবিলিটি টেস্ট হবে। ১৪ নভেম্বর দ্বিতীয় পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্ট হবে।

নির্দিষ্ট দিন সকাল ৬টায় র‍্যালিকেন্দ্রে হাজির থাকতে হবে। সকাল ১০টার পরে আর র‍্যালিতে অংশগ্রহণ করা যাবে না।

**র‍্যালিতে সঙ্গে রাখবেন**

✓৭ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা)। বুকের কাছে ধরে রাখা কালো স্লেটের ওপর সাদা চকে প্রার্থীর নাম ও ফটো তোলার তারিখ লিখে ছবি তুলতে হবে। অক্টোবরের আগে তোলা ফটো চলবে না।
✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় সমস্ত মূল সার্টিফিকেট ও মার্কশিট এবং প্রত্যেকটি সার্টিফিকেট ও মার্কশিটের চারটি করে স্বপ্রত্যয়িত নকল।
✓ডোমিসাইল সার্টিফিকেট, এন সি সি সার্টিফিকেটের (থাকলে) মূল কপি ও তার চার কপি স্বপ্রত্যয়িত নকল।
✓এয়ারফোর্সে কর্মরত বা অবসরপ্রাপ্ত পার্সোনেলদের সন্তানদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের মূল কপি ও তার স্বপ্রত্যয়িত নকল।
✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০১১) ২৫৬৯-৪২০৯/৯৬০৬ অথবা (০৬৭৪) ২৫৬-১৩৩৬। ই-মেল: casb@iaf.nic.in

# ইন্ডিয়ান অয়েলে ৭৮৯

*প্রথম পাতার পর*

চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**শাখা অনুসারে শূন্য আসনের বিবরণ: কোড ১০১:** কেমিক্যাল: ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্লান্ট): হলদিয়া: ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৪)। পারাদীপ: ৭টি। বঙ্গাইগাঁও: ১৭টি। ডিগবয়: ২১টি। পানিপত: ২৭টি। মথুরা: ১১টি। গুজরাট: ২০টি। বারাউনি: ৩৮টি। গুয়াহাটি: ১৫টি।

**কোড ১০২:** মেকানিক্যাল: ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার): হলদিয়া: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পারাদীপ: ২টি। বঙ্গাইগাঁও: ৫টি। পানিপত: ২৭টি। মথুরা: ৮টি। গুজরাট: ১৫টি। বারাউনি: ৪টি। গুয়াহাটি: ৩টি।

**কোড ১০৩:** মেকানিক্যাল: ট্রেড অ্যাপ্রেন্টিস (বয়লার): হলদিয়া: ২৬টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ৩)। বঙ্গাইগাঁও: ৩টি। ডিগবয়: ৪টি। মথুরা: ৭টি। গুজরাট: ৩টি। বারাউনি: ৬টি। গুয়াহাটি: ৬টি।

**কোড ১০৪:** কেমিক্যাল: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ৫০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ২, ও বি সি ১১, আর্থিকভাবে অনগ্রসর ৫)। পারাদীপ: ১৬টি। বঙ্গাইগাঁও: ১০টি। ডিগবয়: ৪টি। পানিপত: ২৬টি। মথুরা: ১১টি। গুজরাট: ২০টি। বারাউনি: ৪টি। গুয়াহাটি: ৬টি।

**কোড ১০৫:** মেকানিক্যাল: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পারাদীপ: ২টি। বঙ্গাইগাঁও: ১৩টি। ডিগবয়: ১০টি। পানিপত: ৬টি। মথুরা: ৮টি। গুজরাট: ১৫টি। বারাউনি: ৪টি। গুয়াহাটি: ৬টি।

**কোড ১০৬:** ইলেক্ট্রিক্যাল: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পারাদীপ: ৮টি। বঙ্গাইগাঁও: ৫টি। ডিগবয়: ১৩টি। পানিপত: ২৫টি। মথুরা: ৮টি। গুজরাট: ১৮টি। বারাউনি: ৪টি। গুয়াহাটি: ৭টি।

**কোড ১০৭:** ইনস্ট্রুমেন্টেশন: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পারাদীপ: ৩টি। বঙ্গাইগাঁও: ৪টি। ডিগবয়: ৫টি। পানিপত: ৫টি। মথুরা: ৬টি। গুজরাট: ১০টি। বারাউনি: ৪টি। গুয়াহাটি: ৩টি।

**কোড ১০৮:** সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ট্রেড অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পারাদীপ: ২টি। বঙ্গাইগাঁও: ৫টি। ডিগবয়: ৬টি। পানিপত: ৪টি। মথুরা: ৪টি। গুজরাট: ৪টি। বারাউনি: ৩টি। গুয়াহাটি: ৫টি।

**কোড ১০৯:** অ্যাকাউন্ট্যান্ট: ট্রেড অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পারাদীপ: ২টি। বঙ্গাইগাঁও: ১টি। ডিগবয়: ১টি। পানিপত: ১টি। মথুরা: ১টি। গুজরাট: ২টি। বারাউনি: ২টি। গুয়াহাটি: ১টি।

**কোড ১১০:** ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার): ট্রেড অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পারাদীপ: ২টি। বঙ্গাইগাঁও: ২টি। ডিগবয়: ২টি। পানিপত: ২টি। মথুরা: ২টি। গুজরাট: ৩টি। বারাউনি: ২টি। গুয়াহাটি: ২টি।

**কোড ১১১:** ডেটা এন্ট্রি অপারেটর: ট্রেড অ্যাপ্রেন্টিস: হলদিয়া: ৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১)। পারাদীপ: ২টি। বঙ্গাইগাঁও: ২টি। ডিগবয়: ৩টি। পানিপত: ৩টি। মথুরা: ৩টি। গুজরাট: ৪টি। বারাউনি: ৩টি। গুয়াহাটি: ৩টি।

মনে রাখবেন, প্রার্থী যে-কোনও একটি রিফাইনারির নির্দিষ্ট আসনে আবেদন করতে পারবেন।

বিষয় অনুসারে শিক্ষাগত যোগ্যতা: **টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** মেকানিক্যাল শাখার (কোড ১০৫) ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। ইলেক্ট্রিক্যাল শাখার (কোড ১০৬) ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। ইনস্ট্রুমেন্টেশন শাখার (কোড ১০৭) ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। কেমিক্যাল শাখার (কোড ১০৪) ক্ষেত্রে কেমিক্যাল বা রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**ট্রেড অ্যাপ্রেন্টিস:** মেকানিক্যাল-বয়লার (কোড ১০৩) এবং কেমিক্যাল-কেমিক্যাল প্লান্ট (কোড ১০১) শাখার ক্ষেত্রে ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি-সহ বি এসসি। মেকানিক্যাল-ফিটার (কোড ১০২) শাখার ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে ফিটার ট্রেডে আই টি আই কোর্স পাশ। সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট (কোড ১০৮) ট্রেডের ক্ষেত্রে বি এ বা বি এসসি বা বি কম পাশ। অ্যাকাউন্ট্যান্ট (কোড ১০৯) ট্রেডের ক্ষেত্রে বি কম পাশ। ডেটা এন্ট্রি অপারেটর-ফ্রেশার (কোড ১১০)-এর ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পাশ। ডেটা এন্ট্রি অপারেটর (কোড ১১১) ট্রেডের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক, সঙ্গে ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটরের স্কিল সার্টিফিকেট কোর্স পাশ।

উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা এবং স্নাতকদের ক্ষেত্রে ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ল্যাটেরাল এন্ট্রিতে ডিপ্লোমা পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। আই টি আইয়ের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই আবেদন করা যাবে।

৩১-১০-২০১৯ তারিখ অনুসারে ৩ বছর আগে ইঞ্জিনিয়ারিং পাশ করে থাকলে, কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে অংশ নিয়ে থাকলে বা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় ধরে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

**বয়স:** ৩১-১০-২০১৯ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। পশ্চিমবঙ্গের শূন্য আসনের ক্ষেত্রে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৪ নভেম্বর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com অনলাইন আবেদন করা যাবে ১৫ নভেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো এবং সই (উভয়ই জেপিজি ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

রিফাইনারি অনুসারে এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বরগুলি হল: হলদিয়া: HR/RECTT/02/2019 (APP). গুয়াহাটি: GR/P/APP/2019-20. বারাউনি: BR/HR/APPR/2019-20. গুজরাট: JR/04/2019. মথুরা: MR/HR/APP/2019-20. পানিপত: PR/P/Apprentice/52 (2019-20). ডিগবয়: DR/TA2019 (2). বঙ্গাইগাঁও: BGR/Appr/2019/02. পারাদীপ: PDR/HR/02/Apprentices-19.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.iocl.com

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৪ অক্টোবর-২২ অক্টোবর

**১৪ অক্টোবর** পোল্যান্ডের নির্বাচনে সে দেশের শাসক দল ল অ্যান্ড জাস্টিস পার্টিই ফের জয়লাভ করল। ৪৫.২ শতাংশ ভোট পেয়েছে তারা। এই জয়ে পোল্যান্ডে গণতান্ত্রিক রীতিনীতির অবনমন নিয়ে বিতর্ক আরও বাড়ল। বাড়ল ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে সংঘাতের সম্ভাবনাও। আগের মেয়াদেই শাসকগোষ্ঠীর বিরুদ্ধে বিচারবিভাগে হস্তক্ষেপ, সংবাদমাধ্যমের স্বাধীন চরিত্র হননের অভিযোগ উঠেছিল।

## দেশে ফিরে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে নোবেল জয়ী



২২ অক্টোবর: নোবেল জয়ের পর দেশের মাটিতে পা দিয়ে কলকাতা আসার আগেই নয়াদিল্লিতে প্রধানমন্ত্রীর বাসভবনে গিয়ে নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করলেন অভিজিৎ বন্দ্যোপাধ্যায়। প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করার পর অভিজিৎ বলেন, 'প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক অনন্য অভিজ্ঞতা। আমরা নীতির কথা শুনি, তার পিছনে ভাবনার কথা শোনা হয় না। উনি প্রশাসনকে কী ভাবে দেখেন, কেন মানুষের অবিশ্বাস প্রশাসনে ছাপ ফেলে, কী ভাবে প্রশাসন অভিজাতদের নিয়ন্ত্রণে চলে যায়, সরকার আর সংবেদনশীল থাকে না, তা নিয়ে কথা বলেছেন।' অন্যদিকে প্রধানমন্ত্রীও নোবেলজয়ীর সঙ্গে আলোচনা সম্পর্কে নিজের উচ্ছ্বাস চেপে রাখেননি। তিনি বলেন,'নোবেলজয়ী অভিজিৎ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে অসাধারণ আলোচনা হল। মানুষের ক্ষমতায়নের ব্যাপারে তাঁর আগ্রহ খুবই স্পষ্ট। বিভিন্ন বিষয়ে আমাদের মধ্যে খুবই স্বাস্থ্যকর এবং সবিস্তার কথাবার্তা হল। ওঁর সাফল্যে ভারত গর্বিত। অভিজিতের ভবিষ্যৎ কর্মকাণ্ডের জন্য শুভেচ্ছা জানিয়ে রাখছি।' ছবি: পি টি আই

**১৫ অক্টোবর** ভারতের উপর দিয়ে বয়ে চলা নদীর জল পাকিস্তানকে দেওয়া হবে না বলে সাফ জানিয়ে দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। হরিয়ানার চরখি দাদরিতে ভোট প্রচারে গিয়ে মোদী এদিন বলেন, 'গত ৭০ বছর ধরে হরিয়ানার এই এলাকা তথা ভারতের কৃষকদের অধিকারে থাকা যে জল পাকিস্তানে বয়ে গিয়েছে, ওই জল আপনাদের ঘরে ঘরে পৌঁছবে।' প্রধানমন্ত্রীর মতে, এই জলের উপর অধিকার রয়েছে হরিয়ানা আর রাজস্থানের কৃষকদের। কাশ্মীর পরিস্থিতি নিয়ে ইসলামাবাদ-নয়াদিল্লির সম্পর্কের টানাপড়েনের মধ্যে পাকিস্তানকে জল দেওয়া প্রসঙ্গে প্রধানমন্ত্রীর এদিনের বক্তব্য যথেষ্ট তাৎপর্যপূর্ণ। যদিও ইসলামাবাদ এদিন এই বক্তব্যের কোনও প্রতিক্রিয়া জানায়নি।

**১৬ অক্টোবর** জাল নোটের সমস্যার মোকাবিলা করতে রিজার্ভ ব্যাঙ্ক আপাতত ২০০০ টাকার নোট ছাপানো বন্ধ রেখেছে বলে জানা গেল। চলতি অর্থবর্ষে এখনও পর্যন্ত একটিও ২০০০ টাকার নোট ছাপানো হয়নি দেশে। তথ্য জানার অধিকার আইনে করা এক আবেদনের জবাবে এ কথা জানিয়েছে আরবিআই। উল্লেখ্য, ২০১৬ সালে জাল ও কালো টাকার সমস্যা নির্মূল করার যুক্তি দেখিয়েই পুরনো পাঁচশো ও হাজার টাকার নোট বাতিল করেছিল কেন্দ্র।

**জম্মু-কাশ্মীরের চেনানী থেকে নাশরী পর্যন্ত এশিয়ার দীর্ঘতম পাটনীটপ সুড়ঙ্গের নামকরণ হল শ্যামাপ্রসাদ-মুখোপাধ্যায়ের নামে।** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সুড়ঙ্গটির উদ্বোধন করেছিলেন ২০১৭-র ২ এপ্রিল। এ বারে সেটি শ্যামাপ্রসাদের নামে করার সিদ্ধান্ত নিল তাঁর সরকার। উল্লেখ্য, জম্মু-কাশ্মীরে বিনা পারমিটে ঢুকে বন্দি অবস্থায় মৃত্যু হয়েছিল শ্যামাপ্রসাদের। ৩৭০ অনুচ্ছেদ রদের পর এদিন এই নাম বদলের কথা ঘোষণা করেন মন্ত্রী নিতিন গড়করী।

**ভারতের রাজকোষ ঘাটতি নিয়ন্ত্রণে রাখা জরুরি বলে মন্তব্য করলেন আন্তর্জাতিক অর্থ ভাণ্ডারের (আইএমএফ) মুখ্য অর্থনীতিবিদ, গীতা গোপীনাথ।** তবে দেশের আর্থিক সঙ্কট মোকাবিলায় অর্থমন্ত্রীর সাম্প্রতিক পদক্ষেপগুলির প্রশংসা করেছেন তিনি। এছাড়া বিশ্ব অর্থনীতি নিয়ে গোপীনাথের বার্তা, চিন-মার্কিন শুল্ক যুদ্ধের জেরে ধাক্কা খাবে তার বৃদ্ধি।



“এই অসহিষ্ণু ব্যক্তিরা ঘৃণায় অন্ধ। এঁদের ধারণাই নেই, পেশাদারিত্ব কাকে বলে। আপনি একদশক ধরে চেষ্টা করলেও ওঁদের মাথায় তা ঢোকাতে পারবেন না। তবে এটা জেনে রাখুন, লক্ষ লক্ষ ভারতীয় আপনার কাজে গর্বিত।”

রাহুল গান্ধী, *প্রাক্তন কংগ্রেস সভাপতি*

নোবেলজয়ী অর্থনীতিবিদ অভিজিৎ বন্দ্যোপাধ্যায়ের ভাবনাকে (কংগ্রেসের 'ন্যায়' প্রকল্পের প্রসঙ্গ তুলে) ভারত খারিজ করেছে বলে কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রী পীযূষ গয়ালের মন্তব্যের জবাবে

## আর্থিক সঙ্কট নিয়ে বিজেপিকে জবাব মনমোহনের



১৭ অক্টোবর: ব্যাঙ্কে আর্থিক সঙ্কটের দায় নিয়ে কেন্দ্রের অভিযোগের জবাব দিলেন প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং। মুম্বইয়ে এক সাংবাদিক সম্মেলনে বললেন, এই সরকার বিরোধীদের উপর দোষ চাপানোর কাজে এতটাই মশগুল যে, অর্থনীতিকে ঘুরিয়ে দাঁড় করানোর রাস্তা খুঁজে উঠতে পারছে না। সম্প্রতি অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছিলেন, মনমোহন ও রঘুরাম রাজনের জুটি একসঙ্গে ক্ষমতায় থাকাকালীনই দেশের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি সবচেয়ে খারাপ অবস্থার মধ্যে দিয়ে গিয়েছে। এদিন তারই জবাব দিতে গিয়ে প্রাক্তন প্রধানমন্ত্রী দাবি করেন, অর্থনীতির অসুখ সারাতে হলে আগে রোগটা ঠিকঠাক ধরতে হবে। কিন্তু এখনও পর্যন্ত সেটাই করে উঠতে পারেনি নরেন্দ্র মোদীর সরকার। এদিন মনমোহন তাঁর জমানায় কিছু দুর্বলতার কথা মেনে নিলেও, বলেন, 'বছরের পর বছর ধরে অর্থনীতির প্রতিটি ত্রুটি ইউপিএ সরকারের বলে দোষারোপ করা উচিত নয়। প্রায় সাড়ে পাঁচ বছর আপনারা ক্ষমতায় আছেন। এতটা সময় মানুষের স্বার্থে ভাল ও বিশ্বাসযোগ্য কাজ করার জন্য যথেষ্ট।'

**১৭ অক্টোবর** পাঁচ বছরের কম বয়সি শিশুদের মৃত্যুর হার ভারতে সবচেয়ে বেশি বলে একটি রিপোর্টে দাবি করল ইউনিসেফ। রিপোর্টে বলা হয়েছে, ২০১৮ সালে ভারতে পাঁচ বছরের কম বয়সি শিশু মৃত্যুর মোট সংখ্যা ৮ লক্ষ ৮২ হাজার। নাইজেরিয়ায় সেই সংখ্যা ৮ লক্ষ ৬৬ হাজার এবং পাকিস্তানে সেই সংখ্যাটাই ৪ লক্ষ ৯ হাজার।

**জলঙ্গির কাকমারি চরে ভারত-বাংলাদেশ সীমান্তে বর্ডার গার্ড বাংলাদেশ বা বিজিবি-র গুলিতে নিহত হলেন বিএসএফের এক জওয়ান বিজয়ভান সিংহ।** অপর এক জওয়ান রাজবীর সিং যাদব জখম হয়েছেন। পদ্মায় ইলিশ ধরতে যাওয়া ভারতীয় মৎস্যজীবীদের আটক করা নিয়ে দুই দেশের সীমান্তরক্ষী জওয়ানদের বাদানুবাদ থেকে গুলি চলে বলে খবরে প্রকাশ।

**১৮ অক্টোবর** নিজের উত্তরসূরি হিসেবে সুপ্রিম কোর্টের প্রবীণতম বিচারপতি এস এ বোবদের নাম প্রস্তাব করলেন প্রধান বিচারপতি রঞ্জন গগৈ। বিচারপতি বোবদে প্রধান বিচারপতি নিযুক্ত হলে ২০২১ সালের ২৩ এপ্রিল পর্যন্ত ওই পদে থাকবেন। সরকারি সূত্রে জানা গিয়েছে, পরবর্তী প্রধান বিচারপতির নাম প্রস্তাব করে গগৈ কেন্দ্রীয় আইন মন্ত্রকের কাছে চিঠি পাঠিয়েছেন। রীতি অনুযায়ী প্রধান বিচারপতি অবসর গ্রহণের এক মাস আগে তাঁর উত্তরসূরির নাম প্রস্তাব করে থাকেন। উল্লেখ্য, প্রধান বিচারপতি গগৈ আগামী ১৭ নভেম্বর অবসর নেবেন।

**ন্যাশনাল সিকিওরিটি গার্ড (এনএসজি)-এর ডিজি পদে অনুপ কুমার সিংহকে নিয়োগ করল স্বরাষ্ট্র মন্ত্রক।** গুজরাট ক্যাডারের ১৯৮৫ ব্যাচের আইপিএস অনুপ ২০২০ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত ওই পদে থাকবেন।

**উত্তরপ্রদেশের কট্টরপন্থী হিন্দুত্ববাদী সংগঠন 'হিন্দু সমাজ পার্টি'-র নেতা কমলেশ তিওয়ারিকে তাঁর নিজের বাড়িতেই হত্যা করল দুষ্কৃতীরা।** লখনউ পুলিশ ১০টি দল গঠন করে এই হত্যাকাণ্ডের তদন্ত শুরু করেছে। উল্লেখ্য, দু'বছর আগে হিন্দু সমাজ পার্টি প্রতিষ্ঠা করেছিলেন কমলেশ।

## মহাকাশে স্পেসওয়াকে নজির দুই মহিলা নভশ্চরের



১৮ অক্টোবর: প্রথম মহিলা দল হিসেবে মহাকাশে 'স্পেস ওয়াক' করে ইতিহাস গড়লেন নাসার দুই মহিলা নভশ্চর ক্রিস্টিনা কোখ ও জেসিকা মেয়ার। পৃথিবীর কক্ষপথে ঘুরতে থাকা বাসযোগ্য কৃত্রিম উপগ্রহ 'ইন্টারন্যাশনাল স্পেস স্টেশন'-এ কোনও যান্ত্রিক ত্রুটি ধরা পড়লে, সেখানে থাকা মহাকাশচারীরাই তা মেরামত করেন। এর জন্য স্পেস স্টেশনের বাইরে বেরিয়ে মহাশূন্যে নেমে যন্ত্রপাতি সারাতে হয়। এই হাঁটাকেই বলে 'স্পেসওয়াক'। গত অর্ধশতাব্দীতে এমন স্পেসওয়াক হয়েছে ৪২০টি। কিন্তু সব অভিযানেই দলে থেকেছেন কোনও না কোনও পুরুষ নভশ্চর। ৪২১তম স্পেসওয়াকে তার ব্যতিক্রম ঘটল। ক্রিস্টিনার এটি ছিল চতুর্থ স্পেসওয়াক আর জেসিকার প্রথম।

**১৯ অক্টোবর** পাকিস্তানের পক্ষ নেওয়ায় তুরস্কে প্রধানমন্ত্রীর সফর বাতিল করল ভারত। কাশ্মীরের বিশেষ মর্যাদা বাতিল 'ভারতের অন্যায় পদক্ষেপ' বলে রাষ্ট্রপুঞ্জে সরব হয়েছিল তুরস্ক। ভারত বিষয়টি ভাল ভাবে নেয়নি। নরেন্দ্র মোদীর আসন্ন সফর বাতিল করে এ দিন সেই বার্তাই দিল নয়াদিল্লি। গত জুন মাসে জাপানের ওসাকায় তুর্কি প্রেসিডেন্ট রিচেপ তায়েপ এর্ডোয়ানের সঙ্গে বৈঠকে স্থির হয়েছিল, চলতি বছরের শেষে আঙ্কারায় যাবেন মোদী। আপাতত সেটাই স্থগিত রাখা হয়েছে।

**কাশ্মীরে এখনও বিক্ষোভ নিষিদ্ধই রাখল সেখানকার প্রশাসন।** সম্প্রতি শ্রীনগরের প্রতাপ সিং পার্কে বিক্ষোভ দেখাতে গিয়ে গ্রেপ্তার হন ফারুক আবদুল্লার বোন সুরাইয়া ও কন্যা সাফিয়া-সহ ১৩ জন মহিলা। পরে প্রকাশ্যে মুখ না খোলার লিখিত প্রতিশ্রুতি দিয়ে তাঁরা মুক্তি পান। এদিন এক প্রশ্নের জবাবে জম্মু-কাশ্মীর পুলিশের ডিজি দিলবাগ সিং জানিয়েছেন, কাশ্মীরে এখন কোনও বিক্ষোভ-ধর্নার অনুমতি দেওয়া হবে না। তাঁর কথায়, 'কাশ্মীরের পরিস্থিতি আগে আরও স্থিতিশীল হওয়া প্রয়োজন।'

**রাষ্ট্রপুঞ্জে আর্থিক সঙ্কটের জেরে উদ্বেগ প্রকাশ করলেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেস।** টাকার অভাবের জেরেই শনি ও রবিবার বন্ধ থাকছে নিউইয়র্কে রাষ্ট্রপুঞ্জের সদর দপ্তর। সংস্থার তরফে তা টুইট করে জানানো হয়েছে। রাষ্ট্রপুঞ্জের প্রকাশিত একটি নথি অনুযায়ী, ২০১৮-১৯ অর্থবর্ষে ১৯৩টি সদস্য দেশের মধ্যে ভারত-সহ মাত্র ৩৫টি দেশ নির্দিষ্ট সময়ে বার্ষিক অনুদান জমা দিয়েছে। অবস্থা এমন জায়গায় পৌঁছেছে যে পরের মাসে কর্মীদের বেতন না-ও হতে পারে বলে উদ্বেগ প্রকাশ করেছেন মহাসচিব।

**২১ অক্টোবর** 'বর্তমান' সংবাদপত্রের প্রধান সম্পাদক শুভা দত্ত (৬৭) প্রয়াত হলেন। তাঁর দাদা বর্তমান কাগজের প্রতিষ্ঠাতা-সম্পাদক বরুণ সেনগুপ্তের হাত ধরে সাংবাদিকতায় আসেন তিনি। ২০০৮ সালে বরুণ সেনগুপ্তর মৃত্যুর পর কাগজের দায়িত্ব নেন। বর্তমান গোষ্ঠীর সব প্রকাশনারই প্রধান সম্পাদক ছিলেন তিনি। শুভাদেবীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

**২২ অক্টোবর** সিবিআইয়ের দায়ের করা আইএনএক্স মিডিয়া সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্টে জামিন পেলেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী পি চিদম্বরম। সুপ্রিম কোর্টে বিচারপতি আর ভানুমতীর নেতৃত্বাধীন বেঞ্চ বলেছে, চিদম্বরম যদি অন্য মামলায় গ্রেপ্তার না হয়ে থাকেন, তা হলে তিনি এক লক্ষ টাকা ব্যক্তিগত বন্ডে জামিন পেতে পারেন। তবে চিদম্বরম আদালতের অনুমতি ছাড়া দেশ ছাড়তে পারবেন না।

## বিশ্ব ক্ষুধা সূচকে ভারত নেমে ১০২



১৫ অক্টোবর: চলতি বছরে বিশ্ব ক্ষুধা সূচকে ১০২ তম স্থানে নেমে গেল ভারত। ক্ষুধা মেটানোর তালিকায় ভারতের চেয়ে এগিয়ে রয়েছে পাকিস্তান, বাংলাদেশ, শ্রীলঙ্কা, নেপালের মতো দেশ। অপুষ্টি, শিশুমৃত্যু, পাঁচ বছরের চেয়ে কমবয়সি শিশুদের উচ্চতার তুলনায় কম ওজনের (চাইল্ড ওয়েস্টিং) মতো কয়েকটি মাপকাঠিতে বিভিন্ন দেশকে বিচার করে বিশ্ব ক্ষুধা সূচক। ২০১৯ সালের চাইল্ড ওয়েস্টিং সবচেয়ে বেশি প্রকট ভারত, ইয়েমেন ও জিবুতিতে। ভারতে চাইল্ড ওয়েস্টিংয়ের হার ২০.৮ শতাংশ। আন্তর্জাতিক ক্ষুধা সূচক অনুযায়ী, চাইল্ড ওয়েস্টিংয়ের হার ভারতে সর্বোচ্চ।

## পাক ঘাঁটিতে প্রবল গোলাবর্ষণ ভারতের



২০ অক্টোবর: পাকিস্তান সংঘর্ষবিরতি লঙ্ঘন করায় পাক-অধিকৃত কাশ্মীরে ভারত প্রবল গোলাবর্ষণ করেছে বলে দাবি করল ভারতীয় সেনা। এর আগে তংধার সেক্টরে পাক হামলায় নিহত হন দুই সেনা ও এক গ্রামবাসী। ভারতীয় সেনার বক্তব্য, ভারতের গোলাবর্ষণে নিয়ন্ত্রণরেখার কাছে থাকা অন্তত তিনটি পাক জঙ্গি ঘাঁটি ধ্বংস হয়েছে। পাক সেনা ও জঙ্গি মিলিয়ে নিহতের সংখ্যা অন্তত কুড়ি। এর আগে উরির সেনা ঘাঁটি এবং পুলওয়ামায় আধাসেনার উপরে হামলার জবাবে পাক অধিকৃত কাশ্মীর ও পাকিস্তানের বালাকোটে অভিযান চালিয়েছিল ভারত। এ বার জঙ্গি ঘাঁটি লক্ষ্য করে গোলাবর্ষণ করেছে সেনা। অন্য দিকে মহারাষ্ট্র ও হরিয়ানায় ভোটের ঠিক এক দিন আগে নিয়ন্ত্রণরেখায় সংঘর্ষ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত কিনা সেই প্রশ্ন তুলেছে কংগ্রেস-আরজেডির মতো বিরোধী দলগুলি।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# কাজের পাশাপাশি পড়াশোনা ও জীবন থেকে শেখো, সব মিলিয়েই তৈরি হবে সাফল্যের সিঁড়ি



**সঞ্জীব চট্টোপাধ্যায়**
রিজিওনাল ম্যানেজার-চ্যানেল ডেভেলপমেন্ট (পূর্ব ভারত)
স্যামসাং ইন্ডিয়া ইলেকট্রনিকস প্রাইভেট লিমিটেড

পড়াশোনা শেষ করে যখন চাকরির বাজারে প্রার্থী হিসেবে প্রবেশ করবে, তখন দেখবে নতুন জগৎটা মোটেই ছেড়ে আসা পড়াশোনার জগতের মতো নয়। দু'জায়গাতেই শুরু থেকে নানা পরীক্ষা দিতে হয়, তার মাধ্যমে প্রাথমিক দক্ষতা যাচাই করা হয়। কিন্তু পরীক্ষা নেওয়ার ধাঁচে যেমন, তেমনই পরীক্ষকের দৃষ্টিভঙ্গিতেও বিস্তর তফাত আছে। একটা উদাহরণ দিলে বিষয়টা স্পষ্ট হবে। স্কুল ফাইনালের মতো বোর্ডের বিভিন্ন পরীক্ষায় কর্তৃপক্ষ চান বেশির ভাগ ছেলেমেয়েই যেন পাশ করে যায়, ফলে নিরানব্বই শতাংশ ছেলেমেয়েই সেখানে সফল হয়। অন্যদিকে, চাকরির পরীক্ষা একেবারে উল্টো। সেখানে লক্ষ্য থাকে নিরানব্বই জনকে বাতিল করে চূড়ান্ত যোগ্য লোকটিকে নিতে হবে। অতএব এটা মাথায় রাখো, ইন্টারভিউয়ে তোমায় বাতিল করে দেওয়ার চেষ্টাটাই করা হবে। যদি কোনও ছোট ভুলও করে বসো, সুযোগ হাতছাড়া হওয়ার প্রবল সম্ভাবনা থাকবে। তাই তোমার কাজ হবে ওইটুকু সময় নিজের প্রতিরক্ষা ব্যবস্থাকে নিখুঁত ও জমাট করে রেখে নিজেকে টিকিয়ে রাখার চেষ্টা করে যাওয়া। নিজের সবটুকু গুণ গুছিয়ে ইন্টারভিউয়ারের সামনে রাখতে হবে, কিন্তু সেটা যেন দেখানেপনা বা আত্মম্ভরিতা বলে তিনি ভেবে না বসেন সেদিকে লক্ষ রেখে।

### ইন্টারভিউয়ারের যাচাই পদ্ধতি

ইন্টারভিউয়ারদের এক-এক জনের এক-এক রকম পদ্ধতি থাকে প্রার্থীকে পরীক্ষা করার। পরিস্থিতি সাপেক্ষে স্মার্টনেস, উপস্থিত বুদ্ধি দেখা হয়। অনেক সময় প্রার্থীকে বিভ্রান্ত করে দিয়ে দেখা হয় সে নার্ভাস হয়ে পড়ছে, না আত্মবিশ্বাস অটুট থাকছে। অনেকে আবার খুবই হালকা মেজাজে, সহজ হয়ে কথা বলার পক্ষপাতী। তাতে কী হয়, সাধারণত ইন্টারভিউয়ারের সামনে সবাই খুব সচেতন থাকার চেষ্টা করে। কিন্তু যখন ইন্টারভিউয়ারই বন্ধুর মতো কথা বলছেন, তখন প্রার্থীরও ক্রমশ অসতর্ক হয়ে পড়ার সম্ভাবনা থাকে। তখন হয়ত সে এমন কথাও বলে ফেলে যা সংস্থার জন্য ঠিক নয়। ফলে ইন্টারভিউয়ারের পক্ষে তখন তাকে বাতিল করার কাজটা অনেক সহজ হয়ে যায়।

তাই সহজ প্রশ্ন হোক বা জটিল, নিজেকে একই সঙ্গে পরিস্থিতি অনুযায়ী সংযত ও নমনীয় রাখতে হবে। কঠিন প্রশ্ন আসছে বলে ঘাবড়ে গেলে মুশকিল, আবার সহজ প্রশ্নের সামনে নিজেকে বেশি লঘু করে ফেললেও বিপদ। মনে রাখতে হবে, প্রতিটি উত্তরের মধ্য দিয়েই তোমার চুলচেরা বিচার চলছে।

### পড়াশোনা চালিয়ে যাও

কোনও প্রফেশনাল কোর্স না করলে এখনকার দিনে ভালো চাকরি পাওয়া কঠিন। তাই যারা উচ্চমাধ্যমিক বা স্নাতকের পড়া শেষ করেই চাকরি করছ, তারা পাশাপাশি ভবিষ্যতের জন্য পরিকল্পনা করতে থাকো। বেতনের একটা অংশ জমাতে চেষ্টা করো। দু'-এক বছর চাকরির পর সেই জমানো টাকা দিয়ে প্রফেশনাল কোর্স শুরু করতে পারো। সেইসঙ্গে শিক্ষাঋণ পাওয়া যায় বিভিন্ন শর্তে, দুয়ে মিলিয়ে পড়ার খরচ উঠে যাবে। সেটা বিজনেস ম্যানেজমেন্ট হতে পারে, টেকনোলজি হতে পারে বা অন্য কোনও পেশাদার কোর্স।

### কাজ করতে করতে শেখো

কাজ শুরু করা ছাড়া যেখানে উপায় নেই, সে ক্ষেত্রে ছোটোখাটো ফার্মে কাজ শুরু করতে পারো। তাতে অভিজ্ঞতা বাড়বে। মানুষের সঙ্গে মেলামেশা বাড়বে। অ্যাকাউন্টসের কাজ হোক বা সেলসের কাজ বা দোকানে দাঁড়িয়ে মোবাইল বিক্রি— সেই চাকরির পাশাপাশি কষ্ট করে হলেও পড়াশোনা এবং পেশাগত পড়াশোনা এগিয়ে নিয়ে চলো। নিজেকে কোথাও আটকে রাখলে নিজেরই ক্ষতি। নিজের মধ্যে চাহিদা থাকলে তবেই নিজেকে তার যোগ্য করে তোলার তাগিদ থাকবে। শেখাটা তাই জরুরি। কাজ করতে করতে শেখো, পড়াশোনা করতে করতে শেখো, জীবন থেকে শেখো। সব মিলিয়েই তোমার সাফল্যের সিঁড়ি তৈরি হবে।

> ইন্টারভিউয়ে প্রশ্ন সহজ হোক বা কঠিন— প্রতিটি উত্তরের মধ্য দিয়েই তোমার চুলচেরা বিচার চলবে।

### টুকরো পরামর্শ

- ইন্টারভিউয়ারকে কখনওই নিজে থেকে মাইনে সংক্রান্ত প্রশ্ন করা ঠিক নয়।
- ইন্টারভিউয়ের ফল কী হল বা কবে জানানো হবে, সেই নিয়ে জানতে চাওয়াও ঠিক নয়।
- ঘরে ঢুকে বা কথা বলতে বলতে চারপাশে তাকিও না।
- গুছিয়ে উত্তর দেবে বলে অনেক ভাবনাচিন্তা করে সময় নষ্ট কোরো না, ভাষা নিয়ে না ভেবে ছোট-ছোট পয়েন্টে উত্তর দাও।

# এয়ার ইন্ডিয়ায় ১৭০

১৭০ জন অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর নেবে এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস। এটি এয়ার ইন্ডিয়ার অধীনস্থ ভর্তুকিপ্রাপ্ত একটি সংস্থা। প্রাথমিকভাবে ৫ বছরের চুক্তিতে সংস্থার চার রিজিয়নে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন, মেটিরিয়াল ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট ও ফিনান্সে নিয়োগ করা হবে।

'কর্মক্ষেত্র'-র ৪ সেপ্টেম্বর সংখ্যায় 'এয়ার ইন্ডিয়ায় ১৭০ অ্যাসিস্ট্যান্ট সুপারভাইজর' শিরোনামে এই নিয়োগের খবরটি প্রকাশিত হয়েছিল। তবে সংশ্লিষ্ট সংস্থা গত ৩০ সেপ্টেম্বর নতুন একটি বিজ্ঞপ্তি প্রকাশ করে আবেদনের যোগ্যতা-সংক্রান্ত কিছু পরিবর্তনের বিষয়ে জানিয়েছে। 'কর্মক্ষেত্র'-র এই সংখ্যায় পরিবর্তিত নিয়ম-সহ পূর্ণাঙ্গ খবরটি পুনরায় প্রকাশ করা হল।

বিজ্ঞপ্তি নম্বর: AIESL/AS/2019 অনুসারে যাঁরা ইতিমধ্যে আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করতে হবে না বলে জানানো হয়েছে সংস্থার তরফে।

রিজিয়ন অনুসারে শূন্যপদ: নর্দার্ন রিজিয়ন: শূন্যপদ ৫০টি। ইস্টার্ন রিজিয়ন: শূন্যপদ ১৫টি। সাদার্ন রিজিয়ন: শূন্যপদ ২৫টি। ওয়েস্টার্ন রিজিয়ন: শূন্যপদ ৮০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে বা ডেটা এন্ট্রি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া ইঞ্জিনিয়ারিং বা এয়ার ক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স/ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। সে ক্ষেত্রে অ্যাভিয়েশন-সংক্রান্ত সফটওয়্যারের কাজকর্মে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। হিউম্যান রিসোর্স বা ফিনান্স বা মেটেরিয়ালস ম্যানেজমেন্ট বা লাইব্রেরি সায়েন্স বা স্টেনোগ্রাফিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অথবা কোনও শিডিউলড এয়ারলাইন্সে অ্যাভিয়েশন-সংক্রান্ত সফটওয়্যার বা সিস্টেমস অ্যাপ্লিকেশনস প্রোডাক্টস (এস এ পি) সফটওয়্যারের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

বয়স: ১-৮-২০১৯ তারিখে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন। বেতন: নির্দিষ্ট মাসিক ১৯,৫৭০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন স্কিল টেস্টের মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। স্কিল টেস্ট হবে ২৪ নভেম্বর। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১০ নভেম্বর থেকে ১৫ নভেম্বরের মধ্যে।

এই নিয়োগের রেফারেন্স নম্বর: AIESL/AS/2019/ Corrigendum-I.

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in দরখাস্ত করা যাবে ৫ নভেম্বর পর্যন্ত। প্রার্থী যে-রিজিয়নের শূন্যপদে আবেদন করতে চান তা দরখাস্তের সময় উল্লেখ করে দেবেন। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো আপলোড করতে হবে (তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না)। ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। দরখাস্তের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine.com Great careers start here

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

PS AVIATION

Company
**PS AVIATION ACADEMY PVT.LTD**
Position Title
**Ground staff and Cabin crew**
Experience, Location
**Fresher ,Kolkata , Delhi,Vizag**
Profile
Hiring Fresher Candidates for International and domestic Airlines Qualification minimum 12th Passed Starting salary for cabin crew-30000 to 35000 pm, Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26, Age limit for Ground staff -18 to 28 Male female both can apply.
Contact no-8240117926/ 9007421048, mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com

Company
**Chakri Bazar**
Position Title
**Back office executive**
Experience, Location
**1-2 years,Kolkata**
Profile
Urgently hiring for an accountant. B.com Graduate Minimum experience 1year to 2 year. Fresher are also welcome.location kolkata. salary 12k to 15k. Required knowledge in tally Gst. Contact person :9123935416/8697923815
Email id : Info@chakribazar.in
To apply for this job, log on to www.shine.com

IBM India Pvt. Ltd.

Company
**IBM India Pvt. Ltd.**
Position Title
**Web Consultant**
Experience, Location
**3-10 Yrs, Kolkata**
Profile
Should have experience developing software solutions, including coding, testing and deploymentShould have knowledge of Visualforce, Lightning, Apex, Salesforce REST API and Data Loader
To apply for this job, log on to www.shine.com and search using **10401737** as keyword

Alom Poly Extrusions Ltd

Company
**Alom Poly Extrusions Ltd**
Position Title
**Marketing Manager Technical**
Experience, Location
**5-6 yrs, Kolkata**
Profile
Engineering design and detailing for customer projects. Experience with 2D computer drawing and modeling Marketing to various customers including dealers.
Supervision of ongoing construction. BE/ or equivalent in Civil Engineering with a minimum 5 year experience
To apply for this job, log on to www.shine.com and search using **10165910** as keyword

Emirates Manpower

Company
**Emirates Manpower**
Position Title
**Telecaller**
Experience, Location
**0-2 Years , Jadavpur**
Profile
he main job responsibility of a tele-caller is to make cold or unsolicited calls on behalf of a company, to obtain information. She is accountable for responding to client queries, catching questions, processing their needs, taking feedback, registering grievances 033-832 C38
Email id : sarfarazrasheed91@gmail.com
To apply for this job, log on to www.shine.com

AQUAD YAMAHA

Company
**AQUAD YAMAHA**
Position Title
**BACKOFFICE MANAGER**
Experience, Location
**Kolkata**
Profile
Accomplishes accounting human resource objectives by recruiting, selecting, orienting, training, assigning, scheduling, coaching, counseling, and disciplining employees, communicating job expectations; planning, monitoring, appraising and reviewing job contributions, planning and reviewing compensation actions, enforcing policies and procedures.
To apply for this job, log on to www.shine.com and search using **10226540** as keyword

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203***
*Not for Candidates

shine.com Great careers start here

The Education House

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড'— কোন ব্রিটিশ বড়লাটের সময় সংঘটিত হয়েছিল?
(a) লর্ড মিন্টো (b) লর্ড কার্জন (c) লর্ড চেমসফোর্ড (d) লর্ড আরউইন
2. 'কথাসরিৎসাগর' গ্রন্থটির লেখক হলেন:
(a) বররুচি (b) সোমদেব (c) জীমূতবাহন (d) নাগার্জুন
3. নোবেল শান্তি পুরস্কারের জন্য মহাত্মা গান্ধী মোট কতবার মনোনীত হয়েছিলেন?
(a) চারবার (b) একবার (c) তিনবার (d) পাঁচবার
4. 'খসরু শাহ' বংশের রাজা ছিলেন:
(a) খলজি (b) তুঘলক (c) দাস (d) সৈয়দ
5. সংবিধানের কত নম্বর ধারা অনুযায়ী প্রত্যেক রাজ্যে একজন করে রাজ্যপাল থাকবেন?
(a) 143 নম্বর (b) 110 নম্বর (c) 153 নম্বর (d) 132 নম্বর
6. ভারতের প্রথম মহিলা অনার্স গ্র্যাজুয়েট হলেন:
(a) কাদম্বিনী গাঙ্গুলী (b) কামিনী রায় (c) আনন্দী গোপাল জোশী (d) চন্দ্রমুখী বসু
7. $N_2$ বলতে কী বোঝায়?
(a) নাইট্রোজেনের 1টি পরমাণু (b) নাইট্রোজেনের 1টি অণু (c) নাইট্রোজেনের 2টি পরমাণু (d) নাইট্রোজেনের 2টি পৃথক পরমাণু
8. 'বেদসমাজ'-এর অন্যতম প্রতিষ্ঠাতা হলেন?
(a) কে শ্রীধরলু নাইডু (b) আত্মারাম পান্ডুরঙ্গ (c) শিবনারায়ণ অগ্নিহোত্রী (d) দয়ানন্দ সরস্বতী
9. ভারতে কোন দিন থেকে 'গুডস অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স' (জি এস টি) চালু হল?
(a) 1 জুলাই, 2017 (b) 1 অগস্ট, 2017 (c) 15 অগস্ট, 2017 (d) 1 মার্চ, 2017
10. ক্যাপসিকামে কোন ভিটামিন বেশি পাওয়া যায়?
(a) ভিটামিন-A (b) ভিটামিন-C (c) ভিটামিন-D (d) ভিটামিন-B
11. NH1 সড়ক পথটি হল:
(a) দিল্লি থেকে অমৃতসর (b) দিল্লি থেকে মুম্বই (c) দিল্লি থেকে চেন্নাই (d) দিল্লি থেকে কলকাতা
12. মতুয়া মহাসংঘের আন্দোলনের মূল কেন্দ্র ছিল:
(a) ফরিদপুর (b) কলকাতা (c) ঢাকা (d) বারাকপুর
13. নীচের কোন অঞ্চলটি কাঁসাই ও কুমারী নদীর তীরে অবস্থিত?
(a) কাটোয়া (b) মুকুটমণিপুর (c) ইংলিশ বাজার (d) বহরমপুর
14. মেগাসিটির ন্যূনতম জনসংখ্যা হল:
(a) 20 লক্ষ (b) 1 কোটি (c) 80 লক্ষ (d) 40 লক্ষ
15. 'The Shadow Line' বইটি কার লেখা?
(a) জয়ন্তী বসু (b) অমিতাভ ঘোষ (c) আয়েশা জালাল (d) সলিল সেন
16. 'GNSS' পুরো কথা হল:
(a) Global Navigation Satellite System (b) Global Navigation Satellite Station (c) Geographical Navigation Satellite System (d) Geostationary Navigation Satellite System
17. পি এল টি নাট্যদলের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) অজিতেশ বন্দ্যোপাধ্যায় (b) উৎপল দত্ত (c) শম্ভু মিত্র (d) বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র
18. 'গ্লোসাইটিস' কোন ভিটামিনের অভাবে হয়?
(a) ভিটামিন-D (b) ভিটামিন-B (c) ভিটামিন-A (d) ভিটামিন-C
19. পশ্চিমবঙ্গের লোকসভা ও বিধানসভার আসনের সংখ্যা হল:
(a) 40 ও 294 (b) 42 ও 294 (c) 43 ও 292 (d) 44 ও 290
20. কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভারতীয় উপাচার্য কে ছিলেন?
(a) গুরুদাস বন্দ্যোপাধ্যায় (b) যদুনাথ বোস (c) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (d) আশুতোষ মুখার্জি
21. অভিধান রচনাবিষয়ক বিদ্যাকে কী বলা হয়?
(a) লেক্সিকোগ্রাফি (b) রিয়লজি (c) লিথোলজি (d) অরোলজি
22. 'রাজার কোনও আত্মীয় নেই'— কোন সুলতান ঘোষণা করেন?
(a) আলাউদ্দিন খলজি (b) ইলতুৎমিস (c) মহম্মদ বিন তুঘলক (d) কুতুবউদ্দিন আইবক
23. দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য ফুটবল বিশ্বকাপ প্রতিযোগিতা কোন কোন বছর বন্ধ ছিল?
(a) 1939 ও 1945 (b) 1942 ও 1946 (c) 1940 ও 1944 (d) 1938 ও 1942
24. টেবিল সুগারের ফর্মুলা হল:
(a) $C_{12}H_{22}O_{11}$ (b) $C_{12}H_{24}O_{11}$ (c) $C_{12}H_{22}O_{12}$ (d) $C_{12}H_{22}O_{10}$
25. নীচের কোন জোড়াটি সঠিক নয়?
(a) সমুদ্রগুপ্ত— ভারতের নেপোলিয়ন (b) মহাপদ্মনন্দ— মহারাজাধিরাজ (c) হর্ষবর্ধন—শিলাদিত্য (d) বিন্দুসার—অমিত্রঘাত
26. 'ধান ভানলে 'কুড়ো দেবো'— বইটি কার লেখা?
(a) সামসুর রহমান (b) নজরুল ইসলাম (c) জীবনানন্দ দাশ (d) লীলা মজুমদার
27. 'লিটল স্লাম' কথাটি কোন খেলার সঙ্গে সম্পর্কিত:
(a) বক্সিং (b) ব্রিজ (c) টেনিস (d) ফুটবল
28. 'ও হেনরী' কার ছদ্মনাম?
(a) উইলিয়াম সিডনি পোর্টার (b) স্যামুয়েল ক্লিমেন্স (c) জর্জ ইলিয়ট (d) ওলিভার জোসেফ
29. 'মিতিন মাসি' গোয়েন্দা চরিত্র কার সৃষ্টি?
(a) সুচিত্রা ভট্টাচার্য (b) প্রজ্ঞাপারমিতা মুখার্জি (c) তিলোত্তমা মজুমদার (d) নবনীতা দেবসেন

এরপর এগারোর পাতায়

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ফার্ন গাছের শুক্রাণু কোন অ্যাসিডের প্রভাবে চলন দেখায়?
(a) সাইট্রিক অ্যাসিড (b) ম্যালিক অ্যাসিড (c) অক্সালিক অ্যাসিড (d) ফিউমারিক অ্যাসিড
2. বীজের অঙ্কুরোদ্গমের জন্য আদর্শ উষ্ণতা কোনটি?
(a) 35° C – 50° C (b) 40° C – 65° C (c) 25° C – 35° C (d) 15° C – 25° C
3. কোন উদ্ভিদগোষ্ঠীর কোষ প্রাচীরের মুখ্য উপাদান কাইটিন?
(a) শৈবাল (b) ছত্রাক (c) ব্রায়োফাইটা (d) টেরিডোফাইটা
4. মাইক্রোগ্রাফিয়া কার বিখ্যাত গ্রন্থ?
(a) লিনিয়াস (b) রবার্ট হুক (c) জন রে (d) মেন্ডেল
5. গোরুর অন্ত্রে কোন ব্যাক্টেরিয়া সেলুলোজ পাচন করে?
(a) ইকোলাই (b) ল্যাকটোব্যাসিলাস (c) ট্রাইকো ডার্মা (d) ভিব্রিওকলেরি
6. মানুষের রক্ত তঞ্চনে সাহায্য করে কোন ভিটামিন?
(a) ভিটামিন-A (b) ভিটামিন-$B_6$ (c) ভিটামিন-D (d) ভিটামিন-K
7. ভাজক কলার কোষে কোন দশাটি দেখা যায় না?
(a) $G_1$ (b) S (c) $G_0$ (d) $G_2$
8. কোনটি দ্বিতীয় শ্রেণির লিভার?
(a) কাঁচি (b) ঢেঁকি (c) জাঁতি (d) তুলাযন্ত্র
9. সমতল দর্পণে রশ্মির আপাতন কোণ কত হলে, রশ্মির চ্যুতি কোণ 90° হবে?
(a) 90° (b) 180° (c) 45° (d) $22\frac{1}{2}^\circ$
10. পৃথিবী ও সূর্যের মধ্যে গড় দূরত্ব নির্দেশ করা হয় কোন এককে?
(a) অ্যাস্ট্রোনমিক্যাল এককে (b) অ্যাংস্ট্রম এককে (c) কিলোমিটার এককে (d) সবগুলিই
11. একটি হালকা ও একটি ভারী বস্তুর গতিশক্তি একই। এদের ভরবেগের সম্পর্ক কী?
(a) হালকা বস্তুর ভরবেগ বেশি (b) ভারী বস্তুর ভরবেগ বেশি (c) উভয়ের সমান (d) সঠিক বলা সম্ভব নয়
12. শব্দের বেগ সম্পর্কিত $v = \sqrt{p/D}$ সূত্রটি কার?
(a) ল্যাপলাসের (b) নিউটনের (c) এরাগোর (d) ভন গেরিকের
13. জলে সাধারণ লবণ দ্রবীভূত থাকলে জলের স্ফুটনাঙ্কে কী পরিবর্তন হয়?
(a) 9° C বেড়ে যায় (b) 9° C কমে যায় (c) কোনও পরিবর্তন ঘটে না (d) 20° C বেড়ে যায়
14. গ্লবার সল্ট-এর সংকেত কী?
(a) $K_2SO_4$, $Al_2(SO_4)_3$, $24H_2O$ (b) $MgSO_4$, $7H_2O$ (c) $Na_2SO_4$, $10H_2O$ (d) $Na_2CO_3$,$10H_2O$
15. ফর্মালিনের মধ্যে ফর্মালডিহাইডের পরিমাণ কত?
(a) 10% (b) 20% (c) 40% (d) 75%
16. অ্যালুমিনিয়াম মূলকে কত একক তড়িৎ বর্তমান?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
17. নীচের কোন ক্যাটায়নের তড়িৎদ্বারে মুক্ত হওয়ার প্রবণতা সবচেয়ে বেশি?
(a) $Ag^+$ (b) $H^+$ (c) $Zn^{++}$ (d) $Al^{+++}$
18. বিলীয়মান রঙের প্রধান উপাদান কোনটি?
(a) NaOH (b) $NH_4OH$ (c) $NaHCO_3$ (d) KOH
19. নীচের কোনটি কার্বনের কেলাসাকার রূপভেদ?
(a) গ্রাফাইট (b) গ্যাস কার্বন (c) চারকোল (d) কোক
20. প্রতি অণু তুঁতেতে জলের অণুর পরিমাণ কত?
(a) 4 (b) 5 (c) 6 (d) 7
21. খাদ্য সুরক্ষা আইনের আওতায় কত শতাংশ ভারতীয় অন্তর্ভুক্ত হয়েছে?
(a) 33.33% (b) 50.00% (c) 66.67% (d) 75.00%
22. রিজার্ভ ব্যাঙ্কের খোলাবাজারের কারবার বলতে বোঝায়:
(a) বিদেশি মুদ্রার ক্রয়বিক্রয় (b) সোনার ক্রয়বিক্রয় (c) Bond ক্রয়বিক্রয় (d) কোনওটিই নয়
23.RBI-এর নির্দেশ অনুসারে কোনও Basic Savings Bank Deposit থেকে মাসে কতবার ATM-এ টাকা তোলা যায়?

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. তামাক চিবোলে হতে পারে:
(a) মাড়ির ক্যানসার (b) কলেরা (c) ব্রংকাইটিস (d) অ্যাজমা
2. জীব-বৈচিত্র্যের কারণ হল:
(a) বিবর্তন (b) অভিযোজন (c) মিউটেশন (d) সবক'টি
3. Wild Life Protection Act-এর প্রথম সূচনা হয়:
(a) 1972 সালে (b) 1996 সালে (c) 1992 সালে (d) 1982 সালে
4. রেড ডেটা বুক-এর অন্তর্গত কোনটি?
(a) বিপদগ্রস্ত প্রজাতি (b) বিপন্ন প্রজাতি (c) চরম বিপদগ্রস্ত (d) সবক'টিই
5. টিকরপাড়া কী জন্য বিখ্যাত?
(a) লিও প্রজেক্ট (b) ক্রোকোডাইল প্রজেক্ট (c) রেডপান্ডা প্রজেক্ট (d) টাইগার প্রজেক্ট
6. যে প্রক্রিয়ায় ভূপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পায়, তাকে বলে:
(a) আরোহণ প্রক্রিয়া (b) অবরোহণ প্রক্রিয়া (c) আবহবিকার প্রক্রিয়া (d) নগ্নীভবন প্রক্রিয়া
7. নগ্নীভবন বলতে সঠিক কোন প্রক্রিয়াটিকে বোঝায়?
(a) অবরোহণ (b) আরোহণ (c) পর্যায়ন (d) সমতলীকরণ
8. আফ্রিকার নীল নদের গতিপথে খার্তুম থেকে আসোয়ান পর্যন্ত খরস্রোত দেখা যায়:
(a) 6টি (b) 5টি (c) 4টি (d) 8টি
9. পলিশঙ্কু গঠিত হয় নদীর:
(a) পার্বত্য গতিতে (b) নিম্নগতিতে (c) মধ্য ও নিম্নগতিতে (d) উচ্চ ও মধ্যগতির সংযোগস্থলে
10. নদী বর্তনের ধারণা দেন:
(a) পার্দে (b) পাওয়েল (c) ডেভিস (d) ডারউইন
11. শুষ্ক অঞ্চলের গিরিখাতকে বলা হয়:
(a) ক্যানিয়ন (b) 'V' আকৃতির উপত্যকা (c) মন্থকূপ (d) ধান্দ
12. নদীর নিক পয়েন্টের মধ্যে সৃষ্টি হয়:
(a) অশ্বক্ষুরাকৃতি হ্রদ (b) প্লাবনভূমি (c) জলপ্রপাত (d) পললশঙ্কু
13. মন্থকূপ সৃষ্টি হয়:
(a) নদীর ক্ষয়কার্যের ফলে (b) বায়ুর ক্ষয়কার্যের ফলে (c) হিমবাহের ক্ষয়কার্যের ফলে (d) কোনওটিই নয়
14. নদীর প্লাবনভূমি গড়ে ওঠে:
(a) উচ্চপ্রবাহে (b) মধ্যপ্রবাহে (c) নিম্নপ্রবাহে (d) মধ্য ও নিম্নপ্রবাহে
15. নীলনদের বদ্বীপটি হল:
(a) তীক্ষ্ণাগ্র বদ্বীপ (b) ধনুকাকৃতি (c) পাখির পায়ের মতো (d) অবিন্যস্ত বদ্বীপ
16. নদী বাঁকের উত্তল অংশের সঞ্চয়কে বলা হয়:
(a) পুল (b) বিন্দুবার (c) প্লাঞ্জপুল (d) কাসপেট
17. বঙ্গোপসাগরের একটি জনবসতিহীন ছোট দ্বীপ হল:
(a) ঘোড়ামারা (b) নিউমুর (c) সুন্দরবন (d) উত্তরা
18. পাখির পায়ের মতো আকৃতির বদ্বীপ গঠিত হয়েছে:
(a) নীলনদের মোহানায় (b) হোয়াংহোর মোহানায় (c) সিন্ধুনদের মোহানায় (d) মিসিসিপি-মিসৌরির মোহানায়
19. হিমবাহের ক্ষয়ের ফলে গঠিত একটি ভূমিরূপ হল:
(a) কেটেল (b) রসে মতানে (c) এসকার (d) কোনওটিই নয়
20. রসে মতানে সৃষ্টি হয়:
(a) বাতাসের (b) নদীর (c) হিমবাহের ক্ষয়ের ফলে (d) কোনওটিই নয়
21. পৃথিবীর সর্ববৃহৎ পার্বত্য হিমবাহটি হল:
(a) হুবার্ড (b) সিয়াচেন (c) মেসার্ড (d) কোয়ারেক
22. পর্বতের পাদদেশে হিমবাহকে বলে:
(a) উপত্যকা হিমবাহ (b) বরফের চাদর (c) পিডমন্ট হিমবাহ (d) ন্যুনাটাকস
23. হিমবাহ ও পর্বতগাত্রের মধ্যে সংকীর্ণ ফাঁককে বলে:
(a) গ্রাবরেখা (b) হর্ন (c) বার্গস্রুন্ড (d) ক্রিভাস
24. হিমবাহের ওপরে সৃষ্ট ফাটলগুলিকে বলে:
(a) বার্গস্রুন্ড (b) ক্রিভাস (c) ফিয়র্ড (d) এরিটি
25. ইয়ার্দাং ——— ক্ষয়কার্যের ফলে গঠিত একটি ভূমিরূপ।
(a) নদীর (b) বায়ুর (c) সমুদ্রতরঙ্গের (d) হিমবাহের
26. কোনও বস্তুর অভ্যন্তরীণ শক্তি বলতে বোঝায়:
(a) বস্তুটির গতিশক্তি (b) বস্তুর অণুগুলির গতিশক্তি (c) বস্তুটির গতিশক্তি ও স্থিতিশক্তির সমষ্টি (d) বস্তুর অণুগুলির গতিশক্তি ও স্থিতিশক্তির সমষ্টি
27. লজ্জাবতী উদ্ভিদে যে চলন দেখা যায় তার নাম:
(a) নিকটিন্যাস্টি (b) ফটোন্যাস্টি (c) জিওন্যাস্টি (d) সিসমোন্যাস্টি
28. একটি ধাতুর চারটি বিভিন্ন মাত্রায় তারকে একই ভার দ্বারা টান দেওয়া হল। এদের মাত্রাগুলি নিম্নরূপ হলে কোনটি দৈর্ঘ্যে বেশি প্রসারিত হবে?
(a) 100 সেমি দৈর্ঘ্য, 1 মিমি ব্যাস (b) 200 সেমি দৈর্ঘ্য, 2 মিমি ব্যাস (c) 300 সেমি দৈর্ঘ্য, 3 মিমি ব্যাস (d) 400 সেমি দৈর্ঘ্য, 0.5 মিমি ব্যাস
29. থাইরয়েড গ্রন্থির কম ক্ষরণে হয়:
(a) মিক্সিডিমা (b) গ্রেভস বর্ণিত রোগ (c) এক্সঅপথালমিক গলগন্ড (d) গলগন্ড
30. করোটি স্নায়ুর সংখ্যা (মানবদেহে):
(a) 12টি স্নায়ু (b) 12 জোড়া স্নায়ু (c) 31টি স্নায়ু (d) 31 জোড়া স্নায়ু
31. বীজহীন ফল উৎপন্ন করতে ব্যবহৃত হরমোনটি হল:
(a) জিব্বারেলিন (b) অক্সিন (c) ইথিলিন (d) সাইটোকাইনিন
32. লালারসে উপস্থিত উৎসেচকটির নাম:
(a) ইরেপসিন (b) কাইমোট্রোপসিন (c) টায়ালিন (d) ট্রিপসিন
33. পারদকে থার্মোমিটার তৈরির কাজে কেন ব্যবহার করা হয় তার কারণ হিসেবে নীচে বিবৃতি দেওয়া আছে। নীচের বিবৃতিগুলির কোনটি ভুল?

এরপর চোদ্দোর পাতায়

The Education House

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে
# রাজ্য সরকারে ক্লার্ক
## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

30. 'ট্রিটিকাম অ্যাসটিভাম' কোন গাছের বিজ্ঞানসম্মত নাম?
(a) ধান (b) গম (c) তেঁতুল (d) কাঁচালঙ্কা
31. বিশুদ্ধ সোনা হল:
(a) 22 ক্যারাট (b) 24 ক্যারাট (c) 20 ক্যারাট (d) 10 ক্যারাট
32. 'মালকোষ' রাগ কোন ঋতুর সঙ্গে সম্পর্কিত?
(a) বসন্ত (b) হেমন্ত (c) বর্ষা (d) শরৎ
33. লোহাতে মরচে ধরলে ওজনের কী পরিবর্তন হয়?
(a) ওজন একই থাকে (b) ওজন বেড়ে যায় (c) ওজন কমে যায় (d) কোনওটিই নয়
34. শ্রী অরবিন্দ আশ্রম কোথায় অবস্থিত?
(a) পন্ডিচেরী (b) আন্দামান (c) আগরতলা (d) সিলভাসা
35. ভারতে শেষ কবে 'জাতীয় জরুরি অবস্থা' ঘোষণা করা হয়?
(a) 1975 (b) 1962 (c) 1979 (d) 1971
36. নিউটনের গতি সংক্রান্ত কোন সূত্রানুসারে সাঁতার কাটা সম্ভব হয়?
(a) প্রথম সূত্র (b) দ্বিতীয় সূত্র (c) তৃতীয় সূত্র (d) কোনওটিই নয়
37. চিন্তামণি কর পক্ষী অভয়ারণ্য পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত?
(a) দক্ষিণ ২৪ পরগনা (b) উত্তর দিনাজপুর (c) পশ্চিম বর্ধমান (d) জলপাইগুড়ি
38. তুজুক-ই-জাহাঙ্গীরি গ্রন্থটি কোন ভাষায় লেখা?
(a) উর্দু (b) আরবি (c) ফারসি (d) হিন্দি
39. 'চিটাগাং রিপাবলিকান আর্মি'-এর প্রতিষ্ঠাতা হলেন:
(a) প্রসন্ন কুমার ঠাকুর (b) রাধাকান্ত দেব (c) রাসবিহারী বসু (d) সূর্য সেন
40. মইনুল হক স্টেডিয়াম কোন শহরে অবস্থিত?
(a) কানপুর (b) পাটনা (c) করাচি (d) ঢাকা

**Direction (41 to 43):** *Fill in the blank with the appropriate alternatives given below questions.*
41. As the driver swerved violently at the turning, the wheel came off as it was already _____.
(a) loss (b) loose (c) luse (d) lose
42. I congratulated him ______ his success.
(a) on (b) for (c) by (d) to
43. The meaning of domicile is ________.
(a) domination (b) delete (c) bicycle (d) dwelling place

**Direction (44 and 45):** *Choose the correct phrasal verb from the options given below to replace the underlined words.*
44. The patient will recover within one month.
(a) come by (b) come round (c) come off (d) come down
45. Rajat will soon overcome your problems.
(a) get away (b) come over (c) go over (d) get over

**Direction (46 to 48):** *Choose the correct alternative from the given options.*
46. One working in the same place.
(a) Alien (b) Co-worker (c) Colleague (d) Sceptic
47. An office for which no salary is paid:
(a) Honorary (b) Charitable (c) Sinecure (d) No salary
48. Animal living in both land and water:
(a) Aquatic (b) Amphibious (c) Omnivorous (d) Herbivorous
49. *Fill in the blanks with correct form of pronouns.*
Sankar and Kamal struck _______.
(a) each other (b) one another (c) with one (d) one's
50. *Fill in the blanks with appropriate preposition.*
What is use _____ reading this book?
(a) of (b) to (c) on (d) for

**Direction (51 to 53):** *Choose the word which is most opposite in meaning in the given word.*
51. Advance
(a) Near (b) Retreat (c) Forward (d) Disadvance
52. Indifferent
(a) Heedful (b) Neutral (c) Decent (d) Modest
53. Particular
(a) Popular (b) Federal (c) General (d) Liberal

**Direction (54 and 55):** *Replace the underlined words by using proper idioms from the options given below.*
54. Parineeta does not know basic knowledge of acting.
(a) fundamental (b) ABC (c) minimum base (d) pre-knowledge
55. The 15th August is a memorable day in Indian history.
(a) red letter day (b) memorandum (c) gala day (d) in the long run

**Direction (56 to 58):** *Choose the correct alternative.*
56. Group of three singers:
(a) triplet (b) trio (c) trilogy (d) stringers
57. Difficult to read:
(a) ineligible (b) legible (c) non-readable (d) illogic
58. A paper written by the hand.
(a) handwriting (b) manuscript (c) hand made (d) lithograph

**Direction (59 and 60):** *Each of the following items in this section consists of sentence, the parts of which have been jumbled. These parts have been labelled as P, Q, R and S given below each sentence has four sequences namely (a), (b), (c) and (d). You are required to re-arrange the jumbled parts of the sentence and mark your response accordingly.*
59. the nation's history(P)/our historians and people (Q)/to preserve and rewrite(R)/it is the responsibility of (s).
(a) QRSP (b) SQRP (c) RPSQ (d) RSPQ
60. on earth is (P)/common salt(Q)/most valuable treasures(R)/one of the (S).
(a) SQPR (b) SRPQ (c) RPSQ (d) SPQR

**Direction (61 to 63):** *Choose the word which is most similar in meaning.*
61. Euphoria
(a) Misery (b) Elation (c) Feeling (d) Symptom
62. Diminish
(a) Decrease (b) Boost (c) Fall (d) Uncut
63. Impound
(a) Extreme (b) Liable (c) Appropriate (d) Bound

**Direction (64 to 67):** *In the following passage some of the words have been left out. First read the passage over and then fill in the blanks with the help of the alternatives given below.*
The human race is spread _64_ the world. The people of whom it is _65_ eat different kinds of food, partly _66_ the climate in which they live, and partly according to the kind of food which _67_ produces.
64. (a) in the (b) all over (c) all of the (d) all in
65. (a) made up (b) made in (c) made by (d) made on
66. (a) apparently (b) according to (c) allowance to (d) share to
67. (a) the country (b) of country (c) a country (d) for country

**Direction (68 and 69):** Choose the correct spelling from the option given below.
68. (a) Intelligence (b) Intaligence (c) Inteligence (d) Intalligance
69. (a) Carpainter (b) Carpenter (c) Carpanter (d) Carpentar
70. Of the four which sentence is correctly punctuated.
(a) Today, a television is not just a device viewing content, but is a go-to screen for work, fitness and socialising (b) Today a television is not just a device for viewing content, but is a go-to screen for work, fitness and socialising (c) Today, a television is not just a device for viewing content, but is a go-to screen for work fitness and socialising (d) Today, a television is not just a device for viewing content, but is a go to screen for work, fitness and socialising
71. 300 এবং 400-র মধ্যবর্তী এবং 6, 9, 12 দ্বারা নিঃশেষে বিভাজ্য সংখ্যাসমূহের যোগফল কত?
(a) 692 (b) 1080 (c) 764 (d) 986
72. নীচের রাশিমালার সরলতম মান কত?
$(0.\dot{6} + 0.\dot{7} + 0.\dot{8} + 0.\dot{3}) \times 9000$
(a) 24000 (b) 36000 (c) 18000 (d) 9000
73. যদি $\sqrt{2916} = 54$ হয় তবে, নীচের রাশিমালার সরলতম মান কত?
$\sqrt{29.16} + \sqrt{0.2916} + \sqrt{0.002916} + \sqrt{0.00002916}$
(a) 5.9894 (b) 6.9894 (c) 6.994 (d) 5.9994
74. একটি সংখ্যাকে 899 দ্বারা ভাগ করলে ভাগশেষ 63 পাওয়া যায়। একই সংখ্যাকে 29 দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?
(a) 3 (b) 4 (c) 5 (d) 6
75. তিনটি সংখ্যার অনুপাত 5 : 6 : 7; যদি বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার যোগফল বাকি সংখ্যা ও 42-র যোগফলের সমান হয় তবে বৃহত্তম সংখ্যাটি কত?
(a) 42 (b) 49 (c) 56 (d) 63
76. একটি দু-অঙ্কবিশিষ্ট সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টি 15; অঙ্কদু'টি স্থান পরিবর্তন করলে সংখ্যার মান 27 হ্রাস পায়। সংখ্যাটি কত?
(a) 96 (b) 69 (c) 87 (d) 78
77. একটি দু-অঙ্কবিশিষ্ট সংখ্যার এককের অঙ্ককে 50% বৃদ্ধি এবং দশকের অঙ্ককে 100% বৃদ্ধি করলে নতুন সংখ্যা পুরনো সংখ্যা অপেক্ষা 33 বৃদ্ধি পায়। প্রাথমিক সংখ্যাটি কত?
(a) 63 (b) 69 (c) 96 (d) 36
78. $(4^{61} + 4^{62} + 4^{63} + 4^{64} + 4^{65})$-এর একটি উৎপাদক:
(a) 3 (b) 5 (c) 11 (d) 17
79. 97215 * 6 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হলে *-এর ক্ষুদ্রতম মান কত?
(a) 3 (b) 2 (c) 11 (d) 5
80. রীতা ও সীতার টাকার অনুপাত 7 : 15 এবং সীতা ও কবিতার টাকার অনুপাত 7 : 16; রীতার 490 টাকা থাকলে কবিতার কত টাকা আছে?
(a) 4,900 (b) 1,600 (c) 2,400 (d) 1,500
81. একটি পিচবোর্ডের বাক্সে এক ডজন আয়না আছে। বাক্সটি ওপর থেকে পড়ে গিয়ে কিছু আয়না ভেঙে গেল। নীচের কোন অনুপাতটি ভালো ও ভাঙা আয়নার সংখ্যার অনুপাত হওয়া সম্ভব নয়?
(a) 7 : 5 (b) 3 : 2 (c) 1 : 1 (d) 2 : 1
82. একটি দুর্গে 150 জন সৈনিকের 45 দিনের খাদ্য মজুত আছে। 10 দিন পর 25 জন সৈনিক দুর্গ ছেড়ে চলে গেলে অবশিষ্ট খাদ্যে বাকি সৈনিকদের কত দিন চলবে?
(a) 36 (b) 38 (c) 40 (d) 42
83. 2430 টাকাকে A, B, C-র মধ্যে এরূপভাবে ভাগ করা হল যেখানে তাদের অংশ যথাক্রমে 5, 10, 15 টাকা কম হলে অংশের অনুপাত 3 : 4 : 5 হবে। C-র প্রকৃত অংশ কত?

*এরপর তেরোর পাতায়*

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি
## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) 2 বার (b) 3 বার (c) 4 বার (d) 5 বার
24. 'উন্নয়নশীল অর্থনীতি' শব্দের অর্থ:
(a) জাতীয় আয়ে কৃষির অবদান কমে (b) জাতীয় আয়ে শিল্পের অবদান বাড়ছে (c) কৃষিক্ষেত্রে জনাধিক্য বাড়ছে (d) ওপরের সবক'টি
25. '2nd Quarter Monetary Policy' অনুযায়ী Marginal Standing Facility Rate (MSF) কত?
(a) 10.25% (b) 11.0% (c) 9.5% (d) কোনওটিই নয়
26. পাঞ্জাবের স্বর্ণমন্দিরে সেনা অভিযানের সময় ভারতের প্রধানমন্ত্রী কে ছিলেন?
(a) ইন্দিরা গান্ধী (b) রাজীব গান্ধী (c) ভি পি সিং (d) গুজরাল
27. রাষ্ট্রের নির্দেশমূলক নীতির কোন ধারায় দেশের বিচারবিভাগকে শাসনবিভাগ থেকে পৃথক রাখার কথা ঘোষণা করা হয়েছে?
(a) 50 ধারা (b) 52 ধারা (c) 55 ধারা (d) 60 ধারা
28. রাষ্ট্রের নির্দেশমূলক নীতির কোন ধারায় দেশের 14 বছর বয়স পর্যন্ত সকল শিশুদের বাধ্যতামূলক ও অবৈতনিক প্রাথমিক শিক্ষার কথা বলা হয়েছে?
(a) 38 ধারা (b) 45 ধারা (c) 52 ধারা (d) 54 ধারা
29. কেন্দ্রীয় পাবলিক সার্ভিস কমিশনের (UPSC) সদস্যদের অবসর গ্রহণের বয়স কত বছর?
(a) 58 বছর (b) 60 বছর (c) 62 বছর (d) 65 বছর
30. বিধানসভার অধিবেশন কে ভেঙে দিতে পারেন?
(a) মুখ্যমন্ত্রী (b) বিধানসভার স্পিকার (c) রাজ্যপাল (d) মুখ্যমন্ত্রীর পরামর্শে রাজ্যপাল
31. কোন নদীর গিরিখাত পৃথিবীর গভীরতম?
(a) রাইন (b) লরেন্স (c) কঙ্গো (d) সিন্ধু
32. ভারতের তৈরি প্রথম দেশজ উপগ্রহ কোনটি?
(a) আর্যভট্ট (b) ইনস্যাট-1A (c) ইনস্যাট-2C (d) অ্যাপোলো
33. কোন শহরের ডাকনাম 'The Big Apple'?
(a) লন্ডন (b) নিউ ইয়র্ক (c) সিডনি (d) জোহানেসবার্গ
34. 34তম প্যারালাল লাইন কোন দু'টি দেশের সীমান্তরেখা?
(a) উত্তর ও দক্ষিণ ভিয়েতনাম (b) উত্তর ও দক্ষিণ কোরিয়া (c) ভারত ও চিন (d) আমেরিকা ও কানাডা
35. দিল্লি শহরের দ্রাঘিমাংশ কত?
(a) 77°12' পূর্ব (b) 72°54' পূর্ব (c) 90°15' পূর্ব (d) 67° পূর্ব
36. জেনারেল এসেমব্লিজ ইনস্টিটিউশন প্রতিষ্ঠা করেন:
(a) উইলিয়াম কেরি (b) আলেকজান্ডার ডাফ (c) মার্শম্যান (d) কোনওটিই নয়
37. 'পার্থেনন' নামে পত্রিকা প্রকাশ করেন:
(a) নব্যবঙ্গীয়রা (b) থিওসোফিস্টরা (c) ব্রাহ্মসমাজীরা (d) কোনওটিই নয়
38. মিরাট ষড়যন্ত্র মামলা (1929) কাদের বিরুদ্ধে চালানো হয়?
(a) লিগপন্থীদের ওপর (b) নরমপন্থীদের ওপর (c) কমিউনিস্ট নেতাদের ওপর (d) কোনওটিই নয়
39. 1946-এর নৌ বিদ্রোহ কোথায় হয়?
(a) বোম্বাইতে তলোয়ার জাহাজে (b) কলকাতায় এম ভি নিকোবর (c) এম ভি হর্ষবর্ধন (d) কোনটিই নয়
40. ভারতের শেষ ভাইসরয় কে ছিলেন?
(a) চক্রবর্তী রাজাগোপালাচারি (b) লর্ড ওয়াভেল (c) লর্ড মাউন্টব্যাটেন (d) লর্ড উইলিংডন
41. ভারতের কোন জনপ্রিয় বলিউড অভিনেত্রী ফুড ডেলিভারি প্লাটফর্ম 'উবের ইটস'-এর বিপণন দূত হিসেবে নিযুক্ত হলেন?
(a) আলিয়া ভাট (b) মাধুরী দীক্ষিত (c) অনুষ্কা শর্মা (d) ঐশ্বর্য রাই বচ্চন
42. কেন্দ্রীয় সরকার কর্নাটকের মেঙ্গালুরু-সহ চারটি উপকূলীয় শহরের নগর পরিষেবার মানোন্নয়ন ঘটানোর উদ্দেশ্যে সম্প্রতি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে কত পরিমাণ অর্থ ঋণ হিসেবে গ্রহণের চুক্তি স্বাক্ষর করেছে?
(a) 70 মিলিয়ন মার্কিন ডলার (b) 75 মিলিয়ন মার্কিন ডলার (c) 80 মিলিয়ন মার্কিন ডলার (d) 85 মিলিয়ন মার্কিন ডলার
43. কত তারিখে সারা ভারত জুড়ে 69তম সংবিধান বা জাতীয় আইন দিবস পালিত হয়?
(a) 26 নভেম্বর (b) 26 ডিসেম্বর (c) 25 নভেম্বর (d) 25 ডিসেম্বর
44. সম্প্রতি মহারাষ্ট্র সরকার সরকারি চাকরিতে মারাঠা সম্প্রদায়ের জন্য কত শতাংশ আসন সংরক্ষণ করল?
(a) 13 শতাংশ (b) 14 শতাংশ (c) 15 শতাংশ (d) 16 শতাংশ
45. সম্প্রতি প্রকাশিত 'মুর্ডিজ রিপোর্ট' অনুযায়ী 2019 সালের মার্চ মাস নাগাদ ভারতে জিডিপি বৃদ্ধির হার কত?
(a) 7.1% (b) 7.2% (c) 7.3% (d) 7.4%
46. 40 জন লোক একটি কাজ যতদিনে করতে পারে, 30 জন লোকের কাজটি শেষ করতে তা অপেক্ষা 6 দিন বেশি সময় লাগে। ওই কাজটি 60 জন লোক কতদিনে শেষ করতে পারবে?
(a) 16 দিনে (b) 24 দিনে (c) 20 দিনে (d) 12 দিনে
47. দু'টি নল দিয়ে একটি চৌবাচ্চা যথাক্রমে 25 ও 30 মিনিটে জলপূর্ণ করা যায়। দু'টি নল একসঙ্গে খুলে দেওয়ার কতক্ষণ পরে প্রথম নলটিকে বন্ধ করলে চৌবাচ্চাটি 15 মিনিটে জলপূর্ণ হবে?
(a) 10 মিনিট (b) 15 মিনিট (c) 12 মিনিট (d) 12.5 মিনিট
48. এক ব্যক্তি প্রথম 24 কিমি পথ ঘণ্টায় 6 কিমি গতিতে, পরের 24 কিমি পথ ঘণ্টায় 8 কিমি গতিতে এবং শেষ 24 কিমি পথ ঘণ্টায় 12 কিমি গতিতে যায়। সমগ্র যাত্রাপথে গড় গতি ঘণ্টায়:
(a) 12 কিমি (b) 8 কিমি (c) 9 কিমি (d) 6 কিমি
49. 200 মিটার দৌড় প্রতিযোগিতা A ও B যথাক্রমে 21 ও 25 সেকেন্ডে শেষ করে।

*এরপর বারোর পাতায়*

The Education House

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

800 মিটার দৌড় প্রতিযোগিতায় A, B-কে কত মিটারে পরাস্ত করবে?
(a) 90 মিটার (b) 120 মিটার (c) 100 মিটার (d) 128 মিটার

50. দু'টি সমপরিমাণ অর্থ 10% ও $12\frac{1}{2}$ % সরল সুদে জমা রাখার 1 বছর পর মোট সুদ-আসল হয় 17,800 টাকা। প্রতি ক্ষেত্রে কত টাকা জমা রাখা হয়েছিল?
(a) 7000 টাকা (b) 7500 টাকা (c) 8000 টাকা (d) 7900 টাকা

51. 1250 টাকা বার্ষিক 3% সরল সুদে 1 এপ্রিল ধার করে 25 অগস্ট পরিশোধ করা হলে, সুদে-আসলে কত টাকা দিতে হবে?
(a) 1268.75 টাকা (b) 1275 টাকা (c) 1300 টাকা (d) 1325 টাকা

52. একটি সংকর ধাতুতে দস্তা ও তামার অনুপাত 5 : 3। 16 কিলোগ্রাম সংকর ধাতুর সঙ্গে কত পরিমাণ দস্তা মেশালে ধাতু দু'টির অনুপাত হবে 2 : 1 ?
(a) 2 kg (b) 3 kg (c) 5 kg (d) 8 kg

53. দু'টি মিশ্রণে দুধ ও জলের অনুপাত যথাক্রমে 5 : 4 এবং 2 : 1 সমপরিমাণ উভয় মিশ্রণ মিশ্রিত করা হলে, নূতন মিশ্রণে দুধ ও জলের অনুপাত হবে:
(a) 7 : 11 (b) 11 : 7 (c) 7 : 5 (d) 5 : 7

54. 28টি কলা ও 17টি কমলালেবুর ক্রয়মূল্য 727 টাকা এবং 49টি কলা ও 43 টি কমলালেবুর ক্রয়মূল্য 1577 টাকা। 13টি কলা ও 12টি কমলালেবুর ক্রয়মূল্য: (a) 421 টাকা (b) 422 টাকা (c) 432 টাকা (d) 442 টাকা

55. 40.50 টাকা কিলোগ্রাম দরে চায়ের সঙ্গে 95.50 টাকা কিলোগ্রাম দরের চা কী অনুপাতে মিশ্রিত করলে, মিশ্র চায়ের দাম 55.50 টাকা/কিলোগ্রাম?
(a) 3 : 8 (b) 6 : 5 (c) 5 : 6 (d) 8 : 3

56. 10 বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের $4\frac{1}{3}$ গুণ ছিল। 10 বছর পর পিতার বয়স পুত্রের বয়সের $2\frac{3}{7}$ গুণ হবে। বর্তমানে পিতা ও পুত্রের বয়সের সমষ্টি:
(a) 65 বছর (b) 100 বছর (c) 75 বছর (d) 90 বছর

57. একটি বাক্সে মোট 384টি মুদ্রা আছে। যদি এক টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রার সংখ্যার অনুপাত 2 : 3 : 7 হয়, তবে বাক্সের মুদ্রাগুলির মোট মূল্য:
(a) 170 টাকা (b) 168 টাকা (c) 186 টাকা (d) 180 টাকা

58. একটি সমিতির 50 জন সভ্যের মধ্যে প্রথম 30 জনের গড় উচ্চতা 160 সেমি এবং অবশিষ্ট 20 জনের গড় উচ্চতা 165 সেমি। সমিতির সভ্যদের সামগ্রিক গড় উচ্চতা:
(a) 161 সেমি (b) 162 সেমি (c) 173 সেমি (d) 164 সেমি

59. একজন ব্যাটসম্যান দশম ইনিংসে 100 রান করায় গড় রান পূর্বের নয়টি ইনিংস অপেক্ষা 8 রান বৃদ্ধি পায়। 10ম ইনিংসের পর গড় রান:
(a) 20 (b) 24 (c) 28 (d) 36

60. একটি শ্রেণির 40 জন ছাত্রের গড় বয়স 8 বছর ও 50 জন ছাত্রীর গড় বয়স 5 বছর। যদি ওই শ্রেণির ছাত্র ও ছাত্রীর সংখ্যার অনুপাত 1 : 2 হয়, তাহলে শ্রেণির সকল ছাত্র ও ছাত্রীর গড় বয়স হবে:
(a) 5 বছর (b) 6 বছর (c) 7 বছর (d) 7.5 বছর

61. এক ব্যক্তি 132 কিমি যাত্রাপথের কিছুটা পথ স্টিমার এবং অবশিষ্ট পথ ট্রেনে যাত্রা করে। স্টিমারে প্রতি কিমিতে ভাড়া 6 পয়সা এবং ট্রেনে প্রতি কিমিতে ভাড়া 10 পয়সা। যদি ওই ব্যক্তি সমগ্র পথ যাত্রা করতে মোট 9.60 টাকা খরচ করে, তাহলে কতটা পথ ট্রেনে গিয়েছিল?
(a) 42 কিমি (b) 90 কিমি (c) 36 কিমি (d) 44 কিমি

62. একই স্থান থেকে 6 মিনিট অন্তর দু'বার বন্দুকের আওয়াজ করা হয়। আওয়াজের উৎসস্থলের দিকে ধাবমান এক ব্যক্তি প্রথম আওয়াজ শোনার 5 মিনিট 52 সেকেন্ড পরে দ্বিতীয় আওয়াজটি শুনতে পায়। শব্দের গতি সেকেন্ডে 330 মিটার হলে, লোকটির গতি ঘণ্টায়:
(a) 24 কিমি (b) 27 কিমি (c) 30 কিমি (d) 36 কিমি

63. এক ব্যক্তি 3 কিমি গতিতে A স্থান থেকে সকাল 7টায় রওনা হল এবং দ্বিতীয় ব্যক্তি ঘণ্টায় 4 কিমি গতিতে B স্থান থেকে সকাল 8টায় রওনা হল। A ও B স্থানের মধ্যে দূরত্ব 10 কিমি হলে, দু'জনের একত্রে মিল হবে সকাল:
(a) 8.30 টায় (b) 9 টায় (c) 9.30 টায় (d) 10 টায়

64. 5 জন পুরুষ ও 2 জন স্ত্রীলোক একত্রে একটি কাজ 30 দিনে শেষ করতে পারে। একই কাজ 42 জন পুরুষ ও 60 জন স্ত্রীলোক একত্রে $2\frac{1}{2}$ দিনে শেষ করতে পারে। কাজটি 8 দিনে শেষ করতে 20 জন পুরুষের সঙ্গে কতজন স্ত্রীলোক প্রয়োজন?
(a) 5 (b) 15 (c) 30 (d) 45

65. একটি ট্রেন কলকাতায় সকাল 9টায় পৌঁছনোর জন্য পাটনা থেকে ছাড়ে। ট্রেনটি 80 কিমি গতিতে চললে নির্দিষ্ট সময় অপেক্ষা 48 মিনিট দেরিতে পৌঁছয় এবং 90 কিমি গতিতে চললে নির্দিষ্ট সময়ের 46 মিনিট আগে গন্তব্যস্থলে পৌঁছয়। পাটনা থেকে কলকাতার দূরত্ব:
(a) 564 কিমি (b) 1128 কিমি (c) 1692 কিমি (d) 846 কিমি

66. জল বের করার নল দিয়ে একটি চৌবাচ্চা খালি হয় 1 ঘণ্টায়। কিন্তু চৌবাচ্চার তলায় ছিদ্র থাকার কারণে জল বের করার নলটি খুলে দিলে চৌবাচ্চা খালি হতে 45 মিনিট সময় লাগে। জল খালি করার নলটি বন্ধ থাকলে, ছিদ্র দিয়ে কত সময়ে জলপূর্ণ চৌবাচ্চা খালি হবে?
(a) 2 ঘণ্টা (b) $2\frac{1}{2}$ ঘণ্টা (c) 3 ঘণ্টা (d) $3\frac{1}{4}$ ঘণ্টা

67. A ও B দু'জন সাইকেল আরোহী P ও Q স্থানে যাত্রা শুরু করে একত্রে মিলিত হওয়ার উদ্দেশ্যে। P থেকে Q স্থানের দূরত্ব 95 কিমি। A সকাল 8টায় ঘণ্টায় 10 কিমি গতিতে ও B সকাল 9.30টায় ঘণ্টায় 15 কিমি গতিতে যাত্রা শুরু করে। কখন দু'জনে একত্রে মিলিত হবে?
(a) 12.00 (b) 12.40 (c) 12.42 (d) 12.46

68. 1 কিলোগ্রাম চা ও 1 কিলোগ্রাম চিনির ক্রয়মূল্য 95 টাকা। যদি চায়ের মূল্য 10% হ্রাস ও চিনির মূল্য 20% বৃদ্ধি পায়, তাহলে পরিবর্তিত মূল্য 90 টাকা হয়। পূর্বে প্রতি কিলোগ্রাম চায়ের ক্রয়মূল্য ছিল:
(a) 60 টাকা (b) 72 টাকা (c) 80 টাকা (d) 84 টাকা

69. কোনও ব্যক্তিকে নিম্নলিখিত পদ্ধতি মেনে আয়কর প্রদান করতে হয়: 10000 টাকা আয় পর্যন্ত 5%, পরবর্তী 15000 পর্যন্ত 10% এবং 25000 টাকার ঊর্ধ্বে 20% আয়কর দিতে হয়, এবং ব্যক্তিকে মোট আয়ের $12\frac{1}{2}$ % আয়কর দিতে হলে ওই ব্যক্তির মোট আয়:
(a) 30000 টাকা (b) 35000 টাকা (c) 40000 টাকা (d) 45000 টাকা

70. বছরের শুরুতে একটি গ্রামের মোট জনসংখ্যা ছিল 2000। সারা বছরে পুরুষের সংখ্যা বৃদ্ধি পায় 10% কিন্তু মহিলার সংখ্যা হ্রাস পায় 6%, বছরের শেষে দেখা যায় মোট জনসংখ্যার কোনও পরিবর্তন হয়নি। বছরের শুরুতে ওই গ্রামে মোট কতজন পুরুষ ছিল?
(a) 600 (b) 720 (c) 750 (d) 1250

71. Statements: কিছু সাবান হয় পরিষ্কার (Some soaps are clean).
সমস্ত পরিষ্কার হয় আর্দ্র (All clean are wet).
Conclusion: I. কিছু পরিষ্কার হয় সাবান (Some cleans are soaps).
II. কোনও পরিষ্কারই হয় না সাবান (No clean is a soap).
III. কিছু আর্দ্র হয় সাবান (Some wet are soaps).
IV. সমস্ত আর্দ্র হয় সাবান (All wet are soaps).
(a) শুধু I সঠিক (b) I অথবা II সঠিক (c) III অথবা IV সঠিক (d) I অথবা III সঠিক (e) এর কোনওটিই নয়

72. Question figures



Answer figures



(a) (b) (c) (d)

73. একটি ছক্কার চারটি অবস্থান দেখানো হয়েছে। যদি ছক্কাটির ডানদিকে '4' এবং ওপরের দিকে 1 থাকে তবে বাঁদিকে কোন সংখ্যাটি হবে?



(a) 6 (b) 2 (c) 3 (d) 5

74. Question figure



Answer figure



(A) (B) (C) (D)
(a) A and B (b) A, B and C (c) Only B (d) B and D

75.



এই চিত্রে কতগুলি ত্রিভুজ আছে?
(a) 34 (b) 30 (c) 28 (d) 26

76. Question figure



Answer figure



(a) (b) (c) (d)

77. Question figure



Answer figure



(a) (b) (c) (d)

78. Question figure



Answer figure



(a) (b) (c) (d)

79. Question figure



Answer figure



(a) (b) (c) (d)

80. Paper cutting
Question figure



Answer figure



(a) (b) (c) (d)

81. MICRO

Matrix-I

| | 0 | 1 | 2 | 3 | 4 |
|---|---|---|---|---|---|
| 0 | G | V | E | A | C |
| 1 | R | O | N | G | S |
| 2 | M | N | E | S | I |
| 3 | O | T | I | T | A |
| 4 | N | S | N | E | P |

Matrix-II

| | 5 | 6 | 7 | 8 | 9 |
|---|---|---|---|---|---|
| 5 | R | E | O | N | G |
| 6 | N | P | V | E | S |
| 7 | M | T | I | O | N |
| 8 | E | A | I | C | O |
| 9 | N | T | A | R | S |

(a) 75, 77, 88, 55, 14 (b) 20, 87, 88, 10, 32 (c) 20 24, 88, 55, 79 (d) 75, 32, 88, 10, 89

82. Question figure



Answer figure



(a) (b) (c) (d)

83. SHEET FOLDED
Question figure



Answer figure



(a) (b) (c) (d)

84. যদি MOBILITY শব্দটির কোড 46293927 হয়, তাহলে EXAMINATION শব্দটির কোড হবে?
(a) 45038401854 (b) 56149512965 (c) 57159413955 (d) 67250623076

85. bccb ___ abc _____ baa ____ ccba.
(a) acbc (b) aacb (c) bcac (d) abcc

86. 0, 5, 22, 57, 116, ?
(a) 192 (b) 216 (c) 207 (d) 205

87.



(a) 210 (b) 131 (c) 150 (d) 167

### উত্তর

1(b), 2(c), 3(b), 4(b), 5(c), 6(d), 7(c), 8(c), 9(c), 10(a), 11(b), 12(b), 13(a) 14(c) 15(b), 16(c), 17(a), 18(b), 19(a), 20(b), 21(c), 22(c), 23(c), 24(a), 25(c), 26(a), 27(a), 28(b), 29(d), 30(d), 31(c), 32(a), 33(b), 34(b), 35(a), 36(b), 37(a), 38(c), 39(a), 40(c), 41(a), 42(b), 43(a), 44(d), 45(b), 46(d), 47(d), 48(b), 49(d), 50(c), 51(a), 52(a), 53(b), 54(c), 55(d), 56(b), 57(b), 58(b), 59(c), 60(b), 61(a), 62(b), 63(b), 64(a), 65(b), 66(c), 67(c), 68(c), 69(c), 70(c), 71(d), 72(b), 73(c), 74(c), 75(a), 76(a), 77(a), 78(b), 79(d), 80(b), 81(d), 82(d), 83(c), 84(b), 85(b), 86(d), 87(c).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ

The Education House

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

(a) 605 টাকা (b) 810 টাকা (c) 1015 টাকা (d) 1120 টাকা

84. 30 লিটার মিশ্রণে দুধ ও জলের অনুপাত 7 : 3 ; মিশ্রণে কত লিটার জল বৃদ্ধি করলে ওই অনুপাত 3 : 7 হবে?

(a) 40 লিটার (b) 35 লিটার (c) 30 লিটার (d) 28 লিটার

85. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4; প্রতিটি সংখ্যা 2 বৃদ্ধি হলে অনুপাত 7 : 9 হয়। প্রথম সংখ্যাটি:

(a) 9 (b) 12 (c) 15 (d) 18

86. তিনটি শ্রেণিতে ছাত্রসংখ্যার অনুপাত 2 : 3 : 5; যদি প্রতিটি শ্রেণিতে ছাত্রসংখ্যা 20 বৃদ্ধি পায় তবে অনুপাত 4 : 5 : 7 হয়। বৃদ্ধির পূর্বে তিনটি শ্রেণির মোট ছাত্রসংখ্যা কত ছিল?

(a) 140 (b) 120 (c) 100 (d) 80

87. রাম ও শ্যামের আয়ের অনুপাত 8 : 11 এবং ব্যয়ের অনুপাত 7 : 10; যদি প্রত্যেকের সঞ্চয় 500 টাকা হয় তবে রামের আয়, ব্যয় (টাকায়) কত?

(a) 4,000, 3,500 (b) 5,500, 5,000 (c) 5,000, 4,500 (d) 4,500, 4,000

88. একটি পাত্রে দু'টি তরল A ও B-র অনুপাত 5 : 3; পাত্র থেকে 16 লিটার তরল সরিয়ে ওই পরিমাণ B তরল দ্বারা পূর্ণ করলে পাত্রে তরলের অনুপাত 3 : 5 হয়। পাত্রে তরলের পরিমাণ কত?

(a) 50 লিটার (b) 40 লিটার (c) 30 লিটার (d) 60 লিটার

89. দুটি তরল A ও B-তে দুধের শতকরা মাত্রা যথাক্রমে 25% এবং 30%; A তরলের 6 ভাগ ও B তরলের 4 ভাগ দ্বারা একটি পাত্র পূর্ণ করা হলে পাত্রের মিশ্রণে দুধের শতকরা হার কত হবে?

(a) 24% (b) 25% (c) 26% (d) 27%

90. এক ব্যক্তির আয়ের 3.5% ট্যাক্স দেওয়ার পর বাকি অর্থের 12.5% জমা হয়। যদি তাঁর হাতে খরচের জন্য 4,053 টাকা থাকে তবে ওই ব্যক্তির মোট আয় কত?

(a) 4,800 টাকা (b) 5,000 টাকা (c) 5,200 টাকা (d) 5,500 টাকা

91. কোনও শহরের জনসংখ্যা প্রথম বছরের শেষে 10% বৃদ্ধি পায়, দ্বিতীয় বছরের শেষে 10% হ্রাস পায়। যদি বর্তমান জনসংখ্যা 29,700 হয়, তবে দু বছর পূর্বে জনসংখ্যা কত ছিল?

(a) 20,000 (b) 25,000 (c) 30,000 (d) 35,000

92. একজন কর্মচারীর বেতন প্রথমে 20% কমিয়ে পরে 10% বাড়ানো হলে বেতনের শতকরা প্রকৃত হ্রাস কত?

(a) 10% (b) 12% (c) 12.5% (d) 10.5%

93. একটি সিনেমা হলে সিটের সংখ্যা 25% বাড়িয়ে টিকিটের মূল্য 10% বাড়ালে আয়ের শতকরা বৃদ্ধি কত হবে?

(a) 32.5% (b) 35.5% (c) 37.5% (d) 40%

94. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে 20% এবং 5% বৃদ্ধি করলে ক্ষেত্রফল বৃদ্ধির শতকরা হার কত হবে?

(a) 23% (b) 24% (c) 25% (d) 26%

95. লবণ ও জলের দ্রবণে (ওজনে) 15% লবণ আছে। মূল দ্রবণের 30 কিলোগ্রাম বাষ্পীভূত হওয়ার পর লবণের উপস্থিতি 20% হল। প্রারম্ভিক দ্রবণে লবণের পরিমাণ কত ছিল?

(a) 120 কিলোগ্রাম (b) 110 কিলোগ্রাম (c) 100 কিলোগ্রাম (d) 90 কিলোগ্রাম

96. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত 6 : 1; 5 বছর পরে এই অনুপাত 7 : 2 হবে। পিতার বর্তমান বয়স কত?

(a) 30 বছর (b) 36 বছর (c) 24 বছর (d) 42 বছর

97. এক ব্যক্তি একটি ঘোড়া 7% ক্ষতিতে বিক্রয় করলেন। যদি 9% লাভে বিক্রয় হত তবে 64 টাকা অধিক পাওয়া যেত। ঘোড়ার সঠিক মূল্য কত?

(a) 300 টাকা (b) 350 টাকা (c) 400 টাকা (d) 450 টাকা

98. A 600 টাকা নিয়ে একটি ব্যবসা আরম্ভ করে। 3 মাস পরে B 400 টাকা নিয়ে এবং আরও 3 মাস পরে C 500 টাকা নিয়ে ব্যবসায় যোগ দিল। বৎসরান্তে 414 টাকা লাভ হলে, C-র লভ্যাংশ কত?

(a) 108 টাকা (b) 90 টাকা (c) 99 টাকা (d) 81 টাকা

99. একটি মালগাড়ির চেয়ে একটি যাত্রীবাহী গাড়ির গতিবেগ 25% বেশি। যে দূরত্ব যেতে মালগাড়ির 4 ঘণ্টা 25 মিনিট সময় লাগে, সেই একই দূরত্ব যেতে যাত্রীবাহী গাড়ির কত সময় লাগবে?

(a) 3 ঘণ্টা (b) 3 ঘণ্টা 12 মিনিট (c) 3 ঘণ্টা 22 মিনিট (d) 3 ঘণ্টা 32 মিনিট

100. 50 পয়সা, 25 পয়সা ও 10 পয়সা মুদ্রায় মোট 240টি মুদ্রা আছে। যদি তাদের মূল্যের অনুপাত 5 : 3 : 1 হয় তবে 10 পয়সার মুদ্রার সংখ্যা কত?

(a) 90 (b) 85 (c) 80 (d) 75

### উত্তর

1(c), 2(b), 3(d), 4(a), 5(c), 6(b), 7(b), 8(a), 9(a), 10(b), 11(a), 12(a), 13(b), 14(b), 15(b), 16(a), 17(b), 18(b), 19(b), 20(a), 21(a), 22(a), 23(b), 24(a), 25(b), 26(a), 27(b), 28(a), 29(a), 30(b), 31(b), 32(b), 33(b), 34(a), 35(a), 36(c), 37(a), 38(c), 39(d), 40(b), 41(b), 42(a), 43(d), 44(b), 45(d), 46(c), 47(a), 48(b), 49(a), 50(a), 51(b), 52(a), 53(c), 54(b), 55(a), 56(b), 57(a), 58(b), 59(b), 60(b), 61(b), 62(a), 63(c), 64(b), 65(a), 66(b), 67(a), 68(a), 69(b), 70(a), 71(b), 72(a), 73(d), 74(c), 75(b), 76(a), 77(d), 78(c), 79(a), 80(c), 81(b), 82(d), 83(c), 84(a), 85(b), 86(c), 87(a), 88(b), 89(d), 90(a), 91(c), 92(b), 93(c), 94(d), 95(a), 96(a), 97(c), 98(b), 99(d), 100(d).

### সমাধান

71(b): 6, 9, 12-র ল.সা.গু. = 36

300-কে 36 দ্বারা ভাগ করলে ভাগশেষ = 12

সুতরাং, (300 + 36 – 12) = 324 সংখ্যাটি 36 দ্বারা বিভাজ্য হবে (অবশ্যই 300-র পরবর্তী)।

সুতরাং, 300 এবং 400-র মধ্যবর্তী 36 দ্বারা বিভাজ্য সংখ্যাগুলি 324, 324 + 36 = 360 এবং 360 + 36 = 396, এদের যোগফল = 324 + 360 + 396 = 1080.

72(a): ভগ্নাংশে রূপান্তরিত রাশিমালা $= \left(\frac{6}{9}+\frac{7}{9}+\frac{8}{9}+\frac{3}{9}\right) \times 9000 = 24000.$

73(d): $\sqrt{29.16} = \sqrt{\frac{2916}{100}} = \frac{54}{10} = 5.4$

$\sqrt{0.2916} = \sqrt{\frac{2916}{10000}} = \frac{54}{100} = 0.54$

$\sqrt{0.002916} = \sqrt{\frac{2916}{1000000}} = \frac{54}{1000} = 0.054$

$\sqrt{0.00002916} = \sqrt{\frac{2916}{100000000}} = \frac{54}{10000} = 0.0054$

যোগফল = 5.9994.

74(c): ভাগফল = Q হলে, সংখ্যা = Q × 899 + 62

= Q × (31 × 29) + 2 × 29 + 5 = 29 (Q × 31 + 2) + 5

29 দ্বারা ভাগ করলে ভাগশেষ = 5.

75(b): 5 + 7 – 6 → 42 ⇒ 6 → 42 ⇒ 1 → 7

[ক্ষুদ্রতম + বৃহত্তম – মধ্যবর্তী = 42]

বৃহত্তম সংখ্যা→7 একক = 7 × 7 = 49.

76(a): সংখ্যা $= 5\,(\text{যোগফল} + \frac{\text{হ্রাস}}{9}) + \frac{1}{2}$

$(\text{যোগফল} - \frac{\text{হ্রাস}}{9}) = 5\left(15+\frac{27}{9}\right)+\frac{1}{2}\left(15-\frac{27}{9}\right) = 96.$

77(d): এককের ঘরে 50% = 3 ⇒100% = 6

দশকের ঘরে 100% = 3; সংখ্যাটি = 36.

78(c): রাশিমালা $= 4^{61}(1 + 4 + 4^2 + 4^3 + 4^4) = 4^{61}(5 + 16 + 64 + 256)$ $= 4^{61} \times 341 = 4^{61} \times 11 \times 31$ যেটি 11 দ্বারা বিভাজ্য।

79(a): 97215 * 6

অযুগ্ম অবস্থানের অঙ্কগুলির যোগফল = 9 + 2 + 5 + 6 = 22

যুগ্ম অবস্থানের অঙ্কগুলির যোগফল = 7 + 1 + * = 8 + *

পার্থক্য = 22 – 8 – * = 14 – *

কিন্তু পার্থক্য 0 বা 11 দ্বারা বিভাজ্য হবে → * = 3.

80(c): প্রথম : দ্বিতীয় = a : b, দ্বিতীয় : তৃতীয় = c : d হলে,

প্রথম : দ্বিতীয় : তৃতীয় = ac : bc : bd

রীতা : সীতা = 7 : 15 = a : b

সীতা : কবিতা = 7 : 16 = c : d

রীতা : সীতা : কবিতা = 49 : 105 : 240

49 → 490 (রীতা) 1→10

কবিতা→ 240 = 240 × 10 = 2400 টাকা।

81(b): বাক্সে 12টি আয়না আছে।

অনুপাতের দুটি পদের সমষ্টি দ্বারা 12 সংখ্যাটি নিঃশেষে বিভাজ্য হবে।

কেবলমাত্র 3 : 2 অনুপাতের 3 + 2 = 5 দ্বারা 12 নিঃশেষে বিভাজ্য নয়।

82(d): বাকি খাদ্যে 150 জন সৈনিকের (45 – 10) = 35 দিন চলার কথা

নতুন সৈন্যসংখ্যা = 150 – 25 = 125

| | সৈন্যসংখ্যা | দিনের সংখ্যা |
|---|---|---|
| আগে | 150 | 35 |
| পরে | 125 | d |

$150 \times 35 = 125 \times d \Rightarrow d = \frac{150\times35}{125} = \frac{6\times35}{5} = 42$ দিন

∴ সৈন্যসংখ্যা ও দিনসংখ্যা ব্যাস্তানুপাতিক।

83(c): কমার পর মোট টাকা = 2430 – (5 + 10 + 15) = 2,400 টাকা

C-র অংশ $= \left(\frac{5}{3+4+5} \times 2{,}400 + 15\right)$ টাকা

$= \left(\frac{5}{12} \times 2{,}400 + 15\right)$ টাকা = 1,015 টাকা।

84(a): 30 লিটার মিশ্রণে দুধ $= \frac{7}{7+3} \times 30 = 21$ লিটার এবং জল = 9 লিটার

x লিটার জল বৃদ্ধি করলে অনুপাত $= \frac{21}{9+x} = \frac{3}{7}$

⇒ 27 + 3x = 147 ⇒ 3x = 120 ⇒ x = 40 লিটার।

85(b): সংখ্যাদু'টি 3x, 4x; $\frac{3x+2}{4x+2} = \frac{7}{9} \Rightarrow 28x + 14 = 27x + 18$

x = 4, প্রথম সংখ্যা = 3x = 12.

86(c): অনুপাতের বৃদ্ধি সমান। 4 – 2 = 2, 5 – 3 = 2, 7 – 5 = 2, 2→20, 1→10, (2 + 3 + 5) = 10→100

বৃদ্ধির পূর্বে মোট ছাত্রছাত্রীর সংখ্যা = 100.

87(a): $\frac{a}{b} = \frac{8}{11}$ আয়, $\frac{c}{d} = \frac{7}{10}$ (ব্যয়)

x = 500 (সঞ্চয়)

রামের আয় $= \frac{xa(d-c)}{ad-bc} = \frac{500\times8(10-7)}{8\times10-11\times7} = \frac{500\times8\times3}{3} = 4{,}000$ টাকা

রামের ব্যয় $= \frac{xc(b-a)}{ad-bc} = \frac{500\times7\,(11-8)}{3} = 3{,}500$ টাকা

[শ্যামের আয় $= \frac{xb\,(b-a)}{ad-bc} = \frac{500\times11\times3}{3} = 5{,}500$ টাকা]

88(b): 16 লিটার তরলে $A \to \frac{5}{5+3} \times 16 = 10$ লিটার

B → 6 লিটার

প্রথমে A ও B = 5x, 3x

নতুন তরলে অনুপাত $= \frac{5x-10}{3x-6+16} = \frac{3}{5}$

$\Rightarrow \frac{5x-10}{3x+10} = \frac{3}{5} \Rightarrow 25x - 50 = 9x + 30,\ x = 5$

পাত্রে তরল = 5x + 3x = 8x = 8 × 5 = 40 লিটার।

89(d):

| 25 | | 30 |
|---|---|---|
| | x | |
| 6 | | 4 |

$= \frac{30-x}{x-25} = \frac{6}{4} = \frac{3}{2} \Rightarrow 3x - 75 = 60 - 2x$

⇒ 5x = 135 ⇒ x = 27.

90(a): কোনও ব্যক্তির মোট টাকার প্রথমে x%, পরে বাকি টাকার y% নেওয়ার পর A টাকা ব্যক্তির কাছে থাকলে প্রথমে ওই ব্যক্তির কাছে $\frac{A\times100\times100}{(100-x)\,(100-y)}$ টাকা ছিল।

এখানে, আয় $= \frac{4{,}053\times100\times100}{(100-3.5)\,(100-12.5)} = \frac{4{,}053\times100\times100}{96.5\times87.5} = 4{,}800$ টাকা।

91(c): প্রাথমিক জনসংখ্যা $= 29{,}700 \times \frac{100}{110} \times \frac{100}{90} = \frac{297}{99} \times 10{,}000$

= 3 × 10,000 = 30,000

92(b): শতকরা পরিবর্তন $= -\%\ \text{হ্রাস} + \%\ \text{বৃদ্ধি} - \frac{\%\ \text{হ্রাস} \times \%\ \text{বৃদ্ধি}}{100}$

$= -20 + 10 - \frac{20\times10}{100} = -10 - 2 = -12$

প্রকৃত হ্রাস = 12% (ঋণাত্মক চিহ্নের জন্য)।

93(c): শতকরা পরিবর্তন $= \%\ \text{বৃদ্ধি} + \%\ \text{বৃদ্ধি} + \frac{\%\ \text{বৃদ্ধি} \times \%\ \text{বৃদ্ধি}}{100}$

$= 25 + 10 + \frac{25\times10}{100} = 35 + 2.5 = 37.5$

প্রকৃত বৃদ্ধি = 37.5% (ধনাত্মক চিহ্নের জন্য)।

94(d): ক্ষেত্রফলের বৃদ্ধি $= 20 + 5 + \frac{20\times5}{100} = 25 + 1 = 26\%.$

95(a): প্রারম্ভিক দ্রবণে লবণের পরিমাণ

= (বাষ্পীভূত দ্রবণের ওজন) $\left(\frac{\text{লবণের সর্বশেষ হার}}{\text{লবণের হারের পার্থক্য}}\right)$

$= 30 \times \frac{20}{(20-15)} = 30 \times 4 = 120$ কিলোগ্রাম।

96(a):

| | পিতা | : | পুত্র |
|---|---|---|---|
| বর্তমান | x = 6 | | y = 1 |
| 5(=t) বছর পর | a = 7 | | b = 2 |

পিতার বর্তমান বয়স $= x \times \frac{t(a-b)}{bx-ay} = 6 \times \frac{5\,(7-2)}{6\times2-7\times1}$

= 30 বছর। [bx – ay-কে ধনাত্মক নিতে হবে]

97(c) ঘোড়ার প্রকৃত মূল্য $= \frac{\text{অতিরিক্ত} \times 100}{\text{লাভের পার্থক্য}}$

$= \frac{64\times100}{9-(-7)} = \frac{64\times100}{16} = 400$ টাকা [7% ক্ষতি = –7% লাভ]

98(b): মূলধনের অনুপাত A : B : C = (600 × 12) : (400 × 9) : (500 × 6) = (6 × 12) : (4 × 9) : (5 × 6) = 12 : 6 : 5

[অনুপাতগুলিকে 6 দ্বারা ভাগ করলে ]

C-র লভ্যাংশ $= 414 \times \frac{5}{12+6+5} = 414 \times \frac{5}{23} = 18 \times 5 = 90$ টাকা।

99(d):

| | গতিবেগ | সময় |
|---|---|---|
| মালগাড়ি | 100 | 4 ঘণ্টা 25 মিনিট = 265 মিনিট |
| যাত্রীবাহী গাড়ি | 125 | x মিনিট |

সময় কমবে $\frac{100}{125} = \frac{x}{265} \Rightarrow x = \frac{265\times100}{125}$

$= \frac{265\times4}{5} = 53 \times 4 = 212$ মিনিট = 3 ঘণ্টা 32 মিনিট।

∵ গতিবেগ ও সময় ব্যাস্তানুপাতিক।

100(d): মূল্যের অনুপাত = (5 টাকা) : (3 টাকা) : (1 টাকা)

সংখ্যার অনুপাত = (5 × 2) : (3 × 4) : (1 × 10)

[1 টাকায় 2টি 50 পয়সার মুদ্রা হবে এবং 4টি 25 পয়সার মুদ্রা হবে।]

= 10 : 12 :10

10 পয়সা মুদ্রার সংখ্যা $= 240 \times \frac{10}{10+12+10} = 240 \times \frac{10}{32}$

$= \frac{15\times10}{2} = 75$

*প্রস্তুত করেছেন: পুলাশ কান্তি মণ্ডল ও ডঃ শক্তিপদ নন্দ*

The Education House

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

(a) পারদ তাপশক্তির সুপরিবাহী (b) পারদ কাচের গায়ে লেগে থাকে না (c) পারদের আপেক্ষিক তাপ খুব বেশি (d) তাপমাত্রা সমানভাবে বাড়লে, পারদের আয়তন সমানভাবে বাড়তে থাকে

34. কোন যৌগটি তড়িৎ ও সমযোজী বন্ধন ধারণ করে:
(a) $CH_4$ (b) $H_2$ (c) KCN (d) NaCl

35. ম্যালেরিয়ার জীবাণুর আবিষ্কারক:
(a) ল্যামার্ক (b) জি জে মেন্ডেল (c) ডি ভ্রিস (d) রোনাল্ড রস

36. আংশিক মূল পরজীবী হল:
(a) বাঁশ গাছ (b) চন্দন গাছ (c) ছত্রাক (d) সাইকাস

37. পটাশিয়াম ফেরোসায়ানাইড-এর সঙ্গে বিক্রিয়ার কোন ধাতব আয়নটি চকোলেট রঙের অধঃক্ষেপ দেবে?
(a) $Fe^{3+}$ (b) $Zn^{2+}$ (c) $Cu^{2+}$ (d) $Al^{3+}$

38. গ্লিসারিন তরলের (প্রতিসারাঙ্ক $\mu_1$) মধ্যে একটি কাচের দণ্ড (প্রতিসারাঙ্ক $\mu_2$) ডুবিয়ে দিলে সেটিকে আর দেখতে পাওয়া যায় না। তাহলে আমরা বলতে পারি:
(a) $\mu_1 < \mu_2$ (b) $\mu_1 > \mu_2$ (c) $\mu_1 = \mu_2$ (d) এটি প্রতিসারাঙ্কের মানের ওপর নির্ভরশীল

39. নাইট্রোজেন যে বিভিন্ন অক্সাইড গঠন করে তার সংখ্যা:
(a) চার (b) পাঁচ (c) দুই (d) তিন

40. কোন মৌলিক পদার্থ উভধর্মী অক্সাইড গঠন করে?
(a) বিসমাথ (b) অ্যান্টিমনি (c) ফসফরাস (d) সোডিয়াম

41. গাঢ় অবস্থায় একটি অ্যাসিডে কপার-এর সহযোগে বাদামি বাষ্প উৎপন্ন করে না এবং লঘু অবস্থায় সিলভার নাইট্রেট-এর দ্রবণের সহযোগে দইয়ের মত সাদা অধঃক্ষেপ উৎপন্ন করে এবং এই অধঃক্ষেপে অ্যামোনিয়া দ্রবণে দ্রাব্য কিন্তু নাইট্রিক অ্যাসিড অদ্রবণীয়— অ্যাসিডটি হল:
(a) নাইট্রিক অ্যাসিড (b) হাইড্রোক্লোরিক অ্যাসিড (c) সালফিউরিক অ্যাসিড (d) ফসফোরিক অ্যাসিড

42. নীচের রাশিগুলির মধ্যে কোনটি এককবিহীন রাশি?
(a) আয়তন (b) ত্বরণ (c) গতিশক্তি (d) প্রতিসারাঙ্ক

43. রেক্টিফায়েড স্পিরিট নীচের কাদের মিশ্রণ?
(a) 95% ইথানল + 5% মিথাইল (b) 95% ইথানল + 5% জল (c) 95% ইথানল + 5% পিরিডিন (d) 100% ইথানল

44. একক যে অ্যাসিড সোনা (গোল্ড)-কে দ্রবীভূত করতে পারে তা হল:
(a) নাইট্রিক অ্যাসিড (b) হাইড্রোক্লোরিক অ্যাসিড (c) সেলেনিক অ্যাসিড (d) অম্লরাজ (অ্যাকোয়া রিজিয়া)

45. কে হাল্লাবোল নাটকটি রচনা করেন?
(a) বাদল সরকার (b) সফদর হাসমি (c) উৎপল দত্ত (d) মনোজ মিত্র

46. সংযুক্তা পাণিগ্রাহী যে ধরনের নাচের জন্য বিখ্যাত ছিলেন:
(a) মণিপুরি (b) ওডিসি (c) ভরতনাট্যম (d) কথক

47. 'ডেসডিমোনা' এই নাটকের একটি চরিত্র:
(a) দ্য টেমপেস্ট (b) রোমিও অ্যান্ড জুলিয়েট (c) কিং লিয়র (d) ওথেলো, দ্য মুর অফ ভেনিস

48. 'চারুলতা' ছবিটি কোন বিখ্যাত পরিচালকের?
(a) ঋত্বিক ঘটক (b) মৃণাল সেন (c) সত্যজিৎ রায় (d) তপন সিংহ

49. 'সাচ এ লং জার্নি' এই বইটির লেখক কে?
(a) খুশবন্ত সিং (b) সলমন রুশদি (c) অমিতাভ ঘোষ (d) রোহিন্টন মিস্ত্রি

50. বিখ্যাত ফুটবলার ক্রিস্টিয়ানো রোনাল্ডো কোন ক্লাবের সঙ্গে যুক্ত?
(a) ব্রাজিল এফ সি (b) কসমস (c) জুভেন্তাস (d) আর্জেন্টিনা XI

51. 'বার্গফ্রন্ড' কথাটি জড়িত:
(a) নদীর কার্যাবলির সঙ্গে (b) বায়ুর কার্যাবলির সঙ্গে (c) হিমবাহের কার্যাবলির সঙ্গে (d) সমুদ্রতরঙ্গের কার্যাবলির সঙ্গে

52. বালমুরলীকৃষ্ণ যে ধরনের গানে বিশিষ্ট:
(a) লোকগীতি (b) খেয়াল (c) টপ্পা (d) কর্নাটিক সংগীত

53. 'ডেঞ্জারাস'এটি কার অ্যালবাম?
(a) জন লেনন (b) পল রবসন (c) মাইকেল জ্যাকসন (d) হ্যারি বেলাফন্ট

54. বার্নার্ড শ হলেন এই নাটকটির লেখক:
(a) আমর্স অ্যান্ড দ্য ম্যান (b) ডেথ অফ এ সেলসম্যান (c) মার্ডার ইন দ্য ক্যাথেড্রাল (d) টুয়েলফথ নাইট

55. নীচের মধ্যে কোন ব্যক্তি কর্নাটক রাজ্যের লোকায়ুক্ত?
(a) জনার্দন রেড্ডি (b) রামকৃষ্ণ হেগড়ে (c) সন্তোষ রেড্ডি (d) এঁদের কোনওটিই নয়

56. উইকিলিক্সের প্রতিষ্ঠাতা কে?
(a) বারাক ওবামা (b) ডেভিড ক্যামেরন (c) জেনারেল পারভেজ মুশারফ (d) জুলিয়ান অ্যাসেঞ্জ

57. শিবকুমার শর্মা যে জন্য বিখ্যাত:
(a) সন্তুরবাদন (b) সেতারবাদন (c) সরোদবাদন (d) বাঁশিবাদন

58. 'নাথবতী অনাথবৎ' নাটকটি পরিচালনা করেছেন:
(a) শম্ভু মিত্র (b) শাঁওলি মিত্র (c) তৃপ্তি মিত্র (d) কুমার রায়

59. বিখ্যাত উপন্যাস 'প্রাইড অ্যান্ড প্রিজুডিস' কার রচনা?
(a) জর্জ এলিয়াট (b) লিও টলস্টয় (c) চার্লস ডিকেন্স (d) জেন অস্টেন

60. 'অটোবায়োগ্রাফি অফ অ্যান অ্যানোনোন ইন্ডিয়ান' বইটির লেখক:
(a) আর কে নারায়ণ (b) নীরদ চন্দ্র চৌধুরি (c) আর কে লক্ষ্মণ (d) রাজমোহন গান্ধী

61. কোন ক্রিকেটার ভারতের তৃতীয় ক্রিকেটার হিসেবে 500টি আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ খেলার গৌরব অর্জন করেছেন?
(a) মহেন্দ্র সিং ধোনি (b) বিরাট কোহলি (c) রোহিত শর্মা (d) রবিচন্দ্রন অশ্বিন

62. বিশ্বস্বাস্থ্য সংস্থা (WHO)-এর রিপোর্ট অনুযায়ী কোন দেশগুলি 2018 সালে একটি ম্যালেরিয়া রোগীবিহীন দেশ হিসেবে ঘোষিত হয়েছে?
(a) চিন, ইরান, মালয়েশিয়া, তিমোর-লেমটে এবং এল সালভাদোর (b) চিন, ইরান, মালয়েশিয়া, সিঙ্গাপুর (c) চিন, ইরান, ব্রুনেই, কম্বোডিয়া, থাইল্যান্ড (d) চিন, ইরান, মালয়েশিয়া, ব্রুনেই

63. NASA (ন্যাশনাল এরোনটিক্স অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন)-এর ত্রয়োদশ প্রশাসক হয়েছেন:
(a) মার্কয়েন মুপ্পিন (b) টম কোলে (c) মো কক্স (d) জিম ব্রাইডেনস্টাইন

64. তড়িৎ শক্তি:
(a) তড়িৎ পরিমাণ (কুলম্ব) × বিভব-পার্থক্য (ভোল্ট) (b) তড়িৎপ্রবাহ × বিভব পার্থক্য (c) (তড়িৎপ্রবাহ)$^2$ × রোধ (d) (বিভব পার্থক্য)$^2$ × সময়

65. জলের টানের জন্য যে হরমোন উদ্ভিদের স্টোমাটার বন্ধের জন্য দায়ী তা হল:
(a) অ্যাবসিসিক অ্যাসিড (b) জিব্বারেলিন (c) অক্সিন (d) সাইটোকাইনিন

66. লোহিত রক্তকণিকায় হিমোগ্লোবিনের শতকরা হার কত?
(a) 48% (b) 34% (c) 20% (d) 10%

67. আমেরিকায় গদর পার্টি কে প্রতিষ্ঠা করেন?
(a) তারকনাথ দাস (b) রামচন্দ্র (c) লালা হরদয়াল (d) এঁদের কেউই নন

68. মানুষের স্পাইনাল নার্ভের সংখ্যা কত জোড়া?
(a) 8 জোড়া (b) 12 জোড়া (c) 25 জোড়া (d) 31 জোড়া

69. ডাইবেটিস মেলিটাস আক্রান্ত ব্যক্তি যথেষ্ট পরিমাণে ক্ষরণ করতে পারে না:
(a) শর্করা (b) ইনসুলিন (c) গ্লুকাজন (d) এপিনেফ্রিন

70. নীচের কোনটি স্বভোজী নয়?
(a) মস (b) ঘাস (c) মাশরুম (d) ফার্ন

71. তরল হাইড্রোজেনের স্ফুটনাঙ্ক কত?
(a) 273° K (b) 32° F (c) 253° C (d) –253° C

72. $^{2}H$ এবং $^{16}O$ এর সমন্বয়েগঠিত ভারী জলের আণবিক ওজন:
(a) 18 (b) 20 (c) 22 (d) 24

73. একটি বস্তুর ওজন সবচেয়ে বেশি হয়:
(a) নিরক্ষরেখায় (b) উত্তর বা দক্ষিণ মেরুতে (c) পাহাড়ের চূড়ায় (d) খনির মধ্যে

74. যার ওপর ক্লোরিন চালনা করে ব্লিচিং পাউডার তৈরি হয়, তা হল:
(a) ক্যালশিয়াম কার্বনেট (b) ম্যাগনেশিয়াম কার্বনেট (c) ক্যালশিয়াম হাইড্রক্সাইড (d) ম্যাগনেশিয়াম হাইড্রক্সাইড

75. পলিপেপটাইড শৃঙ্খল হল:
(a) অ্যামিনো অ্যাসিড গ্রুপের শৃঙ্খল (b) ফসফেট গ্রুপের শৃঙ্খল (c) পলিইথিলিন গ্রুপের শৃঙ্খল (d) পলিয়েস্টার গ্রুপের শৃঙ্খল

76. 40টি সংখ্যার গড় 38। যদি এদের মধ্যে দু'টি সংখ্যা 45 ও 55 কে গণনা না করা যায়, তবে বাকি সংখ্যাগুলির গড় কত?
(a) 37.55 (b) 38.44 (c) 39.45 (d) 37.36

77. একজন যাত্রী ট্রেনে করে টেলিগ্রাফের খুঁটি গুনতে গুনতে যাচ্ছিল। টেলিগ্রাফের খুঁটিগুলি যদি 50 মিটার দূরত্বে পোঁতা হয় এবং ট্রেনটি যদি 45 কিমি/ঘণ্টা গতিবেগে যায়, তবে 4 ঘণ্টায় যাত্রীটি কতগুলি খুঁটি গুনবে?
(a) 2500 (b) 3600 (c) 3800 (d) 4200

78. একটি তেলপূর্ণ পাত্রের ওজন 9.5 কিলোগ্রাম, অর্ধ তেলপূর্ণ পাত্রের ওজন 5.5 কিলোগ্রাম। শূন্যপাত্রের ওজন কত কিলোগ্রাম?
(a) 1.5 কিলোগ্রাম (b) 2 কিলোগ্রাম (c) 2.5 কিলোগ্রাম (d) 3 কিলোগ্রাম

79. একটি ভাগ অঙ্কে ভাজ্য ভাজকের 10 গুণ, এবং ভাগশেষের 5 গুণ, ভাগশেষ 46 হলে ভাগফল কত?
(a) 8 (b) 9 (c) 11 (d) 12

80. কোন ক্ষুদ্রতম পূর্ণবর্গ সংখ্যা 16, 24, 32 দ্বারা বিভাজ্য?
(a) 378 (b) 476 (c) 576 (d) 674

81. যদি কোনও আসল 10 বছরে দ্বিগুণ হয়, তবে সুদের হার কত?
(a) 10% (b) 12% (c) 15% (d) 18%

82. এক ব্যক্তি একটি ঘড়ি বাজারদামের 20% কমে কিনে বাজারদামের 20% বেশিতে বিক্রি করলে মোট কত শতাংশ লাভ হবে?
(a) 10% (b) 20% (c) 40% (d) 50%

83. দু'টি সংখ্যার গ.সা.গু. 12 এবং তাদের অনুপাত 3 : 5 হলে, তাদের গুণফল কত?
(a) 1920 (b) 2160 (c) 1303 (d) 2241

84. 72 টাকা কিলোগ্রাম দরের কফির সঙ্গে 48 টাকা কিলোগ্রাম দরের কফি কী অনুপাতে মিশ্রিত করে 63 টাকা কিলোগ্রাম দরে বিক্রি করলে $\frac{1}{6}$ অংশ লাভ হয়:
(a) 3 : 1 (b) 1 : 3 (c) 2 : 3 (d) 3 : 2

85. একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্যের বৃদ্ধি 10% হলে, ক্ষেত্রফলের বৃদ্ধির শতকরা হার কত?
(a) 10% (b) 21% (c) 25% (d) 35%

86. 1 থেকে 361 পর্যন্ত জোড়সংখ্যার যোগফল কত?
(a) 31610 (b) 32162 (c) 32580 (d) 34210

#### উত্তর

1(a), 2(d), 3(a), 4(d), 5(b), 6(a), 7(a), 8(a), 9(d), 10(a), 11(a), 12(c), 13(a), 14(d), 15(b), 16(b), 17(b), 18(d), 19(b), 20(c), 21(a), 22(a), 23(c), 24(b), 25(b), 26(d), 27(d), 28(d), 29(a), 30(b), 31(b), 32(c), 33(c), 34(c), 35(d), 36(b), 37(a), 38(c), 39(b), 40(b), 41(b), 42(d), 43(b), 44(a), 45(b), 46(c), 47(d), 48(c), 49(d), 50(c), 51(c), 52(d), 53(c), 54(a), 55(d), 56(d), 57(a), 58(b), 59(d), 60(b), 61(a), 62(a), 63(b), 64(b), 65(a), 66(b), 67(c), 68(d), 69(b), 70(a), 71(d), 72(c), 73(b), 74(c), 75(a), 76(d), 77(b), 78(a), 79(a), 80(c), 81(a), 82(d), 83(b), 84(b), 85(b), 86(c).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

77(a): বড় সংখ্যা $= \left(\frac{24+\sqrt{2\times386-24^2}}{2}\right) = \frac{24+\sqrt{772-576}}{2} = \frac{24+14}{2} = 19$

এবং ছোট সংখ্যা $= \left(\frac{24-\sqrt{2\times386-24^2}}{2}\right) = \frac{24-\sqrt{772-576}}{2} = \frac{24-14}{2} = 5.$

78(c): 6, 10, 15 এবং 16-এর ল.সা.গু. = 240
$240 = (29 \times 8) + 8\ [29 = (8 \times 3) + 5]$
∴ নির্ণেয় সংখ্যা $= 240 \times 3 + 5 = 725.$

79(b): যোগফল = 5 × (বিয়োগফল)
$36 + y = 5(36 - y)$ বা, $6y = 180 - 36 = 144\ \therefore y = 24.$

80(c): 6, 8 এবং 9-এর ল সা গু = 72, 200 থেকে 300-এর মধ্যে 72-এর বৃহত্তম গুণিতক $= 72 \times 4 = 288$ ∴ নির্ণেয় সংখ্যা $= 288 + 5 = 293.$

81(b): একটি সংখ্যা $= 450 \times \frac{8}{8+7} = 240$

এবং অপর সংখ্যা $= 450 \times \frac{7}{8+7} = 210.$

82(a): দুধ : জল = a : b = 12 : 5, মিশ্রিত জল = x = 8 লিটার
নতুন মিশ্রণে দুধ : জল = 4 : 3 = 4 × 3 : 3 × 3 = 12 : 9 = a : c
∴ দুধের পরিমাণ $= \frac{ax}{c-b} = \frac{12\times8}{9-5} = \frac{12\times8}{4} = 24$ লিটার।

83(b): 180 টাকার 0.12% = (180 × 100) পয়সা $\times \left(\frac{12-1}{90}\right)\%$
$= \left(180\times100\times\frac{11}{90}\times\frac{1}{100}\right)$ পয়সা = 22 পয়সা

84(a): $= \left\{\frac{16\frac{2}{3}}{100+16\frac{2}{3}}\times100\right\}\% = \left\{\frac{\frac{50}{3}}{100+\frac{50}{3}}\times100\right\}\%$
$= \left\{\frac{50}{350}\times100\right\}\% = \frac{100}{7}\% = 14\frac{2}{7}\%.$

85(d): একটি সংখ্যা $= \frac{100}{(100+35)}\times27 = \frac{100}{135}\times27 = \frac{100}{5} = 20$
অপর সংখ্যা $= \frac{35}{(100+35)}\times27 = \frac{35}{135}\times27 = \frac{35}{5} = 7.$

86(b): ক্রয়মূল্য $= \left(\frac{100}{100+40}\times210\right)$ টাকা $= \left(\frac{100\times210}{140}\right)$ টাকা = 150 টাকা।

87(a): প্রকৃত লাভ $= \left\{(15+20+\frac{15\times20}{100}\right\}\% = (35+3)\% = 38\%.$

88(a): 40% লাভে দ্রব্যটির বিক্রয়মূল্য $= \frac{(515+475)(100+40)}{200}$
$= \frac{990}{200}\times140 = 99\times7 = 693$ টাকা।

89(c): দ্রব্যটির ক্রয়মূল্য $= \frac{(10+5)\times25}{5} = 15\times5 = 75$ টাকা।

90(b): B একা ওই কাজটি করে $= \frac{60\times60}{60-40} = 180$ দিনে

∴ A একা ওই কাজটি করে $= \frac{30\times180}{120-30} = 60$ দিনে।

91(b): B অবশিষ্ট কাজ করতে A-র সময় লাগবে $= \left\{40-\left(1+\frac{40}{60}\right)\times21\right\}$
$= \left\{40-\frac{5}{3}\times21\right\} = \frac{15}{3} = 5$ দিন।

92(d): দু'টি নল একসঙ্গে খুললে ভর্তি চৌবাচ্চা খালি হয় $= \frac{15\times10}{15-10} = 30$ মিনিটে।

93(a): নির্ণেয় দূরত্ব $= \frac{\frac{15}{4}\times3}{\frac{15}{4}-3}\times\frac{30}{60}$ কিমি $= \frac{45}{4}\times\frac{4}{3}\times\frac{30}{60} = \frac{15}{2}$
$= 7\frac{1}{2}$ কিমি।

94(a): দুধের পরিমাণ $= 25\times\frac{2}{12-2} = 5$ লিটার।

95(c): জোড় সংখ্যাগুলির গড় $= \frac{42+2}{2} = \frac{44}{2} = 22.$

96(b): নির্ণেয় সময় $= \frac{6}{6+1}\times28 = 24$ মিনিট।

97(c): সেকেন্ডে গতি $= 54\times\frac{5}{18} = 15$ মিটার
∴ ট্রেনটির দৈর্ঘ্য $= (30\times15-270) = 180$ মিটার।

98(b): অনুকূলের গতিবেগ $= \left(15\div3\frac{3}{4}\right) = 4$ কিমি/ঘণ্টা

প্রতিকূলের গতিবেগ $= \left(15\div2\frac{1}{2}\right) = 2$ কিমি/ঘণ্টা

∴ স্থির জলে নৌকার গতি $= \left(\frac{4+2}{2}\right) = 3$ কিমি/ঘণ্টা।

99(c): সময়ের অনুপাত $= \frac{2}{4}:\frac{3}{5}:\frac{4}{6} = \frac{1}{2}:\frac{3}{5}:\frac{2}{3} = 15 : 18 : 20.$

100(a): সময় $= \frac{87\times100}{725\times4} = 3$ বছরে।

*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

The Education House

# এনার্জি এফিশিয়েন্সি সার্ভিসেসে ২১১

ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, অফিসার-সহ বিভিন্ন পদে ২১১ জনকে নেবে এনার্জি এফিশিয়েন্সি সার্ভিসেস। এটি কেন্দ্রীয় সরকারের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: EESL/0320/17.

শূন্যপদের বিবরণ: ইঞ্জিনিয়ার (টেকনিক্যাল): ১০৫টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৮, আর্থিকভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে স্নাতক, সঙ্গে পাওয়ার সেক্টর বা এনার্জি এফিশিয়েন্সি বা সোলার এনার্জি বা ইলেক্ট্রিক্যাল অ্যাপ্লায়েন্সেস ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মার্কেটিং বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ প্রার্থীদের অগ্রাধিকার। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (টেকনি-ক্যাল): ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে স্নাতক অথবা ডিপ্লোমা। ডিপ্লোমাধারীদের সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (টেকনিক্যাল): ৩টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে স্নাতক, সঙ্গে পাওয়ার সেক্টর বা এনার্জি এফিশিয়েন্সি বা সোলার এনার্জি বা ইলেক্ট্রিক্যাল অ্যাপ্লায়েন্সেস ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মার্কেটিং বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ প্রার্থীদের অগ্রাধিকার। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

অফিসার (ফিনান্স): ১০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: সি এ বা আই সি ডব্লু এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট অফিসার (ফিনান্স): ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: এম কম। বয়স: ১-১১-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

অফিসার (হিউম্যান রিসোর্স): ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সাইকোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আইনে স্নাতক বা লেবার ল-এ স্নাতকোত্তর ডিপ্লোমা অথবা এস এ পি সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

ইঞ্জিনিয়ার (আই টি): ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা আই টিতে বি ই বা বি টেক অথবা এম সি এ অথবা সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন টেকনোলজিতে মাস্টার অব সায়েন্স কোর্স পাশ। সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এম বি এ অথবা প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ, এম এস পি, এস সি জে পি বা কোনও নেটওয়ার্কিং-সম্পর্কিত বিষয়ে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট অফিসার (কন্ট্রাক্টস): ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেটেরিয়াল ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১১-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (পাবলিক রিলেশনস): ৩টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে জার্নালিজম বা পাবলিক রিলেশনস বা মাস কমিউনিকেশনে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

অফিসার (পাবলিক রিলেশনস): ৩টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে জার্নালিজম বা পাবলিক রিলেশনস বা মাস কমিউনিকেশনে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট (জেনারেল): ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। মূল বেতন: ২১,৫০০ টাকা।

ডেটা এন্ট্রি অপারেটর: ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে এম এস অফিসের ব্যবহার জানা থাকা চাই। সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। মূল বেতন: ২০,৫০০ টাকা।

সব ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষা নেওয়া হবে দেশের বিভিন্ন বড় শহরে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://eeslindia.org দরখাস্ত করা যাবে ১ নভেম্বর থেকে ৩০ নভেম্বর পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় অ্যাপ্লিকেশন সিকোয়েন্স নম্বর (ইউজার আই ডি) এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা) এবং কালো কালিতে করা সই আপলোড করতে হবে। উভয়েরই সাইজ হতে হবে ১০০ কেবি-র মধ্যে। তিন সপ্তাহের বেশি পুরনো ফটো চলবে না।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (ও বি সিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড এবং নেট ব্যাঙ্কিংয়ের বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া পেমেন্ট অ্যাকনলেজমেন্ট স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০২২) ৬৮২০২৭০৫ (সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত)।

# ইন্ডিয়ান অয়েলে ১৩১

## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

১৩১ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের মার্কেটিং ডিভিশন। ওয়েস্টার্ন রিজিয়নের চারটি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলে অ্যাকাউন্ট্যান্ট/টেকনিশিয়ান/ট্রেড অ্যাপ্রেন্টিস শাখায় ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: IOCL/MKTG/WR/APPR./2019-20 (1st cycle).

রাজ্য অনুসারে আসন— গুজরাত: ৮১টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১২, ও বি সি ২১, আর্থিকভাবে অনগ্রসর ৮)। মধ্য প্রদেশ: ৩৫টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ৩)। ছত্তিশগড়: ৫টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১)। গোয়া: ৭টি (সাধারণ ৬, ও বি সি ১)। দাদরা ও নগর হাভেলি: ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)।

মোট আসনের মধ্যে ৫টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: অ্যাকাউন্ট্যান্ট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে নির্দিষ্ট শাখায় ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা।

ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে নির্দিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ।

বয়স: ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৬ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের পাঁচ কপি রঙিন ফটো, কালো কালির সই, জন্মতারিখের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্র ও কাস্ট সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

# মুর্শিদাবাদে সরকারি স্বাস্থ্যপ্রকল্পে চাকরি

ল্যাব টেকনিশিয়ান, টেকনিক্যাল সুপারভাইজার, ডেটা ম্যানেজার-সহ বিভিন্ন পদে ১৯ জনকে নেবে মুর্শিদাবাদের চিফ মেডিক্যাল অফিসার অব হেলথের অফিস। চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল হেলথ মিশন ও ডিস্ট্রিক্ট এইডস প্রিভেনশন কন্ট্রোল ইউনিটের প্রকল্পে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CM/MSD/DAPCU/2019/8081.

শূন্যপদের বিন্যাস: আই সি টি সি ল্যাব টেকনিশিয়ান: ৮টি, ল্যাব টেকনিশিয়ান (ব্লাড ব্যাঙ্ক): ২টি, ল্যাব টেকনিশিয়ান (ব্লাড কম্পোনেন্ট সেপারেশন ইউনিট): ১টি, টেকনিক্যাল সুপারভাইজার (ব্লাড কম্পোনেন্ট সেপারেশন ইউনিট): ১টি, টেকনিক্যাল সুপারভাইজার (ব্লাড ব্যাঙ্ক): ২টি, কাউন্সেলর (ব্লাড ব্যাঙ্ক): ১টি, ল্যাব টেকনিশিয়ান (ব্লাড ব্যাঙ্ক, এন এইচ এম): ১টি, মেডিক্যাল অফিসার: ১টি, ডেটা ম্যানেজার: ১টি, এ এন এম: ১টি।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.murshidabad.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মাধ্যমে ১৩ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডে ১৪৫ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

১৪৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কর্নাটকের কারওয়ারের ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ড। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ অনুসারে এক এবং দু'বছরের ট্রেনিং দেওয়া হবে বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

ট্রেড অনুসারে আসনের বিন্যাস— শিপরাইট (উড): ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। ইলেক্ট্রিশিয়ান: ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। ইলেক্ট্রনিক্স মেকানিক: ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। ফিটার: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি মেইন্টেন্যান্স: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। ইনস্ট্রুমেন্ট মেকানিক: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। মেশিনিস্ট: ২টি (সাধারণ)। মেরিন ইঞ্জিন ফিটার: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। বিল্ডিং মেইন্টেন্যান্স টেকনিশিয়ান: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। মেকানিক ডিজেল: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। মেকানিক মোটর ভেহিক্যাল: ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। মেকানিক রেফ্রিজারেটর অ্যান্ড এ সি: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। পেইন্টার (জেনারেল): ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। পাইপ ফিটার: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। টার্নার: ৩টি টেলর (জেনারেল): ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। টার্নার: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। শিট মেটাল ওয়ার্কার: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। রিগার: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিপরাইট স্টিল: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)।

ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। শুধু রিগার এবং শিপরাইট স্টিল ট্রেডের ক্ষেত্রে ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি কর্তৃক স্বীকৃত আই টি আই সার্টিফিকেট। শিপরাইট (উড) ট্রেডের ক্ষেত্রে কার্পেন্টার, বিল্ডিং মেইন্টেন্যান্স টেকনিশিয়ানের ক্ষেত্রে ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাক্টর), পাইপ ফিটারের ক্ষেত্রে প্লাম্বার, টেলরের ক্ষেত্রে সিউয়িং টেকনোলজি বা ড্রেস মেকিং, শিপরাইট স্টিলের ক্ষেত্রে ফিটার, ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি মেইন্টেন্যান্স ট্রেডের ক্ষেত্রে ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক্স সিস্টেম মেইন্টেন্যান্স ট্রেডে আই টি আই সার্টিফিকেট থাকলেও চলবে। ইনফরমেশন টেকনোলজি বিষয়ে এবং রিপেয়ার অ্যান্ড মেইন্টেন্যান্স অব হার্ডওয়্যার অব কম্পিউটার অ্যান্ড পেরিফেরালসে ব্রড বেসড বেসিক ট্রেনিং নেওয়া থাকলেও আবেদন করা যাবে। রিগারের ক্ষেত্রে ক্লাস এইট পাশ করে থাকতে হবে। ফিটার ট্রেডে সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার।

বয়স: ১-৪-২০২০ তারিখে ১৪ থেকে ২১ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন।

দৈহিক মাপজোক: উচ্চতা পুরুষদের ক্ষেত্রে ১৫০ সেমি। শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে বুকের ছাতি অন্তত ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন অন্তত্পক্ষে ৪৫ কেজি হতে হবে। দৃষ্টিশক্তি: ৬/৬ থেকে ৬/৯ (চশমা-সহ ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য)।

স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ৯,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা বা ট্রেড টেস্টের মাধ্যমে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, বয়সের প্রমাণপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্র ও সই আপলোড করতে হবে। আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

### প্রিন্ট আউটের সঙ্গে দেবেন

✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের নকল।
✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট।

১ ডিসেম্বরের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড ডাকে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: The Officer-in-Charge, Dockyard Apprentice School, NSRY, Naval Base PO, Karwar, Karnataka-581 308.

# কোচবিহারে টেকনোলজি ম্যানেজার

অ্যাসিস্ট্যান্ট টেকনোলজি ম্যানেজার এবং ব্লক টেকনোলজি ম্যানেজার পদে ৬ জনকে নেবে কোচবিহারের এগ্রিকালচারাল টেকনোলজি ম্যানেজমেন্ট এজেন্সি। প্রাথমিকভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.atmacoochbehar.org দরখাস্তের শেষ তারিখ ৪ নভেম্বর। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর অ্যাকনলেজমেন্ট স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ অ্যাকনলেজমেন্ট স্লিপের প্রিন্ট আউট ৮ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

বিজ্ঞপ্তি নম্বর 8(3)/2018 অনুসারে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত মেডিক্যাল টেকনোলজিস্ট (গ্রেড-থ্রি) পদে নিয়োগের পরীক্ষা ৪ ও ২২ নভেম্বরের পরিবর্তে নেওয়া হবে ২৫ ও ২৬ নভেম্বর। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: https://www.pscwbonline.gov.in

The Education House

KARMAKSHETRA Vol 40 No. 14 Kolkata Wednesday 30 OCTOBER 2019 /16 Member, INDIAN NEWSPAPER SOCIETY R. N. 37120/80

## কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারে

# কয়েকশো অফিসার, অ্যাসিস্ট্যান্ট ও ক্লার্ক

*প্রথম পাতার পর*

অব রেলওয়ে), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (এয়ারফোর্স হেডকোয়ার্টার্স), বিবিধ মন্ত্রক, দপ্তর ও প্রতিষ্ঠানে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাসিস্ট্যান্ট/সেকশন অফিসার, সুপারিন্টেন্ডেন্ট, ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডিরেক্ট ট্যাক্সেস), ইনস্পেক্টর-সেন্ট্রাল এক্সাইজ (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), ইনস্পেক্টর-প্রিভেন্টিভ অফিসার (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), ইনস্পেক্টর-এক্সামিনার (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার (ডিরেক্টরেট অব এনফোর্সমেন্ট), ইনস্পেক্টর-পোস্টস (ডিপার্টমেন্ট অব পোস্টস), ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), সাব-ইনস্পেক্টর (ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি), জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন), স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-টু (রেজিস্ট্রার জেনারেল অব ইন্ডিয়া)। গ্রুপ 'সি'— অডিটর (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), অডিটর (কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স অ্যাকাউন্টসের অধীনস্থ অফিসে), অন্যান্য মন্ত্রক ও দপ্তরে অডিটর, অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিস-সহ), অ্যাকাউন্ট্যান্ট/জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট, সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট/আপার ডিভিশন ক্লার্ক (সি এস সি এস ক্যাডার ব্যতীত কেন্দ্রীয় সরকারি বিবিধ মন্ত্রক ও অফিসে), ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস), ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), সাব ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), আপার ডিভিশন ক্লার্ক (মিনিস্ট্রি অব ডিফেন্সের অধীনস্থ বর্ডার রোড অর্গানাইজেশনের ডিরেক্টোরেট জেনারেলের অফিসে)।

দৈহিক প্রতিবন্ধীরা অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (আই বি), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার, ইনস্পেক্টর (পোস্টস), সাব-ইনস্পেক্টর (সি বি আই এবং এন আই এ), সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স) এবং আপার ডিভিশন ক্লার্ক (বর্ডার রোড অর্গানাইজেশন) পদে বিবেচিত হবেন না। আপার ডিভিশন ক্লার্ক (বর্ডার রোড অর্গানাইজেশন) পদের ক্ষেত্রে শুধু পুরুষরা আবেদন করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার এবং অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে স্নাতক। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি যোগ্যতা থাকলে অগ্রাধিকার: চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট, কোম্পানি সেক্রেটারি, এম কম, বিজনেস স্টাডিজে স্নাতকোত্তর ডিগ্রি, এম বি এ (ফিনান্স), বিজনেস ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি।

জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে যে-কোনও বিষয়ে স্নাতক। উচ্চমাধ্যমিকে অঙ্কে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে অথবা স্নাতকে অন্যতম বিষয় হিসেবে স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে।

স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-টু পদের ক্ষেত্রে যে-কোনও বিষয়ে স্নাতক, স্নাতকে অন্যতম বিষয় হিসেবে স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে।

অন্যান্য সবক'টি পদের ক্ষেত্রে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট।

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, এয়ারফোর্স হেডকোয়ার্টার্স এবং মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স) এবং অ্যাসিস্ট্যান্ট (সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিস), অ্যাসিস্ট্যান্ট (মিনিস্ট্রি অব মাইনস), ইনস্পেক্টর (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস) পদের ক্ষেত্রে অতিরিক্ত কম্পিউটারের দক্ষতা থাকতে হবে।

ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে ১ জানুয়ারির মধ্যে ফাইনাল রেজাল্ট হাতে পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-১-২০২০ তারিখে গ্রুপ 'সি' পদগুলির ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে, বাকি পদগুলির ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে। গ্রুপ 'বি' ক্যাটেগরির অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার, বিভিন্ন দপ্তরের অ্যাসিস্ট্যান্ট ও সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশনের সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে।

বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ (তফসিলি প্রতিবন্ধীরা ১৫, ও বি সি প্রতিবন্ধীরা ১৩) বছরের ছাড় পাবেন। গ্রুপ 'সি' পদগুলির ক্ষেত্রে বিধবা, আইনত স্বামীবিচ্ছিন্ন ও বিবাহবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে ৩৫ বছর (তফসিলিদের ক্ষেত্রে ৪০ বছর) বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে: উচ্চতা ১৫৭.৫ সেমি, বুকের ছাতি ৫ সেমি ফুলিয়ে অন্তত ৮১ সেমি। তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫২ সেমি। ওজন ৪৮ কেজি। তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীরা উচ্চতা এবং ওজনে যথাক্রমে ২.৫ সেমি ও ২ কেজি ছাড় পাবেন।

সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি। উভয় ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে উচ্চতা: ১৭০ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি। উভয় ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

**দৃষ্টিশক্তি:** সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর এবং ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে চশমা ছাড়া বা চশমা-সহ দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে এক চোখে ০.৬ এবং অন্য চোখে ০.৮।

**বেতনক্রম:** গ্রুপ 'বি'-র অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার এবং অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা, ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট, সাব-ইনস্পেক্টর (এন আই এ), জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার, স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-টু এবং বিভিন্ন মন্ত্রক, দপ্তর ও প্রতিষ্ঠানে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট পদের ক্ষেত্রে ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা, গ্রুপ-'বি'-এর বাকি পদের ক্ষেত্রে ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। গ্রুপ 'সি'-র অডিটর, অ্যাকাউন্ট্যান্ট এবং অ্যাকাউন্ট্যান্ট/জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৯,২০০-৯২,৩০০ টাকা। গ্রুপ 'সি'-র বাকি পদগুলির ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা।

পরীক্ষা হবে পশ্চিমবঙ্গের এইসব কেন্দ্রে (ব্র্যাকেটে সেন্টার কোড নম্বর): কলকাতা (৪৪১০), হুগলি (৪৪১৮), শিলিগুড়ি (৪৪১৫)।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১)-এ প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ কম্প্রিহেনশন। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময় ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-২)-এ অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ এবিলিটি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন, জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার এবং স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-টু পদের ক্ষেত্রে সেইসঙ্গে স্ট্যাটিস্টিক্স এবং অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসারের ক্ষেত্রে অতিরিক্ত জেনারেল স্টাডিজ (ফিনান্স ও ইকনমিক্স)। প্রতিটি পেপারে নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

টিয়ার-৩ খাতায়-কলমে পরীক্ষা। পরীক্ষায় থাকবে ইংরেজিতে এসে রাইটিং, প্রেসি রাইটিং, লেটার রাইটিং, অ্যাপ্লিকেশন রাইটিং ইত্যাদি। মোট নম্বর ১০০। সময় ১ ঘণ্টা।

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল এক্সাইজ অ্যান্ড ইনকাম ট্যাক্স) পদের ক্ষেত্রে ডেটা এন্ট্রি স্পিড টেস্ট হবে। প্রার্থীর ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, এয়ারফোর্স হেডকোয়ার্টার্স এবং মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স), অ্যাসিস্ট্যান্ট (সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিস), অ্যাসিস্ট্যান্ট (মিনিস্ট্রি অব মাইনস), ইনস্পেক্টর (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস) পদের ক্ষেত্রে নেওয়া হবে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট।

ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষা হবে। ছেলেদের ক্ষেত্রে থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার হাঁটা, ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং। মহিলাদের ক্ষেত্রে থাকবে ২০ মিনিটে ১ কিলোমিটার হাঁটা, ২৫ মিনিটে ৩ কিলোমিটার সাইক্লিং।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২৫ নভেম্বর পর্যন্ত অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্তের সময় রেজিস্ট্রেশন আই ডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। চালানের মাধ্যমে নগদে ফি জমা দিতে পারেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। অথবা অনলাইনে এস বি আই নেট ব্যাঙ্কিং বা ভীম ইউ পি আই বা ভিসা বা মাস্টার কার্ড বা মায়েস্ট্রো বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৭ নভেম্বর। চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ২৯ নভেম্বর পর্যন্ত। সে ক্ষেত্রে চালান ডাউনলোড করতে হবে ২৭ নভেম্বরের মধ্যে। অনলাইনে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটে চাকরি

সরকারি প্রকল্প রূপায়ণে ৫ জন কর্মী নেবে কলকাতার ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট। চুক্তিতে নিয়োগ হবে স্যাম্পলিং অ্যান্ড অফিশিয়াল স্ট্যাটিস্টিক্স ইউনিটে। প্রার্থী বাছাই হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১ নভেম্বর, কলকাতায়। চাকরির মেয়াদ ২০২০-র ৩১ মার্চ পর্যন্ত।

শিক্ষাগত যোগ্যতা: স্ট্যাটিস্টিক্স বা ইকনমিক্স বা ইকনোমেট্রিক্সে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কম্পিউটার সায়েন্সে বি টেক অথবা এম সি এ। বয়স: ১-১০-২০১৯ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। মহিলা ও সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতন: প্রতি মাসে ২০,০০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PU/507/ADV/756.

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি ও প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যায়িত নকল-সহ আবেদন করবেন। ওয়াক-ইন-ইন্টারভিউয়ে মূল নথিও সঙ্গে নিয়ে যাবেন।

জীবনপঞ্জির বয়ান-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.isical.ac.in

# আর্মি নেভি এয়ারফোর্সে কয়েকশো অফিসার

*প্রথম পাতার পর*

চোখে ৬/১৮। মায়োপিয়া মাইনাস ৩.৫ ডি-র বেশি হলে চলবে না। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে। এয়ারফোর্সের ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। শুধুমাত্র হাইপারমেট্রোপিয়ার ক্ষেত্রে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। চশমা থাকলে আবেদন করা যাবে না। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে। নেভির ক্ষেত্রে চশমা ছাড়া দৃষ্টিশক্তি হতে হবে উভয় চোখে ৬/১২, চশমা-সহ ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। মায়োপিয়া মাইনাস ১.৫-এর বেশি হলে চলবে না। মেয়েদের ক্ষেত্রে দৃষ্টিশক্তি: ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬, চশমা থাকলে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮। মায়োপিয়া মাইনাস ৫.৫ ডি-র বেশি হলে চলবে না। সব ক্ষেত্রেই লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। কোনওরকম দৈহিক ত্রুটি এই কাজের প্রতিকূল।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে লিখিত পরীক্ষা হয় এই তিন বিষয়ে: ইংলিশ, জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির পরীক্ষা হয় শুধু ইংলিশ ও জেনারেল নলেজ বিষয়ে। সব ক্ষেত্রেই প্রতি পেপারে ১০০ নম্বর। সময় ২ ঘণ্টা করে। প্রশ্ন হয় অবজেক্টিভ টাইপের। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকে। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে থাকবে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের উপর মাধ্যমিক মানের প্রশ্ন। লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে ২০০) নম্বরের ইন্টেলিজেন্স অ্যান্ড পার্সোন্যালিটি টেস্ট। এটি দু'পর্যায়ে হয়। প্রথম পর্যায়ে থাকে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট ও পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজিক্যাল টেস্ট ও কনফারেন্স। গোটা প্রক্রিয়া মোট ৪ দিন ধরে চলে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ৩০ অক্টোবর থেকে ১৯ নভেম্বর পর্যন্ত।

এখনও এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়নি। আগ্রহী পাঠকদের প্রস্তুতির সুবিধার জন্য আগাম এই নিয়োগের খবর জানানো হল। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in






স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in